CALCUTTA UNIVERSITY
CENTRAL LIBRARY

গ্রন্থাগার

১২৮৮

ত্রৈমাসিক পত্র

দ্বিতীয় খণ্ড
১৩৫৯

আমাদের কথা
দুটি আন্তর্জাতিক গ্রন্থাগার
বিশেষ গ্রন্থাগারের সমস্যা ও বৈশিষ্ট্য
রবীন্দ্র-রচনাবলীর বর্ণানুক্রমিক সূচী
আমেরিকার জাতীয় গ্রন্থাগার
চামড়ায় বাঁধান বই-এর সংরক্ষণ
দেশবিদেশের গ্রন্থাগার
গ্রন্থসমালোচনা-সার-সংগ্রহ
আধুনিক শিক্ষা-পদ্ধতিতে গ্রন্থাগারের অংশ
সাময়িকপত্র রচনা সূচী

BENGAL LIBRARY ASSOCIATION
বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

গ্রন্থাগার

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের মুখপত্র

২য় খণ্ড ১৩৫৯ সন

সম্পাদক

শ্রীপ্রমীলচন্দ্র বসু

সহ-সম্পাদক

মনোজ নিয়োগী

কামাখ্যাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

গ্রন্থাগারের নিয়মাবলী

১। গ্রন্থাগার ত্রৈমাসিক পত্র। বৎসরে চারিবার—কার্তিক, মাঘ, বৈশাখ ও শ্রাবণ মাসে প্রকাশিত হয়। কার্তিক হইতে বর্ষগণনা হয়।

২। গ্রন্থাগারের বার্ষিক মূল্য অগ্রিম সডাক ৩৲ তিন টাকা, প্রতি খণ্ডের মূল্য ১৲ এক টাকা। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের বর্ত্তমান সভ্যগণ পত্রিকা বিনা মূল্যে পাইবেন।

৩। সমালোচনার জন্য পুস্তক ও পত্রিকার জন্য সংবাদ ও প্রবন্ধাদি কাগজের এক পৃষ্ঠায় লিখিয়া সম্পাদক শ্রীপ্রমীলচন্দ্র বসুর নামে 'সুরধাম', বসুনগর, মহামগ্রাম পোঃ জেলা ২৪ পরগণা, এই ঠিকানায় পাঠাইতে হইবে। অমনোনীত রচনা ডাক টিকিট ও ঠিকানাযুক্ত খামে দেওয়া থাকিলে ফেরত দেওয়া হয়।

৪। পত্রে ও মণি অর্ডার কুপনে সর্ব্বদা গ্রাহক নম্বর উল্লেখ করিবেন, নতুবা সকল সময় উত্তর দেওয়া সম্ভব হইবে না।

৫। বিজ্ঞাপনের হার ও পত্রিকা সম্বন্ধে অন্যান্য জ্ঞাতব্য বিষয়ের সংবাদ পত্রিকা প্রকাশক শ্রীসুরেশচন্দ্র দাস, ১১৯ ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা—১৩ এই ঠিকানা হইতে জানা যাইবে এবং পত্রিকা সম্পর্কিত টাকাকড়িও প্রকাশকের নামে পাঠাইতে হইবে।

৬। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের (Bengal Library Association) সভ্য হইবার নিয়মাবলী ও আবেদনপত্র পরিষদের সম্পাদক, কেন্দ্রীয় গ্রন্থাগার, কলিকাতা বিশ্ববিদ্যালয়, আশুতোষ বিল্ডিং, কলিকাতা—১২ এই ঠিকানা হইতে পাওয়া যাইবে।

'গ্রন্থাগার' কার্য্যালয়
১১৯, ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা—১৩

শ্রীঅনাথবন্ধু দত্ত
'গ্রন্থাগার' পত্রিকা সচিব ও
সম্পাদক, বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

প্রিয়জনের উপহারে 'জেনারেলে'র বই

অমলেন্দু দাশগুপ্তের
ডেটিনিউ

বহু প্রত্যাশিত ২য় সংস্করণ এতদিনে বাহির হইল। বিপ্লবী তরুণদের কারাকাহিনী ;— দেশ ও জাতির মুক্তি-কামনা যাহাদের অপরাধ এবং পুরস্কার নির্বিচার কারাভোগ। মূল্য ২৲

কমল দাশগুপ্তের
পরিচিতা

বহুপরিচিত এবং সর্ব্বজনপ্রিয় গানের সংগ্রহ। কথা রচনা করিয়াছেন শ্রীপ্রণব রায়, স্বরলিপি শ্রীনিতাই ঘটকের এবং সুর সংযোজনা করিয়াছেন বাংলার তথা ভারতের জনপ্রিয় সুরশিল্পী শ্রীকমল দাশগুপ্ত মূল্য ৩৲

কাজী আবদুল ওদুদের
কবিগুরু গ্যেটে প্রথম খণ্ড ৫৲ দ্বিতীয় খণ্ড ৪৲

বিভূতিভূষণ মুখোপাধ্যায়
স্বর্গাদপি গরীয়সী তিন খণ্ডে (প্রতি খণ্ড) ৪৲, হৈমন্তী ৩৲, নীলাঙ্গুরীয় (৪র্থ সং) ৩৲, (২য় সং) ১৷৷০, বর্ষায় (২য় সং) ৩৲, বিশেষ রজনী ২৲, বসন্তে (২য় সং) ৩৲, শারদীয়া (২য় সং) ৩৲, বরযাত্রী (৫ম সং) ২৷৷০, চৈতালী ৩৲, আগামীপ্রভাত ৩৲, ক্ষণ-অন্তঃপুরিকা ২৲ বাসর ২৷৷০ দৈনন্দিন ২৷৷০

সরোজকুমার রায়চৌধুরী
মনের গহনে (২য় সং) ২৲, বসন্ত রজনী ২৲, শৃঙ্খল (৩য় সং) ২৷৷০, ঘরের ঠিকানা (২য় সং) ২৷৷০, শতাব্দীর অভিশাপ (২য় সং) ২৷৷০, ক্ষুধা ২৷৷০ হালদার সাহেব ২৲ কালো ঘোড়া ৩৲ বন্ধনী (২য় সং) ২৲

প্রমথনাথ বিশী
গল্পের মতো ১৷৷০, গালি ও গল্প ১৷৷০ রবীন্দ্রকাব্যনির্ঝর ৩৲ কোপবতী (২য়ঃ) ৩৲

পরিমল গোস্বামী
মহামন্বন্তর (২য় মুদ্রণ) ৩৲, ট্রামের সেই লোকটি (২য় সং) ২৲, ঘুঘু (২য় সং) ২৲, ব্ল্যাক মার্কেট ২৲, দুষ্মন্তের বিচার (২য় সং) ১৷০

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
টমাস বাটার আত্মজীবনী ৪৲

শ্রীমতী আশালতা সিংহ
সমর্পণ ১৷৷০, ভুলের ফসল ২৲

শ্রীমতী রাণী রায়
প্রেম ৩৲

রেণু মিত্র এম-এ
রবীন্দ্রনাথের ঘরে বাইরে ২৲

নন্দগোপাল সেনগুপ্ত
সমাজ ও যৌন সমস্যা ২৲, পায়ে চলার পথ ৩৲, অভিনায়ক রবীন্দ্রনাথ ২৷৷০ প্রাথমিক শিক্ষা ২৷৷০

মোহিতলাল মজুমদার
আধুনিক বাংলা সাহিত্য (৩য় সং) ৫৲ বিস্মরণী (৩য় সং) ৪৲
ছন্দ-চতুর্দ্দশী ৩৲ বাংলার নবযুগ ৪৲
রূপকথা (২য় সং) ১৲

— সুবীর শিশু গ্রন্থমালা —
ছেলেদের আরণ্যক ৩৲ বসন্তের রাণী ৷৷০ শিবাজী মহারাজ ১৲

জেনারেল প্রিন্টার্স য়্যান্ড পাব্লিশার্স • লিমিটেড • ১১৯, ধর্ম্মতলা ষ্ট্রীট • কলিকাতা •

হিন্দু ফ্যামিলি এন্নুয়িটি ফাণ্ড লিঃ

—হিন্দু ফ্যামিলি বিল্ডিংস্—

সি-১৩, মিশন রো এক্সটেনশন, কলিকাতা।

ফোন—সি টি : ৩৪২৯

মহামান্য পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কর্তৃক প্রতিষ্ঠিত বাংলার প্রাচীনতম সমবায় বীমা প্রতিষ্ঠান। ইহা কাহারও ব্যক্তিগত সম্পত্তি বা পুঁজিদারী প্রতিষ্ঠান নহে, পলিসিহোল্ডারগণই এই কোম্পানীর মালিক। এই কোম্পানীর যাবতীয় অর্থ ভারত সরকারের তহবিলে (রিজার্ভ ব্যাঙ্কে) সুরক্ষিত আছে। সরকারী কর্মচারিগণ তাঁহাদের বেতন হইতে এই ফাণ্ডে প্রিমিয়াম দিবার ব্যবস্থা করিতে পারেন। এই কোম্পানীর ভিত্তি এক্ষণে অত্যন্ত দৃঢ়। বাঙ্গালীমাত্রেই আমিরা গর্ব অনুভব করিবেন যে ভারতীয় বীমা ক্ষেত্রে (স্থায়িত্ব ও খ্যাতি সম্বন্ধে) ইহা প্রথম শ্রেণীর স্থান অধিকার করিতে সমর্থ হইয়াছে। সামাজিক কল্যাণে বাঙ্গালী জাতির ইহা একটি জাতীয় অর্থনৈতিক সম্পদ। আপনারা সকলে এই ফাণ্ডে যোগদান করিয়া পণ্ডিত বিদ্যাসাগর মহাশয়ের নাম চিরস্মরণীয় করুন, ইহাই আমাদের কাম্য।

সুবিধাজনক সর্তে সন্তোষ

এজেণ্ট আবশ্যক।

সম্পাদক—শ্রীকামাইলাল ভুঁইয়া,

এম, এস-সি, এ, আই, এ (লণ্ডন)

সূচী

আমাদের কথা	১
দুটি আন্তর্জাতিক গ্রন্থাগার	৩
বিশেষ গ্রন্থাগারের সমস্যা ও বৈশিষ্ট্য ...	৫
রবীন্দ্র রচনাবলীর বর্ণানুক্রমিক সূচী	১৩
আমেরিকার জাতীয় গ্রন্থাগার	১৭
চামড়ায় বাঁধান বই-এর সংরক্ষণ	২১
দেশবিদেশের গ্রন্থাগার	২২
গ্রন্থসমালোচনা]সার সংগ্রহ	২৬
আধুনিক শিক্ষা-পদ্ধতিতে গ্রন্থাগারের অংশ	৩২
সাময়িকপত্র রচনা সূচী	৩৪
গ্রন্থাগারিক-সংবাদ	৪৫
বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের প্রতিষ্ঠান সভ্যের সংবাদ	৪৭
বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের সংবাদ	৪৮

7563
০০৪।৫
৫২
১৩৫৯

গ্রন্থাগার

আমাদের কথা

'গ্রন্থাগার' পত্রিকা প্রকাশের জন্য পূর্ব ও পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের নানাস্থান হইতে যে সকল শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপক বাণী প্রেরিত হইয়াছে তাহার জন্য 'গ্রন্থাগারের' মারফৎ সংশ্লিষ্ট সকলকে আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। জনসমাজের সেবাই 'গ্রন্থাগারের' আদর্শ। সে কারণ জনপ্রতিষ্ঠান ও জনসাধারণের স্বতঃস্ফূর্ত অভিনন্দন 'গ্রন্থাগারে'র কর্মীদের মনে নিঃসংশয়ে উৎসাহ সঞ্চার করিয়াছে।

কিছুদিন পূর্বে কলিকাতার একখানি বিখ্যাত বাংলা সংবাদপত্রে কলেজ গ্রন্থাগারের সুব্যবস্থার অভাবের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া জনৈক ভদ্রলোক এক পত্র প্রেরণ করেন এবং ঐ সংবাদপত্রের সম্পাদকীয় স্তম্ভে এ সম্বন্ধে বিস্তৃত আলোচনাও হয়। এ বিষয়ে শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে কিনা আমাদের জানা নাই। গ্রন্থাগারকে কলেজের এক অতি প্রয়োজনীয় ও অপরিহার্য অঙ্গ বলিয়া স্বীকার করা ব্যতীত অধিকাংশ ক্ষেত্রেই ঐ স্বীকৃতিকে উপযুক্ত মর্যাদা দিবার চেষ্টা করা হইতেছে বলিয়া দেখা যায় না। ইহা নিতান্ত পরিতাপের বিষয় সন্দেহ নাই। শিক্ষায়তন সংশ্লিষ্ট গ্রন্থাগারসমূহের তত্ত্বাবধানের জন্য একজন গ্রন্থাগার-তত্ত্বাবধায়ক নিয়োগের যে প্রস্তাব উত্থাপিত হইয়াছে তাহা সর্বতোভাবে সমর্থনীয়। শিক্ষায়তনের গ্রন্থাগারসমূহ একই ধারা ও পদ্ধতিতে পরিচালিত হইলে এবং উহাদের পরস্পরের মধ্যে যোগসূত্র স্থাপন করা সম্ভব হইলে গ্রন্থাগারসমূহ এবং উহাদের কর্মী ও পাঠক সকলেরই উপকার হইবে ইহা সহজেই অনুমেয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কলেজসমূহ পরিদর্শন ও তত্ত্বাবধানের জন্য বিশ্ববিদ্যালয়ের যেমন একজন কলেজ পরিদর্শক আছেন, শিক্ষায়তন সংশ্লিষ্ট গ্রন্থাগারসমূহের তত্ত্বাবধান ও সুব্যবস্থা এবং তাহাদের মধ্যে সমন্বয় সাধনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক সেরূপ একজন গ্রন্থাগার-তত্ত্বাবধায়ক নিয়োগ করা সঙ্গত ও প্রয়োজন। অর্থাভাবে বিশ্ববিদ্যালয় এ বিষয়ে অগ্রণী হইতে না পারিলে রাজ্য সরকারের তহবিল হইতে এজন্য বিশ্ববিদ্যালয়কে অর্থ সাহায্য করা একান্ত আবশ্যক। এ বিষয়ে আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং পশ্চিমবঙ্গ রাজ্যসরকার উভয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শিক্ষা ও সংস্কৃতির বিস্তারের পথ যত প্রশস্ত হয় ততই দেশের পক্ষে মঙ্গল ইহা সকলেই স্বীকার করিবেন। পক্ষান্তরে উহার সঙ্কোচসাধন কখনই কাম্য নহে। আমাদের দেশের ন্যায় দরিদ্র দেশের পক্ষে পুস্তক ও পত্রিকাদির উপর বিক্রয় কর ধার্য করার ফল শিক্ষা ও সংস্কৃতির অগ্রগতির পক্ষে কখনই শুভ হইতে পারে না। ইহা বিবেচনা করিয়া রাজ্য সরকার এ বিষয়ে যথাকর্তব্য ব্যবস্থা অবলম্বন করিবেন ইহাই বাঞ্ছনীয়। এ বিষয়ে জনমত তাঁহাদের অজানা নাই। কাজেই রাজ্য সরকার জনমতের অনুকূলে পুস্তকাদির উপর বিক্রয় কর ধার্য করিবার প্রথা শীঘ্র উঠাইয়া লইবেন বলিয়াই আমরা আশা করি।

* * *

কিছুদিন পূর্বে হুগলী জেলার বাঁশবেড়িয়াতে 'মুনীন্দ্রদেব' স্মৃতিসভার অনুষ্ঠান হইয়া গিয়াছে। একসময় ছিল যখন বাংলাদেশে গ্রন্থাগার আন্দোলন বলিতে কুমার মুনীন্দ্রদেব রায়মহাশয় এবং কুমার মুনীন্দ্রদেব রায়মহাশয় বলিতে গ্রন্থাগার আন্দোলন বুঝাইত। অনিশ্চিত এবং হতাশাব্যঞ্জক পরিস্থিতির মধ্যে গ্রন্থাগার আন্দোলনের দায়িত্ব গ্রহণ করিতে মুনীন্দ্র দেব কোনদিনই পশ্চাৎপদ হন নাই। এদেশের গ্রন্থাগার আন্দোলনকে বিদেশে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করিবার উদ্দেশ্যে বৃদ্ধ বয়সেও তিনি ইউরোপের বিভিন্ন দেশ একাকী পরিভ্রমণ করিবার ক্লেশ সানন্দে স্বীকার করিয়া লইয়াছিলেন। গ্রন্থাগারের উন্নতি ও গ্রন্থাগার আন্দোলন পোষণের নিমিত্ত বঙ্গীয় আইন পরিষদের সদস্য হিসাবে ঐ পরিষদে তাঁহার কার্যকলাপ সর্বজনবিদিত ছিল। প্রধানতঃ তাঁহারই প্রচেষ্টায় বাংলা দেশের স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানসমূহের পক্ষে গ্রন্থাগার সম্পর্কে অর্থ মঞ্জুর করিবার অধিকার আইনদ্বারা স্বীকৃত হয়। গ্রন্থাগার আন্দোলন সম্পর্কীয় কর্মসূত্রে তাঁহার সহিত আমাদের পরিচয় ক্রমক্রমে অকৃত্রিম মধুর ঘনিষ্ঠতায় পরিণত হইয়াছিল এবং তাঁহাকে 'মানুষের মত মানুষ' হিসাবে জানিবার সুযোগ আমাদের হইয়াছিল। তিনি আজ জীবিত থাকিলে গ্রন্থাগার পত্রিকা প্রকাশের জন্য তাঁহার অপেক্ষা অধিকতর সুখী কেহ হইতেন না। গ্রন্থাগার আন্দোলনের কর্মী ও বন্ধু বান্ধবদের পক্ষ হইতে আমরা পরলোকগত রায় মহাশয়ের উদ্দেশ্যে আমাদের গভীর শ্রদ্ধা জ্ঞাপন করিতেছি।

গ্রন্থাগারের বর্তমান সংখ্যা প্রকাশের প্রস্তুতি বহুদিন পূর্বে সমাপ্ত হইলেও আমাদের আয়ত্তাতীত কোন অনিবার্য কারণে ইহা প্রকাশে বিলম্ব হওয়ায় আমরা দুঃখিত।

দুটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের গ্রন্থাগার

অধ্যাপক শ্রীবিনয়েন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

জেনেভা (Geneva) সহরে পুরাতন লীগ অব্ নেশনস্-এর বাড়ীতে ইউনাইটেড্ নেশনস্ বা সম্মিলিত জাতিপুঞ্জের ইউরোপীয় অফিস। কিন্তু এই প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট গ্রন্থাগার নিউইয়র্কে, জাতিপুঞ্জের কেন্দ্রীয় কার্যালয়ে, পাঠান যাইবে না। রকফেলার তহবিল হইতে যে সর্তে এই গ্রন্থাগারের জন্য টাকা দেওয়া হয়, তাহাতে বলা আছে যে এই গ্রন্থাগার জেনেভায় থাকিবে এবং সকল আন্তর্জাতিক প্রতিষ্ঠানের ও জ্ঞানপিপাসুর কাজে ব্যবহৃত হইবে। সম্মিলিত জাতিপুঞ্জের যে পাঁচ বৎসরের পুরাণো গ্রন্থাগার নিউ ইয়র্কে আছে তাহার তুলনায় এই ২৪ বৎসরের প্রাচীন সংগ্রহ অনেক বেশী মূল্যবান। দ্বিতীয় মহাযুদ্ধের সময়ও এই লাইব্রেরীতে ৯ জন কর্মী নিয়োজিত ছিল, তত্ত্বাবধানের জন্য এবং পুস্তক-পুস্তিকার লেন-দেনের জন্য।

বর্তমান পুস্তক সংখ্যা ৩৮০,০০০। সর্বাপেক্ষা উল্লেখযোগ্য হচ্ছে সকল দেশের শাসন সংক্রান্ত ও আন্তর্জাতিক ও ব্যবহারিক আইনের গ্রন্থসংগ্রহ; ইহা ভিন্ন বহু সরকারী রিপোর্ট, লীগ ও ইউনাইটেড নেশনস্-এর কাগজপত্র ও প্রায় ২৮০০ পত্রিকার সংগ্রহ গবেষকের পুলকের কারণ। রুশিয়ার জার (Czar)-এর গ্রন্থাগারের অনেকগুলি বই আছে, কেনা হইয়াছে। কি বাঁধাই!

অর্থশাস্ত্র, সমাজতত্ত্ব, রাজনৈতিক, আইন-ঘটিত, সাধারণ তথ্য, ও পুস্তক-ঘরের বিভিন্ন ঘর। চতুর্দিকের পরিবেশ শান্ত, দূরে পর্বতশ্রেণী (সুন্দর পরিষ্কার দিনে বিখ্যাত মঁ ব্লাঁর শীর্ষদেশও দেখা যায়) ও পাশে হ্রদ;—অবশ্য মাত্র একটি ঘরে ধূমপানের অনুমতি আছে। একটি ঘরে কাঁচের ফ্রেমে বহু প্রাচীন গ্রন্থের প্রদর্শনী; ঘরটি লীগের আমলের স্মৃতিমণ্ডিত; আগা খাঁ প্রদত্ত দুটি হাতীর দাঁত ও আবিসিনিয়ার হাইলে সেলাসী প্রদত্ত কালো বরাহ দন্তের কলমদানী এক কোণায়; ছবিগুলির মধ্যে শ্রীনিবাস শাস্ত্রীর ছবিও ছিল।

প্রতি মাসে একটি ছাপা পুস্তিকায় বিভিন্ন প্রবন্ধের চুম্বক এঁরা প্রকাশ করেন: ভারতীয় পত্রিকা বেশী না আসায় চুম্বকে উল্লেখ কম। বই ও প্রবন্ধ-পত্রিকা পাইলে হয়তো উল্লেখযোগ্য মনে করিলে প্রচারিত হয়। আমার কয়েকটি পুস্তক দু জায়গায় দেখিয়া তৃপ্তি পাই। অবশ্য, বিহুক সাহিত্য বা কবিতা পুস্তকে এদের আগ্রহ নাই।

গ্রন্থাগারে অবাধ গতি: ১৫ দিন পর্য্যন্ত বই দখলে রাখা যায়। বই পড়ার পর টেবিলের উপর রাখিয়া যাইতে হইবে, যাহাতে গ্রন্থাগারের কর্মীরা ঠিক জায়গায় রাখে। ফটো ও মাইক্রোফিল্মের ব্যবস্থা আছে।

আন্তর্জাতিক শ্রম-প্রতিষ্ঠানের গ্রন্থাগার

এই গ্রন্থাগারের সংগ্রহ ৩৫০,০০০ (নানা পুস্তিকা-সহ)। কিন্তু, মুখ্যত : এই বইগুলি প্রতিষ্ঠানের গবেষক ও কর্মচারীদের জন্য। অনুমতি লইয়া অবশ্য বাহিরের পাঠকও পাঠ করিতে পারেন : যদিও তাহার সংখ্যা খুব কম মনে হইল। শ্রম-প্রতিষ্ঠান ১৯১৯ সালে প্রতিষ্ঠিত হইবার পূর্ব্বেও ঐরূপ একটি প্রতিষ্ঠান ছিল, বাল (Basle) শহরে। উহার বইগুলি লইয়া গ্রন্থাগার শুরু হয়। বর্তমান সংগ্রহের দুই তৃতীয়াংশ সরকারী পুঁথি ও কাগজ যা প্রতি রাষ্ট্রকে পাঠাইতে হয় : গেজেটের সংখ্যাই কত। তা ছাড়া এই গ্রন্থাগারের দৈনিক ও মাসিক পুস্তক ও প্রবন্ধ নির্ঘণ্ট যাঁহারা মূল্যবান মনে করেন তাঁহারা বদলে বই ও পত্রিকা পাঠান। এদের ক্রয়ের টাকা কম ও মোট সংগ্রহের ১/৫ অংশ বোধ হয় কেনা।

যুদ্ধের সময় প্রতিষ্ঠান (ILO) ক্যানাডার মন্টরীলে (Montreal) যায় : এখানকার গ্রন্থাগার কুলুপ বন্ধ থাকে : সেখানে নতুন গ্রন্থসংগ্রহ শুরু হয়। ১৯৪৬ সালে আবার জেনেভায় লাইব্রেরী খোলে—তবে এখনও মন্টরীলে কিছু কাগজপত্র আছে—আনা হয় নাই।

বইয়ের ক্যাটালগ পদ্ধতি ডিউই (Dewey)-র ব্যবস্থার ব্রসেলস্ (Brussels)-এলার : অর্থাৎ অনেক ছোট ছোট বিভাগ।

এই দুই প্রতিষ্ঠানেরই দিল্লীতে অফিস আছে এবং আমাদের দেশের গ্রন্থাগারগুলি বিনামূল্যে বহু পুস্তক পুস্তিকা ও প্রচারপত্র ও প্রাচীরপত্র চাহিলে পাইতে পারেন। সোজা এখানকার গ্রন্থাগারিককে লিখিলেও গ্রন্থাগার বিভাগের পুস্তিকা এবং প্রবন্ধ ও পুস্তক নির্ঘণ্ট পাওয়া যায়, যদি পরিবর্তে কোনও পত্রিকা পাঠান যায়। আসলে কিন্তু, পুস্তিকা দিবার দায়িত্ব Public Information Department-এর এই প্রতিষ্ঠানদের।

'বিশেষ-গ্রন্থাগারের' সমস্যা ও বৈশিষ্ট্য

কেশব ভট্টাচার্য্য

(গ্রন্থাগারিক, ইন্‌স্টিট্যুট্ অব্ নিউক্লিয়ার ফিজিক্স, কলিকাতা)

আধুনিক কবিতার সঙ্গে আমাদের দেশের গ্রন্থাগারিকতার একদিক দিয়ে মিল আছে। আধুনিক কবিতা যেমন কবি গোষ্ঠীর মধ্যেই সীমাবদ্ধ, গ্রন্থাগার সম্পর্কে উৎসাহ, উদ্দীপনা ও আলোচনাও তেমনি পেশাদার গ্রন্থাগারিকদের ও কয়েকজন দৃষ্টিমেয় শিক্ষাবিদের সংকীর্ণ গণ্ডী ছাড়িয়ে আজ অবধি বৃহত্তর জনসাধারণকে স্পর্শ করে নি। এ সম্পর্কে শুধু জনসাধারণ কেন, এদেশের বিদ্বৎসমাজের প্রতিক্রিয়াও খুব আশাপ্রদ নয়। গ্রন্থাগারের সাধারণ প্রয়োজন ও মূল্য সম্পর্কেই যেখানে এমনি গভীর অনীহা, সেখানে 'বিশেষ গ্রন্থাগার' (Special Library) নিয়ে আলোচনা প্রথম দৃষ্টিতে নিরর্থক মনে হ'তে পারে। কাজেই গোড়াতেই এ প্রবন্ধের সাফাই হিসেবে একটি কথা বলা দরকার : এ প্রবন্ধ প্রধানতঃ পেশাদার গ্রন্থাগারিকদের মনে রেখে লেখা। সমাজে পেশাদার গ্রন্থাগারিকদের যদি কোনো প্রয়োজন থাকে, তাহ'লে বিশেষ গ্রন্থাগার নিয়ে আলোচনারও নিঃসন্দেহে প্রয়োজন আছে। কারণ আমাদের দেশের শিক্ষিত পেশাদার গ্রন্থাগারিকদের ভেতর শতকরা ৮০ ভাগের ওপর কোনো না কোনো বিশেষ গ্রন্থাগারে নিযুক্ত আছেন। এঁদের ভিতর অনেকেই হাতে কলমে কাজ করতে গিয়ে দেখেছেন যে, তাঁদের দৈনন্দিন যে সব বিভিন্ন সমস্যার সম্মুখীন হ'তে হয় তার সমাধান পাঠ্যপুস্তকের ভিতর প্রায়ই মেলে না ; এমন কি যে সব বই বিশেষ গ্রন্থাগার নিয়ে লেখা হ'য়েছে ব'লে দাবী করা হয় তাতেও প্রায়ই সুরাহা মেলে না। গ্রন্থাগারিকতা সম্পর্কে যে সাধারণ জ্ঞান বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা ক্লাশে দেওয়া হয় তা বিশেষ প্রয়োজনীয় হ'লেও, যথেষ্ট নয়। বিদেশী বইগুলিতে অনেক সময়ে যে সব নিদানের কথা লেখা থাকে, তা আমাদের দেশে অনেকাংশে খাটে না, অন্ততঃ বর্তমান অবস্থায় তো নয়ই। কাজেই এদেশের বাস্তব পরিপ্রেক্ষিতে, এদেশের গ্রন্থাগারিকদের নিজস্ব অভিজ্ঞতার ভিত্তিতে এ নিয়ে আলোচনা হওয়া দরকার। অথচ আশ্চর্য্যের বিষয়, বেশীর ভাগ গ্রন্থাগারিকই 'বিশেষ গ্রন্থাগারিক' হওয়া সত্ত্বেও এ নিয়ে আজ অবধি উল্লেখযোগ্য কোনো আলোচনা করেছেন ব'লে মনে হয় না।

এ প্রবন্ধে 'বিশেষ-গ্রন্থাগার' বলতে সেই সব গ্রন্থাগারকে বোঝান হ'য়েছে যার বিশেষত্ব গ্রন্থাগারের গ্রন্থের বিষয় বস্তুর মধ্যেই মূলতঃ নিহিত : বিভিন্ন ধরণের বৈজ্ঞানিক ও টেকনিকাল গ্রন্থাগার, বাণিজ্যিক ও সৈন্যিক গ্রন্থাগার প্রভৃতি। ছোটদের গ্রন্থাগার, হাসপাতাল ও মুকবধিরদের গ্রন্থাগার—এসবও একধরনের 'বিশেষ-গ্রন্থাগার' সন্দেহ নেই, কিন্তু বর্তমান আলোচনায় এদের বাদ দেওয়া হ'য়েছে।

একটি গ্রন্থাগারের কাজকে প্রধানতঃ যে কটি ভাগে ভাগ করা যায়, তার প্রত্যেকটির

ভিতরেই 'বিশেষ-গ্রন্থাগার' তার বৈশিষ্ট্যের ছাপ রেখে যায়। প্রত্যেক গ্রন্থাগারিকই জানেন যে এই কাজগুলিকে মোটামোটি নিম্নলিখিত ভাবে ভাগ করা চলে : (১) পুস্তক-নির্বাচন (২) নির্বাচিত পুস্তকের অর্ডার প্রদান (৩) Accessioning (৪) কোনো একটি সুনির্বাচিত বর্গীকরণ প্রণালী অনুযায়ী বইয়ের শ্রেণীবিভাগ (৫) Cataloguing বা গ্রন্থালেখ্য প্রণয়ন (৬) বইগুলিকে পাঠকদের ব্যবহারোপযোগী করার জন্য করণীয় কর্তব্যগুলি সাধন : যথা—date label, book label, book pocket প্রভৃতি বইয়ে লাগান (৭) গ্রন্থাগার পরিচালন (৮) পাঠকদের প্রশ্নের উত্তরদান ও অন্যান্য সাহায্য প্রদান (Information Service & Reference work) (৯) বিবিধ

এদের প্রত্যেকটি সম্পর্কেই বেশ কিছু বলার আছে, কিন্তু স্থানাভাবহেতু বিশেষ প্রয়োজনীয় অংশগুলি নিয়েই আমরা আলোচনা করব এবং বাকীগুলি সম্পর্কে আভাস দিয়েই ক্ষান্ত হব।

(১) **পুস্তক-নির্বাচন :** পশ্চিমের দেশগুলিতে সেখানকার অনেক সুপ্রসিদ্ধ প্রকাশক নিয়মিত কয়েকটি প্রামাণিক বই প্রকাশ করে 'সাধারণ গ্রন্থাগারের' গ্রন্থনির্বাচনের কাজ অনেক সহজ ক'রে দিয়েছেন। কিন্তু 'সাধারণ-গ্রন্থাগারিকতার' ক্ষেত্রে এদের প্রচেষ্টা ও উৎসাহ যতদূর দেখা গেছে, বিজ্ঞানের বা ফলিত বিজ্ঞানের ক্ষেত্রে তার আংশিক প্রচেষ্টাও দেখা যায় নি। ফলে 'বিশেষ-গ্রন্থাগারিকের' হাতে Book-Review Digest-এর মতো কোনো বই নেই। এর ফলে বিশেষ-গ্রন্থাগারিকের পক্ষে নিয়মিত কয়েকখানি প্রামাণিক পত্রিকা ও তাদের পুস্তক পরিচয়ের 'কলম' পড়া অবশ্য প্রয়োজনীয় হ'য়ে পড়ে। আপাত-দৃষ্টিতে একাজ সহজ মনে হ'লেও, গ্রন্থাগারিকের পক্ষে অন্য দশ পাঁচটা কর্তব্য বজায় রেখেও নিয়মিত এটা চালিয়ে যাওয়া খুব সহজ নয়।

নিজস্ব অভিজ্ঞতা থেকে বলা যেতে পারে যে, বিভিন্ন প্রসিদ্ধ পুস্তকব্যবসায়ীর আধুনিক পুস্তক তালিকা ও প্রচারপত্র ছাড়াও একটি সাধারণ বিজ্ঞান গ্রন্থাগারের গ্রন্থাগারিকের অন্ততঃ ৮।১০ খানা কাগজ নিয়মিত পড়া দরকার : উদাহরণ স্বরূপ এখানে কয়েকখানার নাম করা যেতে পারে, যেমন : ইংলণ্ডে—Nature, Endeavour, আমেরিকায় Science, American Scientist, Science News Letter, Journal of the Franklin Institute ; ফ্রান্সে—La Nature, Les Atomes, LaScience et La Vie ইত্যাদি।

এ ছাড়া যদি বিজ্ঞানের কোন বিশেষ শাখায় সেই প্রতিষ্ঠানের গবেষণার কাজ হয় তা হ'লে তো তালিকা আরও ভারি হবে। এখানে কেউ হয়ত আপত্তি করতে পারেন যে, বিজ্ঞানের বিশেষ এক শাখায় কী বই বেরোচ্ছে, কিংবা তার ভেতর কী বই কেনা উচিত তা নির্ধারণের দায়িত্ব ও যোগ্যতা সেই শাখার কর্মী ও গবেষকদের। কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যায় যে, অধিকাংশ গবেষকই তাদের কাজকর্মের ভিতর নিয়মিত ভাবে প্রত্যেকটি কাগজের প্রয়োজনীয় অংশটি পড়তে পারেন না ; তাদের কাছ

থেকে মাঝে মাঝে যে সব বইয়ের প্রস্তাব আসে, তা নেহাৎ ইতস্ততঃ বিক্ষিপ্ত। অভিজ্ঞ বইয়ের অর্ডার তৈরী করার আগে বিশেষজ্ঞদের পরামর্শ ও নির্দেশ নিতে হবেই। কিন্তু চূড়ান্ত নির্বাচনের জন্যে তাদের সামনে বিভিন্ন বইয়ের যে বিচিত্র আয়োজন সাজিয়ে হাজির করতে হবে, তার প্রধান দায়িত্ব গ্রন্থাগারিকেরই।

বাংলার ও ভারতের বিভিন্ন বিশেষ গ্রন্থাগারে যে সব গ্রন্থাগারিক আছেন, তাঁরা নিজেদের কাজের জন্যে নিশ্চয়ই বিভিন্ন বিষয়ের পত্রিকা ব্যবহার করে থাকেন; যদি প্রতিটি স্বতন্ত্র বিষয়ের অধীনে এই সব পত্রিকার নাম তালিকাবদ্ধ ক'রে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদে রাখা হয়, তা হ'লে সময় বিশেষে তা' বহু গ্রন্থাগারিকের কাজে লাগতে পারে।

বই ছাড়াও অন্যান্য বহু শ্রেণীর মুদ্রিত জিনিষ—যথা রিপোর্ট, রিপ্রিন্ট, ইত্যাদি বিশেষ গ্রন্থাগারের পক্ষে সংগ্রহ করা দরকার। অনেক সময় বইয়ের চাইতে বহু মূল্যবান তথ্য এই সব সদ্য প্রকাশিত রিপোর্টে থাকে। সাধারণতঃ এই সব রিপোর্ট নানাভাবে প্রকাশিত হ'য়ে থাকে। কোনো কোনো রিপোর্ট বিভিন্ন বিশ্ববিদ্যালয় গবেষণাগার, কিংবা বে-সরকারী বা সরকারী প্রতিষ্ঠান থেকে প্রকাশিত হয় এবং অনেক সময় এগুলি চাইলে বিনা মূল্যেই পাওয়া যায়। এজন্যে এ সব প্রতিষ্ঠানের কাছে চিঠি লিখে তাদের mailing list এ নাম register ক'রে রাখতে হয় এবং এর ফলে তাদের কাছ থেকে তালিকা নিয়মিত পাওয়া যায়। অনেক সময় এই সব রিপোর্ট সরকারী খাতে বিক্রি হয় যেমন—বহু বৈজ্ঞানিক রিপোর্ট যুক্তরাষ্ট্রে U. S. Department of Commerce এবং ইংল্যাণ্ডে H. M. Stationery Office এর মারফৎ কিনতে পাওয়া যায়। এই সব তালিকায় যে সব রিপোর্ট থাকে তা থেকে নির্বাচন করা কোনো গ্রন্থাগারিকের সাধ্যও নয় কর্তব্যও নয়। এ ক্ষেত্রে, গ্রন্থাগারিকের কর্তব্য হল, কেবলমাত্র এইসব রিপোর্টের তালিকা বিভিন্ন স্থান থেকে জোগাড় করা ও সংগৃহীত হ'লে উপযুক্ত বিভাগে বিশেষজ্ঞের কাছে পাঠিয়ে দেওয়া এবং পরে বিশেষজ্ঞ কর্তৃক চিহ্নিত রিপোর্টগুলি আনবার ব্যবস্থা করা।

(৩) **Accessioning :** গ্রন্থাগারিকতার শেখান হয় যে, যখনই কোনো বই গ্রন্থাগারে আসবে তাকে accession register এ তুলে নিতে হবে। এর চাইতে সহজ কাজ কী হ'তে পারে? আসলে হাতে কলমে কাজ করতে গেলে দেখা যাবে, কাজটি অত সহজ নয়। প্রথমেই গোল বাধবে বইয়ের সংজ্ঞা নিয়ে। 'বই' বলতে আমরা কী বুঝি? দু পৃষ্ঠার একটি রিপ্রিন্টকে কি বই বলা সঙ্গত? যদি না হয়, তা হ'লে প্রশ্ন করা অযৌক্তিক হবে না, কেন নয়? ন্যূনপক্ষে কত পৃষ্ঠা হ'লে একটি মুদ্রিত বস্তুকে 'পুস্তক' আখ্যা দেওয়া চলে? পুস্তক, পুস্তিকা ও পত্রিকা (Leaflet) এদের ভিতর কোনো গুণগত পার্থক্য আছে কিনা, যদি থাকে তো, তা বুঝবার উপায় কি? অসুবিধা আর একদিক থেকেও আছে: গ্রন্থাগারিকতার নিয়মানুযায়ী পত্রিকার বিভিন্ন সংখ্যাগুলিকে আলাদাভাবে accession register এ তোলা হয় না, বাঁধান ভল্যুমগুলিকেই কেবলমাত্র তোলা হয়। সাধারণতঃ এ নিয়ম অনুসারে কাজ করায় কোনো অসুবিধা হওয়ার কথা নয় কিন্তু অসুবিধা হয় সেই সব রিপোর্ট নিয়ে যেগুলি বিভিন্ন বিশ্ববিদ্যালয় বা গবেষণাগার

থেকে নিয়মিত প্রকাশিত হয় এবং যাতে volume number ইত্যাদি থাকে। পত্রিকার সাধারণ বিষয় পরিচয় এতে নেই, কেন না অধিকাংশ সময়েই এতে থাকে একজন বা দু'জন গবেষকের গবেষণার বিবরণী; কাজেই Volume number ইত্যাদি থাকলেও এগুলিকে পুস্তিকা বা পুস্তক ব'লে গণ্য করাই অধিকতর সঙ্গত ব'লে মনে হয়। কিন্তু পুস্তক ও পুস্তিকার সমস্যার এখনও আমরা সমাধান ক'রে উঠতে পারি নি। অনেকে প্রশ্ন করতে পারেন: পুস্তক ও পুস্তিকার ভেতরে যেহেতু নীতিগত কোনো পার্থক্য নেই সুতরাং এদের কিভাবে register এ তোলা হবে তা নিয়ে এত গোলমাল কেন? সবাইকেই একই registerএ তুলে নিতে ক্ষতি কি? একটু তলিয়ে দেখলেই বোঝা যাবে যে, ক্ষতি না থাকলেও ছোট বড় নির্বিশেষে সমস্ত মুদ্রিত বিষয়বস্তুকে accession register এ তোলায় প্রচুর অসুবিধা ও শ্রমের অপচয় ঘটার সম্ভাবনা রয়েছে। ছোট গ্রন্থাগারে এ নিয়ে সাধারণতঃ কোনো সমস্যার উদ্ভবই হয় না, কাজেই সেখানে সবাইকেই (কেবল পত্রিকা ছাড়া) এক register এ তোলা সম্ভব; কিন্তু বিশেষ গ্রন্থাগারে, যেখানে এক পৃষ্ঠা থেকে সুরু ক'রে হাজার পৃষ্ঠাযুক্ত নানাধরণের মুদ্রিত বস্তু নিয়ে কাজ করতে হয় এবং যেখানে বইয়ের সংখ্যানুপাতে এই ধরণের ছোটখাট অ-পুস্তকের সংখ্যা অনেক বেশী, সেখানে সবগুলিকেই বই ব'লে ধরে নিয়ে Accession করার যথেষ্ট অসুবিধা আছে। বই সম্পর্কে গ্রন্থাগারিকতার শাস্ত্রে বিশেষ কতকগুলি আইনকানুন আছে, যেমন—book recommendation card-এ তাদের নাম প্রস্তাব করা থেকে সুরু করে, accession register-এ নাম তোলা, তাদের শ্রেণীবিভাগ, তালিকা প্রণয়ন, পাঠকদের ব্যবহারের জন্য প্রতিটি বইকে তৈরী ক'রে রাখা। এখন দেখা যাক, এর প্রতিটি কাজে গড়পড়তা কতটুকু সময় লাগতে পারে: recommendation card এ নাম তোলা—২ মিনিট, শ্রেণীবিভাগে ধরা যাক—৫ মিনিট (যদিও প্রত্যেক গ্রন্থাগারিকই জানেন যে, ৫ মিনিটে বিশেষ গ্রন্থাগারের অধিকাংশ বইয়ের শ্রেণীবিভাগই অসম্ভব)। প্রত্যেকটি বইয়ের জন্য অন্ততপক্ষে ৩ খানা ক'রে কার্ড করা উচিত, তাতে ন্যূনপক্ষে ১৫-২০ মিনিট লাগতে বাধ্য (যদি হাতে লিখে কার্ড করতে হয়); এরপর বুক কার্ড লেখা, date label, book label ও book pocket প্রভৃতি বইয়ে লাগান—এতে ৫ মিনিট। কাজেই সর্বসমেত খুব কম ক'রেও প্রতিটি বইয়ের পেছনে ৩০ মিনিট লাগতে বাধ্য। একটি গবেষণামূলক বা টেকনিক্যাল গ্রন্থাগারে যদি দিনে বই, রিপোর্ট, রিপ্রিন্ট প্রভৃতি নিয়ে গড়ে ১০ খানা মুদ্রিত বস্তু আসে (যা মোটেই অস্বাভাবিক নয়), তা হ'লে এদের পেছনে উপরোক্ত কাজেই গ্রন্থাগারিকের ৫ ঘণ্টা সময় লেগে যাবে। অথচ এ ছাড়াও গ্রন্থাগারিকের আরও বহু কাজ আছে—যেমন, পুস্তক বিক্রেতা ও অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে চিঠিপত্র লেখা, বই নির্বাচন করা, বইয়ের অর্ডার দেওয়া, বিভিন্ন পত্রিকা পড়া, বিভাগীয় কর্তৃপক্ষের সঙ্গে নানাবিষয় আলাপ আলোচনা করা, পাঠকদের প্রশ্নের উত্তর দান, বই Issue করা ও ফেরত নেওয়া; এর ওপর গ্রন্থাগারের দৈনন্দিন পরিচালনার কাজ তো আছেই। ওপরের হিসেবের ভেতর পত্রিকার কথা ধরাই হয় নি; একটি বিশেষ গ্রন্থাগারে ৪০-৫০ খানা পত্রিকা প্রায়ই নিয়মিত ভাবে আসে; এদের তত্ত্বাবধানের জন্যও বেশ

কিছু সময় ধরে রাখতে হয়। কাজেই সমস্ত দিক বিচার করে দেখলে স্পষ্টই বোঝা যাবে যে,—বই, রিপোর্ট, রিপ্রিন্ট নির্বিশেষে সকলদিকে সমানভাবে নজর দেওয়া সম্ভব নয়, বিশেষতঃ আমাদের দেশে, যেখানে অধিকাংশ ক্ষেত্রেই একজন শিক্ষিত গ্রন্থাগারিককে একজন কিংবা বড়জোর দু'জন সহকারী নিয়ে গ্রন্থাগার চালাতে হয়, সেখানে সময়ের অপ্রাচুর্যই একটি বড় সমস্যা। সুতরাং এরকম অবস্থায় কাজ চালানোর জন্যে পুস্তকের একটা সংজ্ঞা (তা পুরোপুরি মনগড়া বা arbitrary হ'লেও) ঠিক করে নিতেই হয়; যদিও একথা পরিষ্কার করে মনে রাখা দরকার যে, পুস্তক ও পুস্তিকার কোনো বৈজ্ঞানিক সংজ্ঞা নেই বা থাকতে পারে না। কিন্তু প্রধান accession register এ এই সব ছোটখাট পুস্তিকার নাম না তুললেও, এদের জন্যে সংক্ষিপ্ত কোনো Register থাকাই দরকার; অন্ততঃ একটি কারণে: এইসব পুস্তিকার অনেকগুলিই গ্রন্থাগারকে কিনতে হয়; বার্ষিক আয় ব্যয়ের হিসেব পরীক্ষার সময় অডিটের গণ্ডগোল এড়াবার জন্যে এদের একটা Register রাখা অবশ্য প্রয়োজন; এ ছাড়া হিসেব রাখার অন্যান্য নানাবিধ সুবিধা তো আছেই। এদেশের বিভিন্ন বিশ্বের গ্রন্থাগারে পুস্তিকা সম্পর্কে কি পন্থা অনুসৃত হয় তা জানা দরকার। পাঠ্যপুস্তকে এ সম্পর্কে কোনো বিশেষ নিয়মের উল্লেখ না থাকায় বিভিন্ন গ্রন্থাগারে বিভিন্ন পন্থা অনুসৃত হওয়ার সম্ভাবনাই প্রবল। কিন্তু এ বিষয়ে একটি সুনির্দিষ্ট নিয়মের প্রয়োজন সকলেই স্বীকার করবেন।

(৪) **বর্গীকরণ ও শ্রেণীবিভাগ:** বিশেষ গ্রন্থাগারের সমস্ত কাজের ভিতর শ্রেণীনির্ধারণই সম্ভবতঃ সব চাইতে কঠিন, সব চাইতে শিক্ষাপ্রদ ও সব চাইতে চিত্তাকর্ষক কাজ। এ কাজের জন্যে বিশেষ শিক্ষার ও অনুশীলনের প্রয়োজন। বিশেষ গ্রন্থাগারিকের পক্ষে শুধু বইয়ের শ্রেণীনির্ধারণের ক্ষমতা থাকাই যথেষ্ট নয়, বর্গীকরণ প্রণালীর ওপরও তার যথেষ্ট দখল থাকা দরকার, কেন না অনেক সময়েই দেখা যায় যে, নূতন বিষয়ের ওপর লেখা বইকে প্রচলিত বর্গীকরণের কোনো শ্রেণীর ভিতরে ফেলা যায় না; সেক্ষেত্রে গ্রন্থাগারিককেই বর্গীকরণের প্রচলিত শ্রেণীর সম্প্রসারণ বা পরিবর্তন করতে হয়। বিশেষতঃ, আজকের দিনে বিজ্ঞান ও গবেষণা-গ্রন্থাগারের ক্ষেত্রে একথা বিশেষভাবে প্রযোজ্য। বিগত ১০।১৫ বৎসরের ভিতর বিজ্ঞানের বহু শাখায় বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে কিন্তু প্রচলিত বর্গীকরণগুলির কোনটির ভেতরই এর স্বীকৃতি মেলে না। অতিরিক্ত এর পেছনে অনেকগুলি অন্তর্নিহিত (inherent) অসুবিধা রয়েছে: প্রথমতঃ বিজ্ঞানের বিভিন্ন শাখায় যে দ্রুতগতিতে কাজ হ'চ্ছে তার সঙ্গে পাল্লা দিয়ে চলতে হ'লে বর্গীকরণের জন্যেও স্থায়ী কয়েকটি বিশেষজ্ঞ-সমিতি থাকা দরকার; দুর্ভাগ্যবশতঃ আজও অবধি এমন কোনো কার্যকরী সমিতি চালু হয়নি। দ্বিতীয়তঃ আমাদের দেশের বিভিন্ন গ্রন্থাগারে শিক্ষিত গ্রন্থাগারিকেরা যে প্রামাণিক বর্গীকরণ পদ্ধতিগুলি অনুসারে বইয়ের শ্রেণীবিভাগ করেন, সেগুলি সমস্তই সমগ্র জ্ঞানের ক্ষেত্রের শ্রেণীবিভাগ। বর্তমান লেখকের মতে এই ধরণের কোনো সার্বিক বর্গীকরণ (Universal Classification) এর পক্ষেই বিশেষ গ্রন্থাগারের সূক্ষ্মাতিসূক্ষ্ম শ্রেণীবিশ্লেষণের প্রয়োজন মেটান সম্পূর্ণ সম্ভব নয়। তৃতীয়তঃ,

বর্গীকরণের উদ্দেশ্য হল একটি বিষয়ের জন্যে কেবলমাত্র একটি স্থানই সুনির্দিষ্ট ক'রে দেওয়া কিন্তু বাস্তবক্ষেত্রে এ উদ্দেশ্য সাধনে অনেক বাধা আছে; প্রধান বাধা আসছে জ্ঞানের নিজস্ব প্রকৃতি থেকে—কারণ বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে সঙ্গে একদিকে যেমন বিভিন্নক্ষেত্রে চরম বিশেষজ্ঞতা (Specialisation) দেখা দিয়েছে, অন্যদিকে তেমনি জ্ঞানের বিভিন্ন-ক্ষেত্রের আন্তঃসম্বন্ধীয় সাদৃশ্য বা যোগসূত্র স্পষ্ট হ'য়ে দেখা দিচ্ছে। অনেক বইয়ের আলোচ্য বিষয় ৩।৪টি শ্রেণীর বা উপশ্রেণীর এমন অচ্ছেদ্য বন্ধনে গঠিত যে সেখানে তাকে যে কোন একটি শ্রেণীতে ফেলা দুষ্কর।

প্রচলিত বিভিন্ন বর্গীকরণের মধ্যে বিজ্ঞান গ্রন্থাগারের পক্ষে সার্বিক দশমিক-বর্গী-করণ (Universal Decimal Classification) পদ্ধতিই সর্বশ্রেষ্ঠ, যদিও বইয়ের চাইতে ডকুমেন্ট রিপোর্ট, স্বতন্ত্র প্রবন্ধ প্রভৃতির শ্রেণীবিভাগেই এর ব্যবহার সমধিক উপযোগী। কিন্তু U. D. C.-র একটি প্রধান ত্রুটি এর অপদার্থ Index-টি।

একটা অত্যন্ত ভুল ধারণা এখনও এদেশে অনেক গ্রন্থাগারিকের ভিতর, এমন কি অনেক বিশেষ গ্রন্থাগারের কর্তৃপক্ষের ভেতরও দেখতে পাওয়া যায়। এই ধারণা যতদিন টিকে থাকবে বা তদনুসারে এদেশের বিশেষ গ্রন্থাগার পরিচালিত হবে, ততদিন এদেশে বিশেষ-গ্রন্থাগারিকতার মান কিছুতেই উঁচু হবে না এবং গ্রন্থাগারিকতার পেশা সম্পর্কে শিক্ষিত বিশেষজ্ঞ মহলের ধারণা উন্নত হবে না। এই ভুল ধারণাটি হচ্ছে এই যে, একটি বুদ্ধিমান ছাত্রকের (সে যে বিষয়েরই ছাত্র হোক না কেন) গ্রন্থাগারিকতার পেশাদারি শিক্ষা থাকলে, তার পক্ষে যে কোনো গ্রন্থাগার ভালভাবে চালানো সম্ভব। এর চাইতে ভুল ও মারাত্মক ধারণা আর কিছু হ'তে পারে না। পশ্চিমের গ্রন্থাগারগুলি আজ একথা বুঝতে সুরু করেছে। তাই জার্মাণী প্রভৃতির মতো দেশে যারা বিশেষ গ্রন্থাগারের অধিনায়ক তারা শিক্ষাক্ষেত্রেও বিশ্ববিদ্যালয়ের বহু অধ্যাপকের সমকক্ষতা করতে পারেন। গ্রন্থাগারের অন্যান্য কাজ—যথা, পুস্তক-নির্বাচন, বৈজ্ঞানিক সংবাদাদি রাখা—এসব বাদ দিলেও, উপরে শ্রেণী বিভাগ সম্পর্কে যে সব কথা বলা হ'য়েছে তা থেকেও বোঝা যাবে যে, কোন বিশেষ-গ্রন্থাগারের কাজ যোগ্যতা সহকারে করতে হ'লে গ্রন্থাগারের বিষয়ের সঙ্গে গ্রন্থাগারিকের অন্তরঙ্গতা থাকা দরকার। প্রতিটি বিষয়ের খুঁটিনাটি তত্ত্ব জানা না থাক, অন্ততঃ তার মূল কাঠামোটা সম্বন্ধে ভালো ধারণা থাকা অবশ্য প্রয়োজনীয়। এটুকু জ্ঞান না থাকলে কাজের ক্ষতি হ'তে বাধ্য। যে ছাত্র জীবনে বিজ্ঞানের নাম ছাড়া আর কিছু শোনে নি; যার নিজের ছাত্রাবস্থায় পাঠ্য বিষয় ছিল হয়ত প্রাচীন ইতিহাস বা প্রত্নতত্ত্ব, তাকে কেবলমাত্র একটি ডিপ্-লিষ্ উপাধি সহ পদার্থবিদ্যার একটি বিশেষ শাখা,—যেমন Radio Physics বা Electronics এর এক গ্রন্থাগারে বসিয়ে দিলে তার অবস্থা হবে ডাঙ্গায় তোলা মাছের মতো। বর্তমানে বা ভবিষ্যতে যারা গ্রন্থাগারিকতা পেশা হিসেবে গ্রহণ করতে যাচ্ছেন তারা এই কথাটি মনে রেখে নিজেদের কয়েকটি বিশেষ বিষয়ে তৈরী করলে লাভবান হবেন।

যারা বিজ্ঞানের ছাত্র তাদের চরম আত্মতৃপ্তির অবকাশ নেই। বিজ্ঞানের ক্ষেত্র

ব্যাপক ও জটিল ; এর মধ্যে সব বিষয়েই ওয়াকিবহাল হওয়া কোনো বিজ্ঞানের ছাত্রের পক্ষেই সহজসাধ্য নয়। কিন্তু সাধারণ বিজ্ঞানের (অর্থাৎ পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা, গণিত প্রভৃতি) বনিয়াদ পাকা থাকলে সে ছাত্রের পক্ষে অনুশীলনের মারফৎ কোনো বিশেষ ক্ষেত্র সম্পর্কে জ্ঞান সঞ্চয় করা অসম্ভব হওয়ার কথা নয়। মনোযোগ, বুদ্ধিবৃত্তি ও সময়—এ তিনটিরই প্রয়োজন হয় শ্রেণীবিভাগের কাজে ; কিন্তু এর পুরস্কারও কম নয়—যে বিষয় সম্পর্কে ইতিপূর্বে হয়ত কোনো ধারণাই ছিল না, কাজের তাগিদে তারই সঙ্গে ক্রমে ক্রমে ঘনিষ্ঠ থেকে ঘনিষ্ঠতর পরিচয় ঘটতে থাকে—নূতন থেকে নূতনতর জ্ঞানের দিগন্ত ক্রমশঃ উদ্ঘাটিত হতে থাকে।

(৫) **Cataloguing বা গ্রন্থালেখ্য প্রণয়ন** ঃ এ সম্পর্কেও অনেক কিছু বলার আছে। কিন্তু স্থানাভাবে মাত্র কয়েকটি বিষয়ের উল্লেখ ক'রেই ক্ষান্ত হব। মোটামুটি তিন শ্রেণীর মুদ্রিত বিষয়কে Catalogue করতে হয় : (১) বই (২) পত্রিকা (৩) রিপোর্ট, রিপ্রিন্ট প্রভৃতি। প্রথমটি সম্পর্কে বিশেষ কিছু বলার নেই। কিন্তু পত্রিকা ও রিপোর্ট নিয়ে মাঝে মাঝে বেশ অসুবিধায় পড়তে হয়। এ বিষয় Accessioning সম্পর্কে আলোচনা প্রসঙ্গে কিছু বলা হয়েছে। যে সব রিপোর্টে পত্রিকার মতো Volume ও আলাদা Number থাকে সেগুলিকে পত্রিকার মতো Entry করার অসুবিধা হল এই যে, এতে ঐ সব রিপোর্টের বিষয়বস্তু হারিয়ে যায়, ফলে অনেক সময়েই গবেষকরা কাজের সময় এ সব রিপোর্ট খুঁজে পান না বা এগুলি তাদের কোনো কাজে লাগে না। তাই এগুলিকে স্বতন্ত্র রিপোর্ট বা বইয়ের মতো Catalogue করলে ভাল হয়। এরই সঙ্গে যে প্রতিষ্ঠান বা গবেষণাগার থেকে এগুলি বের হয়, তার অধীনে এদের একটি Series Card ও করা যেতে পারে। অনেক সময়ে দেখা যায় যে, কোনো একটি প্রসিদ্ধ প্রতিষ্ঠান থেকে একাধিক পত্রিকা প্রকাশিত হয়। এ সব ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানটিকে গ্রন্থকার ধরে নিয়ে তার নামের তলায় ঐ সব পত্রিকার উল্লেখ করা যেতে পারে ; মূলকার্ড অবিশ্যি পত্রিকার নিজের নামেই থাকবে।

(৭) **গ্রন্থাগার পরিচালন** ঃ দু' একটি কথা এ সম্পর্কে বলার আছে। অনেক বিজ্ঞান ও গবেষণামূলক গ্রন্থাগারকেই রিপোর্ট আনার জন্যে বিনিময়-পদ্ধতি (exchange system) চালু করতে হয়। এ সম্পর্কে (৩) নং-এ কিছুটা বলা হ'য়েছে। নিজেদের গবেষণাগারে প্রকাশিত রিপোর্টের তালিকা তৈরী করা ও বিভিন্ন প্রতিষ্ঠানে তাই পাঠান এবং সেই সঙ্গে ঐ সব প্রতিষ্ঠানের রিপোর্টের তালিকা থেকে প্রয়োজনীয় রিপোর্টগুলির তালিকা তৈরী ক'রে তাদের কাছে সেগুলি চেয়ে পাঠান—এর জন্যে সময় ও লোক দুইই দরকার। যদি বিনিময়ের ভিত্তিতে রিপোর্ট না পাওয়া যায় এবং তা কিনতে হয়, তাহ'লে মুদ্রা-বিনিময় জনিত হাঙ্গামা কিছুটা পোয়াতে হবেই এবং তাতে সময়ও কম লাগে না। সব চাইতে সুবিধাজনক কাজ হল—এ সব ক্ষেত্রে UNESCO-এর 'বুক কুপন' ব্যবহার করা ; একে প্রায় আন্তর্জাতিক মুদ্রার মতো ব্যবহার করা চলে। এই কুপন দিল্লীতে UNESCO এর স্থানীয় শাখা South Asia Science Co-operation office-এ কিনতে পাওয়া যায়।

(৮) শ্রেণীবিভাগের পরই আরেকটি কাজে শিক্ষিত গ্রন্থাগারিকদের তৃপ্তি ও চিন্তার খোরাক মেলে। সে হ'ল : পাঠকদের প্রশ্নের উত্তর দান ও তাদের পাঠে সাহায্য করা। কিন্তু এ কাজটি অত্যন্ত সুকৌশলে করা দরকার, সাহায্যের প্রচেষ্টা যেন সুস্পষ্ট না হয়ে ওঠে। ধরুন কোনো গবেষণা নিরত ভদ্রলোক আপনার কাছে জানতে চাইলেন : প্রসিদ্ধ আমেরিকান জীবপদার্থতাত্ত্বিক (Biophysicist) মিঃ লুফবোরোর ঠিকানা ; হয়ত তিনি তাঁর কাছে কোনো চিঠি বা তাঁর গবেষণার বিবরণী পাঠাবেন। আপনি তাঁকে যখন সবিনয়ে জানিয়ে দিলেন যে, মিঃ লুফবোরো মাত্র মাসখানেক আগে মারা গেছেন, তখন তার মুখে বেদনার সঙ্গে সঙ্গে দৃষ্টিতে একটি বিস্ময়ের ভঙ্গিও আপনি দেখতে পাবেন। বিস্ময়ের কারণ হল : সংবাদটি ঠিক আপনার কাছে শুনবার জন্য তিনি প্রস্তুত ছিলেন না। কিম্বা ধরুন, কোনো বিশেষজ্ঞ আপনার সঙ্গে কথাবার্তা বলার মাঝে জানতে পারলেন যে, অতি সম্প্রতি অনুষ্ঠিত বিদেশের একটি বিজ্ঞান সম্মেলন আপনার দৃষ্টি এড়ায় নি। অথবা, একজন গবেষক হয়ত দিনের পর দিন বেলজিয়ান এক বৈজ্ঞানিকের অতি দুরূহ এক বিষয়ের ওপর লেখা একটি প্রবন্ধ খুঁজে বেড়াচ্ছেন। এমনি সময়ে আপনি তার সামনে ঠিক সেই বহু-বাঞ্ছিত প্রবন্ধটি নিয়েই হাজির হলেন। তখন তার মুখে কৃতজ্ঞতার যে স্বল্প মৃদু হাসিটি ফুটে উঠবে, তার চেয়ে বড় পুরস্কার একজন গ্রন্থাগারিকের পক্ষে আর কী আছে ? এমনি ভাবে ধীরে ধীরে অথচ ক্রমাগত আপনার কাছ থেকে ছোট বড় নানা সাহায্য অপ্রত্যাশিতভাবে পাওয়ার ফলে আপনার সম্পর্কে, আপনার পেশা সম্পর্কে তাঁরা তাঁদের পুরোনো দিনের ধারণা বদলাতে বাধ্য হবেন। শেষে দেখবেন যে, তাঁরা আপনার কাছে নানারকম দাবী জানাতে সুরু করেছেন। এবং তাঁদের এই দাবীর মর্যাদা রক্ষা করতে গিয়ে আপনাকে সর্বদাই অনুশীলন করতে হবে, তাদের দাবী আপনাকে যোগ্যতর ক'রে তুলবে।

বিশেষ গ্রন্থাগারের সঙ্গে জড়িত আরও বহু মূল্যবান কাজ আছে, যার সম্পর্কে এ প্রবন্ধে কিছুই বলা সম্ভব হ'ল না : যেমন—মাইক্রোফিল্‌ম্ ও ফোটোস্ট্যাট কপি তৈরী করা ; মাইক্রোফিল্‌ম্ পঠন, প্রবন্ধের সংক্ষিপ্তকরণ (abstracting), নাম বা বিষয়-সূচী প্রণয়ন (indexing) ইত্যাদি।

পরিশেষে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের কাছে একটি আবেদন আছে : বর্তমানে পরিষদের অধীনে ৪টি উপ-সমিতি আছে, এর সঙ্গে "বিশেষ গ্রন্থাগারের" জন্য আর একটি সমিতি যুক্ত করা দরকার। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদকে যদি একটি জীবন্ত প্রতিষ্ঠানে পরিণত করতে হয় তা হ'লে এ কর্তব্য আর বেশীদিন অগ্রাহ্য করা অনুচিত হবে। একমাত্র বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের আওতায়ই এ সম্পর্কে সুসম্বদ্ধভাবে আলোচনা ও আন্দোলন চালানো সম্ভব। বিভিন্ন বিশেষ-গ্রন্থাগারে যে সব গ্রন্থাগারিক নিযুক্ত আছেন, মাঝে মাঝে তাঁদের সমবেত করে, বিশেষ গ্রন্থাগারের বহুমুখীন সমস্যার ওপর বক্তৃতা ও আলোচনার বন্দোবস্ত করা দরকার। এতে সকলেই লাভবান হবেন এবং গ্রন্থাগারিকতার মানও উন্নীত হবে।

বর্তমান প্রবন্ধের লেখক গ্রন্থাগারিকতার ক্ষেত্রে নূতন আগন্তুক। কিন্তু তার স্বল্প অভিজ্ঞতার ভিতরই যে সব সমস্যার সম্মুখীন তাকে হতে হ'য়েছে সম্পূর্ণ তারই

ভিত্তিতে উপরের প্রবন্ধটি লেখা। এ প্রবন্ধের উদ্দেশ্য বিশেষ-গ্রন্থাগারের প্রতি পেশাদার গ্রন্থাগারিকদের দৃষ্টি আকৃষ্ট করা। যদি এর ফলে অন্যান্য অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন গ্রন্থাগারিকেরা তাদের সমস্যার কাহিনী ব্যক্ত করেন ও সেই সঙ্গে সমাধানের ইঙ্গিত দেন তা হ'লে এ প্রবন্ধ রচনা সার্থক হবে।

রবীন্দ্র-রচনাবলীর বর্ণানুক্রমিক সূচী

বিশ্বভারতী রবীন্দ্রনাথের সমগ্র বাংলা রচনা একত্র সংগ্রহ করিয়া রবীন্দ্র-রচনাবলীর বিভিন্ন খণ্ডের প্রত্যেকটি কবিতা ও গান, নাটক ও প্রহসন, উপন্যাস ও গল্প এবং প্রবন্ধ এই চারিটি অংশে ভাগ করিয়া প্রকাশ করিতেছেন। এ-পর্যন্ত প্রচলিত রচনার ছাব্বিশ খণ্ড এবং বিদ্যালয় পাঠ্য ও অপ্রচলিত রচনার সংগ্রহ দুই খণ্ড প্রকাশিত হইয়াছে। আনুমানিক ত্রিশ খণ্ডে সমগ্র রচনাবলী সমাপ্ত হইবে বলিয়া অনুমিত হইয়াছে। রবীন্দ্রনাথের কোন রচনা রবীন্দ্র রচনাবলীর কোন খণ্ডে এবং ঐ খণ্ডের কোন অংশের অন্তর্ভুক্ত হইয়াছে তাহা সহজে নির্ণয় করিবার জন্য এ পর্যন্ত প্রকাশিত সমগ্র রবীন্দ্র-রচনাবলীর একটি বর্ণানুক্রমিক সূচী দেওয়া হইল। রবীন্দ্র সাহিত্যানুরাগীদের ইহা কাজে লাগিবে বলিয়া আশা করা যায়। বর্ণানুক্রমিক সূচীতে প্রথমে রচনা বা গ্রন্থের নাম তৎপরে রচনাবলীর কোন খণ্ডে উহা প্রকাশিত হইয়াছে তাহা সংখ্যা দ্বারা প্রকাশ করা হইয়াছে। অচলিত সংগ্রহের খণ্ড দুইটি যথাক্রমে অ ১ এবং অ ২ দ্বারা নির্দেশ করা হইয়াছে। খণ্ডের সংখ্যা নির্দেশের পূর্বে প্রতিখণ্ডের কোন অংশে ঐ রচনা বা গ্রন্থ প্রকাশিত হইয়াছে তাহা বন্ধনীর মধ্যে সংক্ষেপে এইভাবে দেখান হইয়াছে যথা :— কবিতা ও গান =(ক, গা), নাটক ও প্রহসন=(না, প্র), উপন্যাস ও গল্প=(উ, গ), প্রবন্ধ=(প্র)। রচনাবলীর মধ্যে অচলিত সংগ্রহের কোন শ্রেণী বিভাগ না থাকায় অচলিত সংগ্রহের দুই খণ্ডের অন্তর্ভুক্ত রচনাদির শ্রেণীজ্ঞাপক কোন চিহ্ন দেওয়া হয় নাই। অতঃপর রবীন্দ্রনাথের প্রতি একক রচনার শিরোনাম এবং গ্রন্থ ও গ্রন্থ-পৃচার উল্লেখ সহ একটি বর্ণানুক্রমিক সূচী প্রকাশ করা সম্ভব হইলে রবীন্দ্র-সাহিত্য রস-পিপাসুদের অশেষ উপকার হইবে বলিয়া মনে হয়।

অচলায়তন—(না, প্র) ১১
অনুবাদ চর্চা—অ ২
অরূপ রতন—(না, প্র) ১৩
আকাশ প্রদীপ—(ক, গা) ২৩
আত্মশক্তি—(প্র) ৩
আদর্শ প্রশ্ন—অ ২
আধুনিক সাহিত্য—(প্র) ৯
আরোগ্য—(ক, গা) ২৫
আলোচনা—অ ২
ইংরেজি পাঠ (১ম)—অ ২
ইংরেজি প্রতি শিক্ষা
১ম ও ২য় ভাগ—অ ২
ইংরেজি সহজশিক্ষা
১ম ও ২য় ভাগ—অ ২
ইংরেজি সোপান
উপক্রমণিকা
১ম, ২য় ও ৩য় ভাগ—অ ২
উৎসর্গ—(ক, গা) ১০
ঋণশোধ (না, প্র)—১৩
ঔপনিষদ ব্রহ্ম—অ ২
কড়ি ও কোমল (ক, গা)—২
কণিকা (ক, গা)—৬
কথা (ক, গা)—৭
কবি কাহিনী—অ ১
কর্তার ইচ্ছায় কর্ম—(প্র) ১৮
কল্পনা—(ক, গা) ৭
কাল-মৃগয়া—অ ১
কালান্তর—(প্র) ২৪
কালের যাত্রা—(না, প্র) ২২
কাহিনী—(ক, গা) ৭
কাহিনী—(না, প্র) ৫
ক্ষণিকা—(ক, গা) ৭
খাপছাড়া—(ক, গা) ২১
খেয়া—(ক, গা) ১০
গল্পগুচ্ছ—(উ, গ) ১৪-২৪
গল্পসল্প—(উ, গ) ১৬
গীতাঞ্জলি—(ক, গা) ১১
গীতালি—(ক, গা) ১১
গীতিমাল্য—(ক, গা) ১১
গুরু—(না, প্র) ১৩
গৃহপ্রবেশ—(না, প্র) ১৭
গোড়ায় গলদ—(না, প্র) ৩
গোরা—(উ, গ) ৬
ঘরে বাইরে—(উ, গ) ৮
চণ্ডালিকা—(না, প্র) ২৩
চতুরঙ্গ—(উ, গ) ৭
চার অধ্যায়—(উ, গ) ১৩
চারিত্রপূজা—(প্র) ৪
চিঠিপত্র—(প্র) ২
চিত্রা—(ক, গা) ৪
চিত্রাঙ্গদা—(না, প্র) ৩
চিরকুমার সভা (না, প্র) ১৬
চৈতালি—(ক, গা) ৫
চোখের বালি—(উ, গ) ৩
ছড়া—(ক, গা) ২৮
ছড়ার ছবি—(ক, গা) ২১
ছন্দ—(প্র) ২১
ছবি ও গান—(ক, গা) ১
ছেলেবেলা—(প্র) ২৬
জন্মদিনে—(ক, গা) ২৫
জাপান যাত্রী—(প্র) ১৯
জীবনস্মৃতি—(প্র) ১৭
ডাকঘর—(না, প্র) ১১
তপতী—(না, প্র) ২১
তাসের দেশ—(না, প্র) ২৩
তিন সঙ্গী—(উ, গ) ২৫
দুই বোন—(উ, গ) ১১
ধর্ম—(প্র) ১৩

নটরাজ—(না, প্র) ১৮
নটীর পূজা—(না, প্র) ১৮
নদী—(ক, গা) ৪
নবজাতক—(ক, গা) ২৪
নবীন—(না, প্র) ২২
নলিনী—অ ১
নৃত্যনাট্য চণ্ডালিকা—(না, প্র) ২৫
নৃত্যনাট্য চিত্রাঙ্গদা—(না, প্র) ২৪
নৈবেদ্য—(ক, গা) ৮
নৌকাডুবি—(উ, গ) ৫
পঞ্চভূত—(প্র) ২
পত্রপুট—(ক, গা) ২০
পথের সঞ্চয়—(প্র) ২৬
পরিচয়—(প্র) ১৮
পরিশেষ—(ক, গা) ১৫
পরিত্রাণ—(না, প্র) ২০
পলাতকা—(ক, গা) ১৩
পারস্যে—(প্র) ২২
পুনশ্চ—(ক, গা) ১৬
পূরবী—(ক, গা) ১৪
প্রকৃতির পরিশোধ—(না, প্র) ১
প্রজাপতির নির্বন্ধ—(উ, গ) ৪
প্রভাত সংগীত—(ক, গা) ১
প্রহাসিনী—(ক, গা) ২৩
প্রাচীন সাহিত্য—(প্র) ৫
প্রান্তিক—(ক, গা) ২২
প্রায়শ্চিত্ত—(না, প্র) ৯
ফাল্গুনী—(না, প্র) ১২
বউ-ঠাকুরাণীর হাট—(উ, গ) ১
বনফুল—অ ১
বনবাণী—(ক, গা) ১৫
বলাকা—(ক, গা) ১২
বসন্ত—(না, প্র) ১৫
বাংলা ভাষা পরিচয়—(প্র) ২৬
বাল্মীকি—(না, প্র) ১
বাল্মীকি-প্রতিভা—(না, প্র) ১
বাল্মীকি-প্রতিভা ১ম সংস্করণ—অ ১
বিচিত্র প্রবন্ধ—(প্র) ৪
বিচিত্রিতা—(ক, গা) ১১
বিদায় অভিশাপ—(না, প্র) ৪
বিবিধ প্রবন্ধ—(প্র) ৫
বিবিধ প্রসঙ্গ—অ ১
বিশ্বপরিচয়—(প্র) ২৫
বিসর্জন—(না, প্র) ২
বীথিকা—(ক, গা) ১৯
বৈকুণ্ঠের খাতা—(না, প্র) ৪
ব্যঙ্গ-কৌতুক—(না, প্র) ৭
ব্যঙ্গ-কৌতুক—(প্র) ৭
ব্রহ্মমন্ত্র—অ ২
ভগ্নহৃদয়—অ ২
ভানুসিংহ ঠাকুরের পদাবলী—
(ক, গা) ২
ভারতবর্ষ—(প্র) ৪
মন্ত্রি অভিষেক—অ ২
মহুয়া—(ক, গা) ১৫
মানসী—(ক, গা) ২
মানুষের ধর্ম—(প্র) ২০
মালঞ্চ—(উ, গ) ১২
মালিনী—(না, প্র) ৪
মায়ার খেলা—(না, প্র) ১
মুকুট—(না, প্র) ৮
মুক্তধারা—(না, প্র) ১৪
মুক্তির উপায়—(না, প্র) ২৬
যাত্রী—(প্র) ১৯
যোগাযোগ—(উ, গ) ৯
য়ুরোপ-প্রবাসীর পত্র—(প্র) ১
য়ুরোপ-যাত্রীর-ডায়রী—(প্র) ১
রক্তকরবী—(না, প্র) ১৫

রাজর্ষি—(উ, গ) ২
রাজা ও রাণী—(না, প্র) ১
রাজা ও প্রজা—(প্র) ১০
রাশিয়ার চিঠি—(প্র) ২০
রুদ্রচণ্ড—অ ১
রোগ শয্যায়—(ক, গা) ২৫
লিপিকা—(উ, গ) ২৬
লেখন—(ক, গা) ১৪
লোক সাহিত্য—(প্র) ৬
শব্দতত্ত্ব—(প্র) ১২
শান্তিনিকেতন—(প্র) ১৩-১১,
(১-৩) ১৩, (৪-১০) ১৪,
(১১-১২) ১৫, (১৩-১৭) ১৬
শাপমোচন—(না, প্র) ২২
শারদোৎসব—(না, প্র) ৭
শিক্ষা—(প্র) ১২
শিশু—(ক, গা) ৯
শিশু ভোলানাথ—(ক, গা) ১৩
শেষ বর্ষণ—(না, প্র) ১৮
শেষরক্ষা—(না, প্র) ১৯
শেষলেখা—(ক, গা) ২৬
শেষসপ্তক—(ক, গা) ১৮
শেষের কবিতা—(উ, গ) ১০
শৈশব সঙ্গীত—অ ১
শোধবোধ—(না, প্র) ১৭
শ্যামলী—(ক, গা) ২০
শ্যামা—(না, প্র) ২৫
শ্রাবণ গাথা—(না, প্র) ২৫
সংকলন শিক্ষা ২য় ভাগ—অ ২
সঞ্চয়—(প্র) ১৮
সন্ধ্যা সংগীত—(ক, গা) ১
সভ্যতার সংকট—(প্র) ২৬
সমাজ—(প্র) ১২
সমালোচনা—অ ২
সমূহ—(প্র) ১০
সহজপাঠ, ১ম ও ২য় ভাগ—অ ২
সামাই—(ক, গা) ২৪
সাহিত্য—(প্র) ৮
সাহিত্যের পথে—(প্র) ২৩
সে—(উ, গ) ২৬
সেঁজুতি—(ক, গা) ২২
সোনারতরী—(ক, গা) ৩
স্বদেশ—(প্র) ১১
স্মরণ—(ক, গা) ৮
হাস্যকৌতুক—(না, প্র) ৬

আমেরিকার জাতীয় গ্রন্থাগার

শ্রীঅনাদিবন্ধু দত্ত

১৭৮৯ সনে নিউইয়র্ক নগরে যুক্তরাষ্ট্রের কংগ্রেস সর্ব্বপ্রথম আহূত হয়। এসম্ব্রিজে প্রমুখ আটজন কংগ্রেসের সভ্যের এক প্রস্তাবের ফলে সেই বৎসরের জন্য ১০০০ ডলার ও পরবর্ত্তী প্রত্যেক বৎসরের জন্য ৫০০ ডলার হিসাবে গ্রন্থাগারের নিমিত্ত অর্থ সাহায্য মঞ্জুর হয়।

১৭৯০ সনে রাজধানী ফিলাডেলফিয়া নগরে স্থানান্তরিত হইলে ডক্টর বেঞ্জামিন ফ্রাঙ্কলিনের চেষ্টায় কংগ্রেসের সভ্যগণ ফিলাডেলফিয়া লাইব্রেরী কোম্পানী নামক এক গ্রন্থপ্রতিষ্ঠানে পুস্তক পাঠের সকল প্রকার সুবিধা পাইতেন।

১৮০০ সনে রাজধানী পোটেম্যাক্ নদীতে হঠাৎ স্থানান্তরিত হইল। ইহাই ভবিষ্যতের যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন। এখানে তখন জনা আর জঙ্গল, বই বাড়ী বা গ্রন্থাগারের নামগন্ধ ছিল না। ঐ বৎসরে এপ্রিল মাসে আইন পাশ করিয়া গ্রন্থাগারের পুস্তক ক্রয় ও গৃহনির্ম্মাণ বাবদ ৫০০০ ডলার মঞ্জুর করা হইল। সুতরাং আইন সম্মতভাবে লাইব্রেরী অব কংগ্রেস বা আমেরিকার জাতীয় গ্রন্থাগার ১৮০০ সনে জন্মগ্রহণ করিল।

সর্ব্বপ্রথম লণ্ডনের ক্যাডেল র‍্যাণ্ড ভেভিস নামক প্রতিষ্ঠানের নিকট হইতে ১৫২ জন সাহিত্যিক প্রণীত ৭৪০ খানা পুস্তক ক্রয় করা হয়। গত ১৫০ বৎসরে (১৮০০–১৯৫০) পুস্তক পুস্তিকা সংখ্যা ৭৪০ হইতে ৯০,০০,০০০ সংখ্যায় উন্নীত হইয়াছে।

১৮০০ সনের ডিসেম্বর মাসে এই জাতীয় গ্রন্থাগারের প্রথম চালানী গ্রন্থ লণ্ডন হইতে রওনা হয় এবং ১৮০১ সনে রাষ্ট্রপতি টমাস জেফারসনের নির্দ্দেশে উহা রাজধানী ওয়াশিংটনে উচ্চপরিষদের সচিবের (Clerk of the Senate) কার্য্যালয়ে—২২′ × ২৪′ পরিমিত গৃহে রাখা হয়। বর্ত্তমানে এই গ্রন্থাগারের সৌধ ১৩½ একর জমির উপর দণ্ডায়মান।

১৮০২ সনে প্রতিনিধি পরিষদের সচিব জন বেম্যন্ বেক্‌লেকে দৈনিক দুই ডলার মাহিনায় গ্রন্থাগারিকের কার্য্য চালাইবার জন্য নিযুক্ত করা হয়। বর্ত্তমানে গ্রন্থাগারিকের বার্ষিক বেতন ১৫,০০০ ডলার।

১৮১৪ সনে ইংরেজগণ যুক্তরাষ্ট্রের রাজধানী দখল করে ও জাতীয় গ্রন্থাগারটী পোড়াইয়া দেয়। ইংরেজের এই দুষ্কার্য্যের জন্য সর্ব্বপ্রথমে এই গ্রন্থাগারটী স্বদেশে ও বিদেশে পরিচিত হইয়া পড়ে। মুসলমানেরা আলেকজেন্দ্রিয়ার গ্রন্থাগার ধ্বংস করিয়া যেরূপ বর্ব্বর ও ধ্বংসকারীর কুখ্যাতি অর্জ্জন করিয়াছিল ইংরেজরাও সেইরূপ কুখ্যাতি লাভ করে। ঐ বৎসরই জাতীয় গ্রন্থাগারটীকে পুনর্গঠন করিবার জন্য টমাস জেফারসনের ৬৪৮৭ খানি গ্রন্থ সম্বলিত পুস্তকাগারটী সংগৃহীত হয় এবং এই সময় লাইব্রেরীর সনদ বা চার্টার বদলাইয়া ইহাকে 'বিশেষ' গ্রন্থাগার হইতে 'সাধারণ' গ্রন্থাগারে পরিবর্ত্তিত করা হয়।

বর্ত্তমানে এই গ্রন্থাগারের সাধারণ সংগ্রহ ব্যতীত এই সকল বিভাগও আছে, যথা—

আকাশবিদ্যা (aeronautics), ইউরোপীয় বিষয়, স্পেন সংক্রান্ত বিষয়, পাণ্ডুলিপি, মানচিত্র, সঙ্গীত, প্রাচ্যবিদ্যা, ছাপা ও ছায়াচিত্র, চলমান ছবি, দুষ্প্রাপ্য গ্রন্থ, বিজ্ঞান, নানা-প্রকারের সাময়িক পত্র, প্রান্ত সভ্যতা, সরকারী প্রকাশিত ও আইন সংক্রান্ত গ্রন্থাদি।

১৮৩৪ সনে সর্ব্বাঙ্গসুন্দর একটী গ্রন্থাগার প্রতিষ্ঠার জন্য ব্যাপক আন্দোলন হয় ও ইহার ফলে বার্ষিক ২০,০০০ ডলার ব্যয় বাবদ মঞ্জুর হয়।

প্রাচ্য দেশীয় সংগ্রহের পরিমাণ ১৮৩৬ সনে ছিল মোট ২,৪০,০০০ খানি—ইহার মধ্যে চীনাভাষার বই মাত্র ২৯খানি। বর্ত্তমানে এই সংখ্যা আরও বহুগুণ বাড়িয়া গিয়াছে।

১৮৫১ সনে চিম্‌নীর দোষে গ্রন্থাগার আবার পুড়িয়া যায়। এই অগ্নিকাণ্ডে ৩৫,০০০ খানি গ্রন্থ নষ্ট হইয়াছিল।

১৮৫২ সনে লাইব্রেরী গৃহ পুনর্নির্ম্মাণ সংস্কার প্রভৃতির জন্য ৭৫,০০০ ডলার ও পুস্তক ক্রয়ের জন্য ৫,০০০ ডলার মঞ্জুর হইল। ১৮৬৩ সনে ইহার পুস্তকের সংখ্যা ৭৯,২১৪ খানিতে পৌঁছায়। গ্রন্থাগারিককে লইয়া তখন ইহার পরিচালনার জন্য মোট সাত জন কর্ম্মচারী নিযুক্ত ছিল। পুস্তক ক্রয়, কর্ম্মচারীর মাহিনা ইত্যাদি সমস্ত খরচের বরাদ্দ ছিল বার্ষিক ২০,০০০ ডলার।

অনেকের ধারণা আমেরিকার এই জাতীয় গ্রন্থাগারে ঐ দেশে প্রকাশিত সকল গ্রন্থই আছে। প্রকৃত সত্য কিন্তু তাহা নহে। আমেরিকার অন্যান্য বিশিষ্ট গ্রন্থাগারে এরূপ বহু গ্রন্থ আছে যাহা এই জাতীয় গ্রন্থাগারে নাই। ১৮৬৫ সনে আমেরিকায় 'কপিরাইট আইন' পাশ হয়। তখন হইতেই প্রত্যেক প্রকাশক প্রকাশিত পুস্তকের দুই খণ্ড জাতীয় গ্রন্থাগারে দিতে আইনতঃ বাধ্য হয়।

ক্রমে কংগ্রেসের ক্ষুদ্র গৃহে গ্রন্থাগারের আর স্থান সংকুলান হওয়া সম্ভব হইতেছিল না। ১৮৯৫ সনে কয়েকটী ঘরের মধ্যে অতি কষ্টে ৭,৪০,০০০ বই ঠাসাঠাসি করিয়া রাখা হইত। তালিকার অভাব, পুস্তকের স্থানাভাব প্রভৃতি নানা অসুবিধার মধ্যে তদানীন্তন গ্রন্থাগারিক মিষ্টার স্পোফোর্ড অদ্ভুত ভাবে নিজের কার্য্য চালাইয়া গিয়াছেন।

১৮৯৪ সনেই কংগ্রেস গৃহের নিকটে ক্যাপিটল হিলে নূতন লাইব্রেরী গৃহে গ্রন্থাগারকে স্থানান্তরিত করিবার কার্য্য আরম্ভ হয়। পৃথিবীতে ইহাই তখন বৃহত্তম গ্রন্থাগার সৌধ। ১৮৯৭ সনে ১লা নভেম্বর নূতন স্থানে সর্ব্বসাধারণের জন্য গ্রন্থাগারটী উন্মুক্ত হয়।

লাইব্রেরী পৃথক ভবনে আসিলে চার্লস্ মার্টিন, গ্রন্থতালিকা প্রণয়ন বিভাগীয় প্রধানের সহকারীরূপে যোগদান করেন। মার্টিন গ্রন্থতালিকা প্রণয়নের যথেষ্ট উন্নতি সাধন করেন। তাঁহার যোগ্যতায়ই এতবড় গ্রন্থাগারের সংগঠন কার্য্য সুষ্ঠুভাবে হইয়াছে। এই গ্রন্থাগারের গ্রন্থের শ্রেণীবিভাগ পদ্ধতিও ডিউই পদ্ধতির ন্যায় আজ জগৎবিখ্যাত হইয়াছে।

১৮৯৯ খৃষ্টাব্দে ডক্টর পুটম্যান গ্রন্থাগারিক নিযুক্ত হন। এই সময়ে গ্রন্থাগারের পুস্তক সংখ্যা ৫৫ লক্ষ এবং বার্ষিক ব্যয়ের বরাদ্দ ৩১,৬৮০ ডলার। ডক্টর পুটম্যান বহু বৎসর ঐ পদে বিশেষ দক্ষতার সহিত কার্য্য করেন এবং অবসর গ্রহণের পর তিনি 'লাইব্রেরীয়ান এমেরিটাস্' পদবী দ্বারা সম্মানিত হন।

তাঁহারই পরিচালনায় আন্তঃগ্রন্থাগার লেন দেন কার্য্য আরম্ভ হয় ১৯০১ সনে, ছাপা গ্রন্থতালিকার কার্ডের আদান প্রদান ১৯০২ সনে, আইনগ্রন্থ বিষয়ে রেফারেন্স বিষয়ক কার্য্য ১৯০৫ সনে এবং পৃথিবীর বৃহত্তম সঙ্গীত সংগ্রহ, রক্ষণ ও উপহারের জন্য কুলীজ প্রতিষ্ঠান (foundation) ১৯২৫ সনে স্থাপিত হয়।

১৯২৭ সনে রকফেলার ফাউণ্ডেসন হইতে সম্মিলিত পুস্তক তালিকা প্রণয়নের জন্য একটা মোটা দান পাওয়া যায়। ১৯০১ সনে কংগ্রেস লাইব্রেরী এবং নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরী অবশ্য এই বিষয়ে হাত দিয়াছিল এবং একখানি গ্রন্থ তালিকা হইতে যাহাতে উভয় গ্রন্থাগারের পুস্তকের সন্ধান পাওয়া যায় তাহার ব্যবস্থা করিতেছিল। ১৯০৯ সন নাগাদ নানা গ্রন্থাগারের মধ্যে এই ইউনিয়ন ক্যাটালগ পদ্ধতি খুবই প্রসার লাভ করে। রকফেলার দান পাওয়ায় এই কার্য্যের খুবই সহায়তা হয়। বর্ত্তমানে ১,৫০,০০,০০০ কার্ডে আমেরিকার ২৫০০ লাইব্রেরীর সমস্ত বইয়েরই সন্ধান এবং আন্তঃলাইব্রেরী লেনদেন প্রথায় পুস্তক ধার পাওয়া সম্ভব হইয়াছে।

ডক্টর পুটনাম গ্রন্থাগার লাইব্রেরী নূতন নির্ম্মিত গৃহে (ইহা মূল লাইব্রেরী ভবন হইতেও বড়) সম্প্রসারিত করিয়া তাঁহার কৃতিত্ব দেখাইয়াছেন। ইহা ১৯০৯ সনে হয় এবং ঐ বৎসর তিনি অবসর গ্রহণ করেন। পুটনামের পর আর্চিবল্ড ম্যাকলিস্ এবং তৎপরে ডক্টর লুথার এইচ হ্যাজ্জ গ্রন্থাগারিক নিযুক্ত হইয়াছেন।

আমেরিকাবাসী তাহাদের জাতীয় গ্রন্থাগারকে পৃথিবীর মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ গ্রন্থাগার বলিয়া দাবী করেন। এই গ্রন্থাগারে আছে—৯০,০০,০০০ পুস্তক-পুস্তিকা, ১,২৮,০০০ বাঁধাই খরচের কাগজ, ১,১৩,২০,০০০ পাণ্ডুলিপি, ২০,০০,০০০ মানচিত্র ও প্রাকৃতিক ছবি, ৭৬,০০০ মাইক্রোফিল্ম রীল, ৮১,০০০, ছায়াচিত্রের রীল, ২০,০০,০০০ খণ্ড সঙ্গীত বিষয়ক পুস্তক-পুস্তিকা, ৩,০৫,০০০ গ্রামোফোন রেকর্ড, ২০,০০,০০০ ফটোগ্রাফের নেগেটিভ, প্রিন্ট, স্লাইড, ৪,৭৯,২৯৮ খানি সুন্দর ছাপা ছবি ৬,৬৪,৭৩২ খানি এক পৃষ্ঠায় ছাপা বই, ফটো বা পোষ্টার মোট প্রায় তিন কোটী খণ্ড। লাইব্রেরীতে ১১,৭৭,১৭,৬২৮ ডলার অর্থাৎ ৬০ কোটী টাকা ব্যয় করা হইয়াছে। লাইব্রেরী রক্ষা করার জন্য প্রত্যেক আমেরিকাবাসীর মাথাপিছু পাঁচ সেন্ট অর্থাৎ প্রায় চারি আনা খরচ পড়ে অর্থাৎ মোট খরচ প্রায় ১০,৯০,০০০ ডলার। ইহা ছাড়া গ্রাসী সম্পত্তির আয় হইতে লাইব্রেরী রক্ষণের জন্য প্রায় ২০,০০,০০০ ডলার পাওয়া যায়। ইহার দুইটা বাড়ী ১৩½ একর জমির উপর নির্ম্মিত। মেঝের পরিমান ১৫,৬৩,১৮৯ বর্গ ফুট, লোহার সেল্ফগুলির দৈর্ঘ্য ২৫০ মাইল। আরও ২০০ মাইল দীর্ঘ সেলফ তৈরি হওয়ার প্রস্তাব আছে। লাইব্রেরীর ক্যাটালগে ৮০,০০,০০০ কার্ড আছে, ইহা ১০,০০০ ট্রেতে (আধারে) সাজান এবং ইহা প্রতিবৎসরে ২,৫০,০০০ হারে বাড়িতেছে।

প্রাচ্য বিভাগ চীন, জাপান, নিকট-প্রাচ্য, হিব্রু ও দক্ষিণ এসিয়ার সংগ্রহে সমৃদ্ধ। এই বিভাগে বহু পণ্ডিত ও বিশেষজ্ঞ ব্যক্তি নিযুক্ত আছেন। এই বিভাগের সংগ্রহ বিগত শতবৎসরের চেষ্টায় এতই বাড়িয়া গিয়াছিল যে বর্ত্তমান শতাব্দীর দ্বিতীয় দশকে বহু নূতন

লোক নিযুক্ত করিয়া ইহার সুষ্ঠু পরিচালনের ব্যবস্থা আবশ্যক হইয়া পড়িয়াছিল। প্রথমে চীনা ও হিব্রু বিভাগ সংগঠন করা হয় পরে জাপানী, দক্ষিণ এশিয়া ও নিকট-প্রাচ্য বিভাগ সংগঠিত হয়।

খাস চীন ও জাপানের বাহিরে চীনা ও জাপানী পুস্তকের এরূপ সংগ্রহ আর নাই—এই উভয় ভাষার প্রত্যেকটীর ২৫০,০০০ খণ্ড পুস্তক আছে। ইস্রাইলের বাহিরে হিব্রু সংগ্রহও এখানে সর্ব্ববৃহৎ। পুস্তক ব্যতীত ভাষা সম্পর্কীয় অন্যান্য জাপানী সংগ্রহের পরিমাণ ৬,৫০,০০০। নিকট-প্রাচ্যের সংগ্রহ সবে আরম্ভ হইয়াছে। দক্ষিণ-এশিয়া সংগ্রহে রহিয়াছে ভারত, পাকিস্থান, তিব্বত, সিংহল, ব্রহ্মদেশ, থাইল্যাণ্ড (শ্যাম), ইন্দোচীন, ইন্দোনেসিয়া, মালয়, ও ফিলিপিন দেশের পুস্তকাদি। ইহাদের মধ্যে ভারতীয় সংগ্রহই বৃহত্তম, ভারত সম্বন্ধে পাশ্চাত্য ভাষায় লিখিত, ভারতীয় আধুনিক ও প্রাচীন ভাষার গ্রন্থ সমষ্টির সংখ্যা চারি লক্ষের উপর।

আমেরিকার এই জাতীয় গ্রন্থাগারের সহিত দেশে অন্যান্য ছোট বড় সকল গ্রন্থাগার জনসেবায় একই সূত্রে গ্রথিত। এই সূত্র গ্রন্থতালিকার মাধ্যমে এবং লেনদেনের সুবিধা ও সমবায়ের নীতিতে পরস্পরের মধ্যে সহযোগিতার ভিত্তিতে কার্য্যকরী হইয়াছে। যাহা এত বড় একটা জাতির মধ্যে সম্ভব হইয়াছে তাহা আন্তর্জাতিক ক্ষেত্রেও সুফল আনিতে পারে। ইতিমধ্যে জাপান ও আমেরিকার মধ্যে ডাকেট্ট ও কংগ্রেস গ্রন্থতালিকার সাহায্যে পরস্পর সহযোগিতার সূত্র আবিষ্কৃত হইয়াছে, অন্যান্য দেশেও তাহা প্রসারিত হইতে পারে। পৃথিবীর কোন দেশই আজ আর স্বীয় অভাব পূরণে স্বয়ং সম্পূর্ণ নয়। আন্তর্জাতিক সহযোগিতা ও সম্প্রীতি সকলেরই কাম্য। আমেরিকার এই জাতীয় গ্রন্থাগার এই বিশ্ব-মৈত্রীর সংগঠনে এক বৃহৎ অংশ গ্রহণ করিতেছে।

P 2964

চামড়ায় বাঁধান বইয়ের সংরক্ষণ

ডক্টর মীনেন্দ্রনাথ বসু

লাইব্রেরীতে কাঠ, তালপাতা, চামড়া, কাগজ, কাপড় ইত্যাদি বহু বস্তুর স্বাভাবিক ব্যবহার রহিয়াছে। ইহাদের ক্ষয়ও অনিবার্য। বাংলাদেশে এই সকল বস্তুর তাড়াতাড়ি ক্ষয় হইবার কারণ তাহার জলবায়ু।

লাইব্রেরীতে বড় বড় বই বাঁধান হয় চামড়া দিয়া। চামড়া অস্থায়ী বস্তু। যথা-সময়ে ইহার গুণগত পরিবর্তন অনিবার্য। চামড়ার উপযুক্ত যত্ন না লইলে এই পরিবর্তন তাড়াতাড়ি কার্যকরী হয়। চামড়া ক্ষয় হইবার কারণ সাধারণতঃ চারি প্রকার হইয়া থাকে, যেমন :—

১। আবহাওয়া—আলো ও তাপের প্রতিক্রিয়া,

২। এসিড—বিশেষ করিয়া সালফিউরাস এসিড, চামড়া আবহাওয়া হইতে সালফার-ডাই-অক্সাইড হিসাবে ইহা শোষণ করে,

৩। চামড়া তৈরী করিবার প্রণালী,

৪। চামড়ায় নানাবিধ রং-এর ব্যবহার,

চামড়া খুব যত্ন করিয়া নিয়মিত ভাবে পরিষ্কার রাখিলে ক্ষয় হইবার কারণগুলি সহজেই বন্ধ হইয়া যায়। চামড়াকে বাতাস ও গন্ধক গ্যাস হইতে দূরে রাখিতে হয়। রেড়ির তেল, ভেসিলিন অথবা ল্যানোলিন নামক রাসায়নিক মসৃণকারী দ্রব্যের সাহায্যে চামড়া পরিষ্কার রাখা যায়। 'ব্রিটীশ মিউজিয়ম লেদার ড্রেসিং সলিউসন' নামক চামড়া সংরক্ষণের এক রাসায়নিক মিশ্রণ এই কাজে খুব কার্যকরী হয়। নিম্নলিখিত রাসায়নিক উপাদানগুলি এই বিশেষ দ্রবণের প্রস্তুতকরণে আবশ্যক :—

মোম—	৭ গ্রাম
হেক্সেন—	১৭০ সি, সি
ল্যানোলিন এনহাইড্রাস—	১০০ গ্রাম
সিডার কাঠের তেল—	১৪ সি, সি

এই দ্রবণকে বিশেষ করিয়া বর্ষার প্রারম্ভে লাইব্রেরীর চামড়ায় বাঁধান বইগুলিতে একবার করিয়া প্রলেপ দিলে বাংলার আর্দ্র জলবায়ুতে বইগুলির উপর ছত্রক জন্মিতে পারে না। বাংলা দেশে বিশেষ করিয়া চৈত্র-বৈশাখ মাসে যখন তাপের ব্যতিক্রমের মাত্রা খুব বেশী রকমভাবে হ্রাস-বৃদ্ধি পায় তখন এই দ্রবণ চামড়ায় বাঁধান মলাটে লাগাইলে চামড়ায় ফাটল ধরিবার সম্ভাবনা থাকে না।

বৈজ্ঞানিক গবেষণাগারে পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে মহুয়ার তেলও এই একই কাজে উপযুক্ত ফল দেয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নৃতত্ত্ববিভাগে "মিউজিয়ম মেথড লেবরেটরিতে" শুরু পাতনে, যাহাকে ইংরাজিতে বলে Dry distillation, নিষ্কাসিত শিয়াল কাঁটার বীচির তৈলে চামড়ার সংরক্ষণ প্রণালীতে বিশেষ সুফল পাওয়া গিয়াছে।

দেশ-বিদেশের গ্রন্থাগার

সোভিয়েট রাশিয়া

রাশিয়ার গ্রন্থাগার আন্দোলনের ইতিহাস সুরু ১৭১৪ খৃষ্টাব্দ থেকে, যে-বছর বিজ্ঞান পরিষৎ গ্রন্থাগার স্থাপিত হয়। ভারতবর্ষে সিপাহী বিদ্রোহের ঠিক একবছর আগে মস্কো বিশ্ববিদ্যালয়-গ্রন্থাগারের গোড়াপত্তন হয় এবং কাজান বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারের উদ্বোধন হয় দীর্ঘদিন পরে, ১৮১৪ খৃঃ অব্দে। তারপর এক'শ বছর ধরে রাশিয়ার গ্রন্থাগার ব্যবস্থার উন্নতি হয়েছে প্রচুর, অবশ্য আমলাতন্ত্রের কড়া তত্ত্বাবধানে। ১৯০৮ সালে বরফাবৃত পিটারসবার্গ শহরে রাশিয়ার প্রথম গ্রন্থাগার পরিষদের জন্ম হ'লো এবং এরই উদ্যোগে ১৯১১ সালে একটি সর্ব-রাশিয়া গ্রন্থাগারিক সম্মেলন অনুষ্ঠিত হয়। জারের দরবার থেকে কখনো কখনো এসেছে পর্বত প্রমাণ বাধা, কিন্তু গ্রন্থাগার আন্দোলন তাতে একটুও দমে যায় নি। গ্রন্থাগার আন্দোলনের প্রথম মুখপত্র "গ্রন্থাগার" টিকে ছিলো পুরো ছ'বছর—১৯১০—১৫।

তারপর মস্ত এক ওলট পালট সমস্ত দেশের চেহারা বদলে দিলো। লেনিন এলে রাষ্ট্রের হাল ধরলেন এবং গোড়াতেই তিনি সোভিয়েটের গ্রন্থাগারগুলি নতুন করে ঢেলে সাজালেন। দেশের বিক্ষিপ্ত সমস্ত গ্রন্থাগারগুলি থেকে কিছু কিছু করে বই সংগ্রহ করে তিনি গড়ে তুললেন এক রাষ্ট্রীয় গ্রন্থাগার—যার বইএর সংখ্যা ছিলো বেশ কয়েক লক্ষ। ফলে, ১৯৪০ এর পরিমানে দেখা যায় সোভিয়েট গ্রন্থবন্টন কেন্দ্রগুলির সংখ্যা দাঁড়ায় ২৫০,০০০ এবং গ্রন্থসংখ্যা ৫০০,০০০,০০০! গ্রাম্য কেন্দ্রগুলির সংখ্যাও আশ্চর্য্য রকম বেড়ে যায়—এবং দেশের শিক্ষা ও কৃষি ব্যবস্থার উন্নতির প্রয়াসে তারা সক্রিয় অংশ গ্রহণ করতে আরম্ভ করে। ১৯২০ সাল থেকে ১৯৩৫ পর্যন্ত গ্রন্থাগারগুলি ছিলো রুশ 'কমিশারিয়টের' অধীনে। পরে ১৯৩৬ থেকে গ্রন্থাগার সম্পর্কিত আইন প্রণয়ন, নীতি-

নির্দেশ ও তত্ত্বাবধানের ভার পড়লো শিক্ষা ও সংস্কৃতিমূলক প্রতিষ্ঠানগুলির সংসদের ওপর। (Committees on Cultural & Educational Institutions)

সম্প্রতি সোভিয়েট রাশিয়ায় প্রকাশিত গ্রন্থগুলির একটি ইউনিয়ন ক্যাটলগ (union catalogue) তৈরি হচ্ছে। উৎসাহী পাঠকদের জন্যে গ্রন্থাগারগুলির ভেতর পারস্পরিক লেন-দেনের ব্যবস্থাও আছে। সাধারণ ভাবে সোভিয়েটে 'ইউ. ডি. সি. (U. D. C.) বর্গীকরণ পদ্ধতি ব্যবহার করা হচ্ছে কিন্তু সমাজবিজ্ঞান ও ইতিহাসের ক্ষেত্রে ঐ পদ্ধতি নাকি যথোপযুক্ত বলে বিবেচিত হচ্ছে না। লাইব্রেরী ট্রেনিং চলছে বিভিন্ন গ্রন্থাগার ও গ্রন্থাগার পরিষদের মাধ্যমে। গ্রন্থাগারগুলির সঙ্গে সোভিয়েটের পুস্তক প্রকাশকদের রয়েছে ঘনিষ্ঠ যোগাযোগ। শিক্ষার আদর্শের সঙ্গে তাল রেখে চলে সোভিয়েটের গ্রন্থাগার গুলি। এ-ছাড়া আর সমস্ত বিষয়ে কিন্তু পুরোপুরি মার্কিন আদর্শই অনুসরণ করা হচ্ছে।

দক্ষিণ আফ্রিকা

দক্ষিণ আফ্রিকার লোক-গ্রন্থাগারগুলির জন্মের ইতিহাস বিচিত্র। কেপটাউন বন্দরের ওপর দিয়ে যে মদ চালান যেত তার পিপে প্রতি ১ ডলার করে শুল্ক বসানো হয় ১৮১৮ সালে। ঐ থেকে যে-টাকা পাওয়া যায় তাই সম্বল করে গভর্ণমেন্ট খুললেন কয়েকটি অবৈতনিক রাষ্ট্রীয় গ্রন্থাগার। কিন্তু অল্প কিছুদিন পরেই সেগুলি আর "অবৈতনিক" রাখা সম্ভব হ'লো না, জনসাধারণের চাঁদাই ছিলো তার প্রধান নির্ভর। গ্রন্থাগারের সংখ্যা ক্রমশঃ বাড়লো, এবং সরকারী সাহায্যও কিছু কিছু মিললো, কিন্তু ঐ পর্যন্তই। সত্যিকারের গ্রন্থাগার সম্পর্কিত আইন প্রণয়ন হয় ১৯৪০ এর পর থেকে; যদিও ১৯২১—২৮ সাল থেকেই দক্ষিণ আফ্রিকার গ্রন্থাগার আন্দোলন তার নিজস্ব পথ খুঁজে নিতে চেষ্টা করছিলো। অবশ্য এই আন্দোলনে সত্যিকারের প্রেরণা জুগিয়েছে কার্নেগি কর্পোরেশনের উদার অর্থ সাহায্য। তারপর ইয়োরোপীয়দের হাত থেকে শিল্প যখন দেশীয় মালিকদের হাতে এলো, গ্রন্থাগার আন্দোলনের সাফল্যের সূত্রপাত তখন থেকেই। অবশেষে ১৯৩০ সালে দক্ষিণ আফ্রিকার গ্রন্থাগার পরিষৎ স্থাপিত হয়। লাইব্রেরী ট্রেনিংও সঙ্গে সঙ্গেই সুরু হ'লো।

প্রিটোরিয়ার রাষ্ট্রীয় গ্রন্থাগারটি হচ্ছে দক্ষিণ আফ্রিকার সমস্ত গ্রন্থাগারগুলির পারস্পরিক লেন-দেনের কেন্দ্র। অন্য বিখ্যাত গ্রন্থাগারগুলির মধ্যে কেপটাউনের 'কপিরাইট' লাইব্রেরী ও জাতীয় 'রেফারেন্স' লাইব্রেরী, জোহানেসবার্গ লোকগ্রন্থাগার, উইট্‌ওয়াটারস্‌র‍্যাণ্ড বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, রাষ্ট্রীয় গ্রন্থাগারগুলি—বিশেষ ক'রে কেপটাউনের লাইব্রেরী—অন্যতম। বহুতর শাখা কেন্দ্র এবং ভ্রাম্যমান গ্রন্থাগার ক্রমশ গ্রামে গ্রামে ছড়িয়ে পড়ছে। বিশেষ ধরণের লাইব্রেরীগুলির ভেতর উল্লেখযোগ্য: সঙ্গীত গ্রন্থাগার, যেমন কেপটাউন বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত শিক্ষাভবন গ্রন্থাগার, এ্যাডামসটাউনের অন্ধদের কেন্দ্রীয় গ্রন্থাগার ইত্যাদি। দেশীয়দের জন্যেও আলাদাভাবে রয়েছে অনেকগুলি গ্রন্থাগার, তার মধ্যে বৃহত্তম হচ্ছে প্রিটোরিয়ার ট্রান্‌সভাল কার্নেগি গ্রন্থাগার।

১৯৫০—৫১ খৃষ্টাব্দে গ্রেটব্রিটেন ও উত্তর আয়ার্ল্যাণ্ডের সাধারণ গ্রন্থাগার সম্বন্ধীয় তথ্যাদির পরিসংখ্যান :—

গ্রন্থাগার ব্যবহারের সুযোগপ্রাপ্ত জনসংখ্যা ৫,০১,১১,৮৭৩

গৃহে ব্যবহারের জন্য প্রদত্ত গ্রন্থ সংখ্যা ——— ৩১,৪১,০০,০০০

[মাথাপিছু ৬ ২৭ খানি]

গ্রন্থাদি ক্রয় খাতে ব্যয় ——— ২৩,০৫,০০০ পাউণ্ড

[মাথাপিছু ১১ পেন্স]

গ্রন্থাগারের জন্য মোট ব্যয় ——— ৯১,৩০,০০০

[মাথা পিছু ৩ শিঃ ৭½ পেঃ]

গ্রন্থাগারের মোট কর্মচারী সংখ্যা —— ১১,৩০০০

(আংশিক যৌথভাবে নিযুক্ত কর্মচারীসংখ্যা বাদে) [প্রতি ৪,৪০৪ লোকের জন্য ১ জন হিসাবে]

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য এই যে ইংল্যাণ্ডের অধিবাসীরা শুধু যে পূর্বাপেক্ষা বেশী গ্রন্থপাঠ করিতেছেন, তাহাই নহে—তাঁহাদের পঠিত বিষয়বস্তুর মানও ক্রমেই উন্নততর হইতেছে। দেশের সকল অঞ্চলের গ্রন্থাগারিকেরাই জীবনী, ভ্রমণবৃত্তান্ত, বিজ্ঞান বিষয়ক গ্রন্থাদি সম্বন্ধে ক্রমবর্ধমান চাহিদা, ও সেই সঙ্গে হাল্কা উপন্যাস ও ডিটেকটিভ্ বইএর চাহিদার বেশ মোটারকম হ্রাসের সংবাদ দিয়াছেন। আর একটি উল্লেখযোগ্য বিষয় হইতেছে এই যে গত বৎসর বিলাতে টেলিভিশনের যথেষ্ট প্রসার হওয়ায় গ্রন্থের চাহিদার যে হ্রাস আশংকা করা গিয়াছিল—তাহা অমূলক প্রমাণিত হইয়াছে। টেলিভিশনে প্রদর্শিত বিষয়বস্তু লোকের কৌতূহল জাগ্রত করায় তাহারা অধিকতর জ্ঞানলাভের জন্য প্রচুর বই লাইব্রেরী হইতেই লইয়াছে।

গ্রন্থচাহিদার অপর একটি নূতন ক্ষেত্র যাহা গত বৎসর উল্লেখযোগ্য প্রসার লাভ করিয়াছে তাহা বিদেশী ভাষার বই। দ্বিতীয় মহাযুদ্ধের পরে বিদেশী ভাষা শিক্ষার যে প্রবল আগ্রহ সৃষ্টি হয় তাহার ফলে বিদেশী ভাষার বইএর চাহিদাও প্রচুর বৃদ্ধি পাইয়াছে। সুতরাং আজকাল বিদেশী সাহিত্যের কেবল অনুবাদ নয়—অধিকাংশ গ্রন্থাগারকেই প্রচুর পরিমাণে উহার মূল সাহিত্যও রাখিতে হইতেছে।

ভারতবর্ষ—উত্তর প্রদেশ

১৯৪৯—৫০ খৃষ্টাব্দে উত্তর প্রদেশ রাজ্য সরকার ৪১৪টি গ্রাম্যগ্রন্থাগারকে ৯৯৮০৲ এবং ১৯৫০—৫১ খৃষ্টাব্দে ২০১টি গ্রন্থাগারকে ৭২৩৬৲ টাকা সাহায্য দান করেন। গ্রাম্য গ্রন্থাগার ব্যতীত বিভিন্ন সহরের ২৫টি ছোটবড় গ্রন্থাগারের সাহায্যের জন্য ১৯৫১—৫২ খৃষ্টাব্দে ৯৯,৬০০৲ টাকা রাজ্য সরকারের বার্ষিক আয় ব্যয়ের আনুমানিক হিসাবের অন্তর্ভুক্ত করা হইয়াছে। অন্যান্য গ্রন্থাগারকে সাহায্য দান করা ব্যতীত রাজ্য-সরকার কর্তৃক

সাধারণের জন্য দুইটি সাধারণ গ্রন্থাগার পরিচালিত হয়। উহার একটি এলাহাবাদের 'এলাহাবাদ পাবলিক লাইব্রেরী' এবং অপরটি লক্ষ্ণৌএর 'আমিরুদ্দৌলা পাবলিক লাইব্রেরী'। আমিরুদ্দৌলা পাবলিক লাইব্রেরীতে এক বৎসরে ১০০৩ খানি নূতন গ্রন্থ সংগৃহীত হইয়াছে এবং ইহার পাঠক সংখ্যা ১৩৯১। এলাহাবাদের পাবলিক লাইব্রেরীর পাঠক সংখ্যা ১৫০২ এবং এখানে পঠিত পুস্তকের বিষয় হিসাবে জনপ্রিয়তার ক্রম এইরূপ—হিন্দী, বাংলা, ইতিহাস, সমাজতত্ত্ব, উপন্যাস এবং দর্শন।

পশ্চিম বংগে প্রকাশিত পুস্তকের হিসাব

১৯৩৮ খৃষ্টাব্দের প্রথম তিনমাসে (জানুয়ারী হইতে মার্চ) বিভিন্ন ভাষায় প্রকাশিত বিভিন্ন ধরণের মোট ৬৪৩ খানি পুস্তক ও সাময়িক পত্রিকা পশ্চিমবংগ রাজ্যসরকারের দপ্তরে নথীভুক্ত হইয়াছে। ইহার মধ্যে পুস্তকের সংখ্যা ৪৮৯ ও সাময়িক পত্রের সংখ্যা ১৫৪। ৪৮৯ খানি পুস্তকের মধ্যে :

বাংলা ভাষায় লিখিত পুস্তকের সংখ্যা—	২৪৯
ইংরেজী ...	১৬০
হিন্দী	১৫
নেপালী ...	১
বাংলা ও ইংরেজী উভয় ভাষায়	৫০
বাংলা ও হিন্দী উভয় ভাষায়	১
বাংলা ও সংস্কৃত উভয় ভাষায় ...	৮
বাংলা, ইংরেজী ও সংস্কৃত এই ত্রিবিধ ভাষায়	৫
মোট	৪৮৯

১৫৪ খানি সাময়িক পত্রের মধ্যে

বাংলা ভাষায় প্রকাশিত পত্রিকার সংখ্যা—	৬৪
ইংরেজী	৮৩
হিন্দী ...	৩
বাংলা ও ইংরেজী উভয় ভাষায়	৪
মোট	১৫৪

গ্রন্থ-সমালোচনা-সার সংগ্রহ

বৈশাখ মাসে (১৩৫৭ সাল) প্রকাশিত কয়েকখানি উল্লেখযোগ্য পত্রিকায় যে সকল গ্রন্থ-সমালোচনা বাহির হইয়াছে তাহার সার সংকলন এখানে দেওয়া হইল। দেশের নানা স্থানে অবস্থিত ছোট বড় গ্রন্থাগারগুলির পক্ষে গ্রন্থ নির্বাচন বিষয়ে নির্ভরযোগ্য সংবাদ, নির্দেশ বা সাহায্যের যে একান্ত অভাব আছে গ্রন্থ-সমালোচনার এই ধরণের সার-সংকলন দ্বারা তাহা কিয়ৎ পরিমাণে দূর হইবে বলিয়া আশা করা যায়।

বিশ্বভারতী পত্রিকা, মাঘ—চৈত্র '৫৭

শরৎকুমারী চৌধুরাণীর রচনাবলী—সম্পাদক শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও শ্রীসজনীকান্ত দাস। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। শ্রাবণ ১৩৫৭। মূল্য সাড়ে ছয় টাকা।

বইখানা মোটা পঁচিশেক স্বতন্ত্র প্রবন্ধ বা গল্পের সমষ্টি। এঁর প্রবন্ধগুলি গল্পের এবং গল্পগুলি প্রবন্ধের আকার সহজেই ধারণ করে। বর্ণনার সঙ্গেই সমালোচনা নিপুণভাবে ওতপ্রোত।

ধর্ম বিজয়ী অশোক—শ্রীপ্রবোধচন্দ্র সেন। পূর্বাশা লিমিটেড, ১৩৫৪। মূল্য তিন টাকা। বৌদ্ধধর্মের ইতিহাসের একটি অরণীয় ঘটনা, অশোকের 'ধর্মবিজয়' নিয়ে মৌলিক আলোচনা। গ্রন্থের প্রতিপাদ্য কতকগুলি বিষয় সম্বন্ধে বিরুদ্ধ মতবাদ পোষণ করা চলে। প্রবোধবাবু যে সব প্রশ্নের সমাধান করেছেন তা আমরা সম্পূর্ণভাবে গ্রহণ করি না করি আলোচনা নূতন পথে চালিত করবার জন্য তাঁর নিকট কৃতজ্ঞ থাকা উচিত।

বৌদ্ধধর্ম—হরপ্রসাদ শাস্ত্রী। পূর্বাশা লিমিটেড, ১৩৫৫। মূল্য তিন টাকা। হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের বহুকাল পূর্বে প্রকাশিত প্রবন্ধগুলি এখন গ্রন্থাকারে প্রকাশিত করায় প্রকৃত উপকার হয়েছে। তাঁর ভাষা যেমন সরল রচনারীতিও অপূর্ব। ঐতিহাসিক দৃষ্টিতে দেখলে তাঁর কোনো কোনো সিদ্ধান্ত এখন আর গ্রহণযোগ্য মনে না হতে পারে। গ্রন্থাকারে প্রকাশ করবার সময় প্রবন্ধগুলি আরও ভালোভাবে সাজান চলত। ঐতিহাসিক ধারা বজায় রাখার দিকেও দৃষ্টি দেওয়া উচিত ছিল।

বাঙলার বৌদ্ধধর্ম—শ্রীনলিনীনাথ দাশগুপ্ত। এ. মুখার্জী অ্যাণ্ড কোং, ১৩৫৫। মূল্য সাড়ে চার টাকা।

নূতন ধরণের বই। বাংলাভাষায় বৌদ্ধধর্মের এ রকম ধারাবাহিক ও প্রামাণিক ইতিহাসের প্রয়োজন ছিল। বইএ কয়েকটি ভুল ত্রুটি আছে।

শনিবারের চিঠি, চৈত্র, '৫৭

বঙ্গীয় সাহিত্য-পরিষদের 'সাহিত্য-সাধক-চরিতমালা' এবং বিশ্বভারতীর বিশ্ববিদ্যা-সংগ্রহ—দুটি গ্রন্থমালাই সুষ্ঠুভাবে চলিতেছে।

রবীন্দ্র সঙ্গীতের স্বরলিপি সাধকদের জন্য 'স্বরবিতান' ত্রয়োদশ ও চতুর্দশ খণ্ড বাহির হইয়াছে।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ 'পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়ের রচনাবলী'র দ্বিতীয় খণ্ড প্রকাশ করিতেছেন।

এ. মুখার্জী অ্যাণ্ড কোং লিমিটেড আচার্য্য কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য লিখিত কাণ্ট দর্শনের তাৎপর্য সহ অধ্যাপক ডক্টর রাসবিহারী দাস প্রণীত 'কাণ্টের দর্শন' প্রকাশ করিয়া মাতৃভাষার সম্পদ বৃদ্ধি করিয়াছেন।

শ্রীবিমলচন্দ্র সিংহ আমাদিগকে দুইখানি একাধারে প্রয়োজনীয় ও উপাদেয় গ্রন্থ উপহার দিয়াছেন। 'দেশের কথা' ও 'খাতার পাতা'—প্রথমটি গুরু এবং দ্বিতীয়টি লঘু। 'দেশের কথা' বিভিন্ন পত্রিকাদিতে লেখকের সময়োচিত আলোচনার সঙ্কলন। 'খাতার পাতায়' আমাদের জাতীয় অনেক সমস্যার আলোচনা অত্যন্ত হৃদয়গ্রাহী পদ্ধতিতে লেখা—বৈদগ্ধ্যে ও রসিকতায় লেখাগুলি সমুজ্জ্বল। দুইটি বই-ই ডি. এম. লাইব্রেরিতে প্রাপ্তব্য।

'যাত্রী'—বিপ্লবী সৌমেন্দ্রনাথ ঠাকুরের আত্মকথার প্রথম খণ্ড। আমাদের যুগে আমাদের ক্রমিক মানসিক বিবর্তনের একটা চমকপ্রদ পরিচয় 'যাত্রী' বহন করিতেছে। ইহা নানা দিক দিয়া বিশেষ হইয়া উঠিয়াছে। অভিযান পাবলিশিং হাউস লিমিটেড ইহার প্রকাশক।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের শেষ গল্পগুলির সংগ্রহ 'কুশল পাহাড়ী' সম্প্রতি প্রকাশ করিয়াছেন মিত্র ও ঘোষ। 'কুশল পাহাড়ী' শুধু গল্পের বই নয়, লেখকের বহু সাধনা ও বেদনালব্ধ জীবন দর্শন বইখানিতে ওতপ্রোত হইয়া আছে।

শ্রীগুরু লাইব্রেরি তোলানন্দ সন্ন্যাস আশ্রমের স্বামী বিশুদ্ধানন্দ গিরি সম্পাদিত ও অনূদিত যে উপনিষৎ-মালা প্রকাশ করিতেছেন, বাঙ্গালী সাধারণ পাঠকদের উপযোগী এমন প্রাঞ্জল সংস্করণ আর ছিল না। আচার্য শঙ্কর যে চৌদ্দটি উপনিষৎ স্বীকার করিয়াছেন, স্বামী বিশুদ্ধানন্দ গিরি তন্মধ্যে ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, তৈত্তিরীয়, ঐতরেয় ও শ্বেতাশ্বতর এই নয়খানি প্রকাশ করিলেন।

প্রবাসী, বৈশাখ, '৩৮

দৃশ্যকাব্য-পরিচয়—শ্রীসত্যজীবন মুখোপাধ্যায়। বসুমতী-সাহিত্য-মন্দির, কলিকাতা। ২,৫০২+২+২৯। মূল্য দশ টাকা।

এই গ্রন্থে বাংলা দৃশ্যকাব্যগুলির ইতিহাস সঙ্কলিত হইয়াছে; কেবল জীবিত লেখকগণকে বাদ দেওয়া হইয়াছে। বিশ্লেষণপূর্ব্বক অনুশীলনক্রমে (analytical study) দৃশ্যকাব্যের ইতিহাসের অবতারণা ইহাতে আছে। গ্রন্থের কতকগুলি ভুল ত্রুটি আছে।

বন্যা—শ্রীগীতা দেবী। গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স। ২০৩।১।১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। দ্বিতীয় সংস্করণ। দাম চার টাকা।

এই উপন্যাসে বর্ণিত ঘটনা বা স্থান কাল পাত্রেরা সেই যুগের, যখন রক্ষণশীল হিন্দুসমাজে বাল্য-বিবাহ প্রচলিত ছিল। সাবলীল ঘটনাপ্রবাহ ও স্বচ্ছ প্রকাশ-ভঙ্গিমার গুণে উপন্যাসখানি অনাদর লাভ করিতে সক্ষম হইয়াছে।

স্বদেশ প্রেমিক রমাকান্ত রায়—সম্পাদক শ্রীহরিদাস নামানন্দ। চক্রবর্তী চ্যাটার্জি এণ্ড কোং লিমিটেড। ১৫নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা—১২। ২০৫ পৃষ্ঠা। মূল্য ২৷৷০ টাকা।

পুস্তকখানি স্বদেশী যুগের একজন দেশহিতে উৎসর্গীকৃতপ্রাণ কর্মীশ্রেষ্ঠের জীবন চরিত। সেই যুগের লোকের সংখ্যা কমিয়া যাইতেছে বলিয়াই রমাকান্তের পরিচয় ম্লান হইয়া যাইতেছে। এই পুস্তক তাহা উজ্জ্বল করিবে।

স্মৃতিপূজা গ্রন্থমালা (প্রথম ও দ্বিতীয় খণ্ড)—শ্রীহরিদাস নামানন্দ। সূর্যমণি ললিতা সাহিত্য-ভবন, আলিস কুটির, শিলং। ১২৮ পৃষ্ঠা।

পুস্তকখানি গ্রন্থকারের নিজের বক্তৃতার সমষ্টি। আধ্যাত্মিক ও সাংস্কৃতিক বিষয়ের বিবিধ আলোচনার মধ্যে গ্রন্থকারের অন্তর্দৃষ্টি ও বৈদগ্ধ্যের পরিচয় পাওয়া যায়।

ভবানী মঙ্গল—রামনারায়ণ-বিরচিত। শ্রীঅপরকুমার চক্রবর্তী, বি. এ, সাহিত্য বিশারদ তত্ত্বরত্ন সম্পাদিত। সুকুমারী প্রিন্টিং ওয়ার্কস্, ধুবড়ী, আসাম। মূল্য তিন টাকা।

মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবী মাহাত্ম্য অবলম্বনে বাংলার বিভিন্ন প্রান্তে, প্রাচীনকাল হইতে অনেক কাব্যগ্রন্থ রচিত হইয়াছে। ভূমিকা ও অর্থনির্দেশ বাদে সংস্করণখানি মূল পুঁথির নকল ছাড়া আর কিছু নয়। ছাপা ও কাগজ নিকৃষ্ট।

রাধাকান্ত দেব—শ্রীযোগেশচন্দ্র বাগল। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ২৪৩।১ আপার সার্কুলার রোড, কলিকাতা—৬। মূল্য আট আনা।

এখানি সাহিত্য সাধক চরিতমালার ২০০ সংখ্যক গ্রন্থ। স্বল্প পরিসরের মধ্যে বহু তথ্যের সমাবেশ সাহিত্য-সাধক চরিতমালার বৈশিষ্ট্য। সমালোচ্য গ্রন্থখানিতেও এই বিশেষত্ব প্রকাশিত।

জ্যোতিষের দৃষ্টিতে নেতাজী—শ্রীসুরেশচন্দ্র দাস। (জ্যোতির্বিদ শ্রীতিলক)। প্রবর্তক পাবলিশিং হাউস। ৬১ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা—১২।

আলোচ্য গ্রন্থে গ্রন্থকার নেতাজী সুভাষচন্দ্রের রাশিচক্র বিচার করিয়াছেন। স্থানে স্থানে নেতাজীর চরিত্র-বিশ্লেষণে গ্রন্থকার বিশেষ ক্ষমতার পরিচয় দিয়াছেন।

ক্ষয় (প্রথম খণ্ড)—অনুবাদক শীতাংশু মৈত্র। ভারতী লাইব্রেরী। ১৪৫, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা—৬। মূল্য ২৷৷০ টাকা।

ইহা ম্যাক্সিম গোর্কির "আরটামোনভস" নামক বিখ্যাত উপন্যাসের অনুবাদ। স্থানে স্থানে ভাষাগত অসঙ্গতি পরিলক্ষিত হইলেও মোটামুটি অনুবাদ ভালই হইয়াছে।

কাকলী—শ্রীরাধিকারঞ্জন ঘটক। রিওলভার পাব্লিশিং কোং। ৭০এ, সুরেন্দ্র ব্যানার্জি রোড, কলিকাতা। মূল্য—২৲।

কবিতার বইয়ের চমক-লাগানো নাম-ওয়ালা প্রকাশনী।

অভিশাপ—নীলাম্বর। হিন্দুস্থান বুক ডিপো। ১২, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, কলিকাতা। মূল্য আট আনা।

দেশের দুঃখ-দুর্দশার কথা লইয়া লেখা কবিতা। ছন্দ ও ভাষা স্থানে স্থানে দুর্বল।

কয়েকটি কবিতা—চিত্রভানু। ৮৬ দুর্গাচরণ ডাক্তার রোড হইতে প্রকাশিত। মূল্য ৸৹ আনা।

গদ্য ও পদ্য ছন্দে লেখা কয়েকটি উপভোগ্য কবিতা।

লাল্হানা—শ্রীপ্রশান্তকুমার বাগচী। ভারতী বুক ষ্টল, ৬, রমানাথ মজুমদার ষ্ট্রীট, কলিকাতা। দাম এক টাকা।

ভাব, ভাষা ও ছন্দে চমৎকার সঙ্গতি আছে।

পূজার ফুল—শ্রীকিতীশ নাগ। ৩০বি, বাসবিহারী এভেনিউ, কলিকাতা। মূল্য এক টাকা।

কবিতার ফুলগুলি এখনও ভাল করিয়া ফোটে নাই, বর্ণে গন্ধে উপভোগ্য হয় নাই।

কৃষ্ণ ভগবান্—শ্রীঅজয় দাশগুপ্ত। ডি, এম্. লাইব্রেরী। ৪২, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা—৬। মূল্য ১৷৹।

ভগবান শ্রীকৃষ্ণের জীবন-লীলার সরস ভাষায় বর্ণনা। কিশোর-কিশোরীদের জন্য রচিত হইলেও সকলেই পড়িয়া আনন্দ পাইবেন।

মৃত্যু রহস্য—লেখক—'ভাই'। সদ্ধারত লাইব্রেরী। ১৯১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। পৃঃ ১৪৪। মূল্য ১৷৹।

গ্রন্থখানি জনৈক সাধকের নিভৃত সাধনার বহিঃপ্রকাশ। ইহার এগারোটি অধ্যায়ের ভিতর পরলোক-বিশ্বাসী তত্ত্বানুসন্ধিৎসুগণের পক্ষে জ্ঞাতব্য বিষয় আছে।

চশমা-বুড়ো (কিশোর নাটক)—শ্রীসব্যসাচী রায়। দি রিডার্স ফ্রেণ্ড, মোরাদপুর, পাটনা—৪। মূল্য এক টাকা।

'চশমা-বুড়ো' নতুন বিষয়বস্তুকে কেন্দ্র করে রচিত কিশোর নাটিকা। এর সরল সংলাপ —উপভোগ্য।

ভারতের দ্বিতীয় স্বাধীনতা সংগ্রাম (প্রথম খণ্ড)—ডক্টর শ্রীভূপেন্দ্রনাথ দত্ত। বর্ম্মণ পাবলিশিং হাউস, ৭২, হ্যারিসন রোড, কলিকাতা। মূল্য তিন টাকা।

বাংলার বিপ্লববাদের উৎপত্তি, বিপ্লব কর্ম্মের প্রসার ও ইহার পরিণতি সম্পর্কে নানারূপ তথ্যসম্বলিত আলোচনা এই পুস্তকে স্থান পাইয়াছে। ভাবী ঐতিহাসিকের পক্ষে এরূপ পুস্তকের প্রয়োজনীয়তা অত্যধিক।

স্বাধীনতা-দিনের উপহার—কাজী আবদুল ওদুদ। প্রাপ্তিস্থান—ভারত সাহিত্য ভবন, ২০৩.২, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। মূল্য পাঁচ আনা।

এই পুস্তিকায় ছয়টি নিবন্ধিকা এবং একটি গদ্য-কবিতা স্থান পাইয়াছে। কথায় সুন্দর করিয়া বলায় বিষয়গুলি জীবন্ত হইয়া উঠিয়াছে।

মাসিক বসুমতী। চৈত্র, ১৩৫৭ সাল

নবগীতিকা (১ম খণ্ড)—(স্বর বিতান ১৪) রবীন্দ্রনাথ ঠাকুর: বিশ্বভারতী, ৬।৩, দ্বারকানাথ ঠাকুর ষ্ট্রীট, কলিকাতা। মূল্য তিন টাকা।

এই খণ্ডে দিনেন্দ্রলাল কৃত রবীন্দ্র-সঙ্গীতের চৌত্রিশটির স্বরলিপি সঙ্কলিত হ'য়েছে। প্রায় সবগুলি গান অধুনা সুপরিচিত ও জনপ্রিয়।

স্বরবিতান (১৩শ খণ্ড)— রবীন্দ্রনাথ ঠাকুর : বিশ্বভারতী। মূল্য তিন টাকা।

স্বরবিতানের ত্রয়োদশ খণ্ডে ত্রিশটি রবীন্দ্র-সঙ্গীতের স্বরলিপি আছে। এদের মধ্যে অনেকগুলি সুবিখ্যাত গানের স্বরলিপি রয়েছে।

তাসের দেশ—রবীন্দ্রনাথ ঠাকুর : বিশ্বভারতী। মূল্য তিন টাকা।

রবীন্দ্রনাথের বিখ্যাত নৃত্য নাট্য "তাসের দেশ" স্বরলিপি সহ প্রকাশিত হওয়ায় সাধারণ পাঠক, অভিনয়েচ্ছু ব্যক্তিবর্গ ও সঙ্গীত শিক্ষার্থী সমানভাবে ব্যবহার ক'রতে পারবেন।

শরৎচন্দ্র—শ্রীকানাইলাল ঘোষ : প্রকাশনী, ৮১, সিমলা ষ্ট্রীট, কলিকাতা-৬, মূল্য ৩।০

শরৎচন্দ্র সম্বন্ধে অনেক অজ্ঞাত তথ্য জানা যায়। যদিও সব ঘটনাই কতদূর বিশ্বাসযোগ্য এমন প্রশ্ন মনে উঁকি ঝুঁকি দেয়।

চাই—বিমল মিত্র, এম, সি সরকার অ্যাণ্ড সন্স লিঃ, ১৪ বঙ্কিম চাটুজ্যে ষ্ট্রীট, কলিকাতা। মূল্য চার টাকা।

সমস্ত উপন্যাসের পটভূমিকায় যে হৃদয়হীন অর্থনীতি ও বর্তমান সমাজ ব্যবস্থার সুকৌশল স্বরূপ উদ্‌ঘাটিত হয়েছে তার ইতিহাস শুধু উল্লেখযোগ্যই নয়, প্রশংসনীয়ও বইয়ের সজ্জাপটটি সুদৃশ্য।

নবশ্রী, বৈশাখ ১৩৩৭ সাল

যে মোর অতীত—শ্রীবিনয় চৌধুরী। টারগেট বুক্‌স্ এর পক্ষ হইতে শ্রীটমাস হিউবার্ট হালদার কর্তৃক প্রকাশিত। দাম ১৷০ মাত্র।

গ্রন্থখানি একটি ইংরেজি memoire জাতীয় রচনা। এই গ্রন্থে উদ্বাস্তু হৃদয়ের বেদনা মন্থনে লেখকের স্মৃতি আলেখ্য মর্মস্পর্শী হইয়া উঠিয়াছে।

শকুন্তলা—সতীন্দ্রনাথ লাহা। ৩৩বি, মদন মিত্র লেন হইতে সুহৃদ দত্ত কর্তৃক প্রকাশিত। প্রাপ্তিস্থান—গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড্ সন্স। দাম ২৷০।

এই গ্রন্থে লেখক খাঁটি শিশুসাহিত্যের রূপ-সুষমা সর্বত্র পুরাপুরি অব্যাহত রাখিয়াছেন। বইখানি অনেক দিক দিয়াই বাংলা সাহিত্যের মান বাড়াইবার মতো একখানি বই।

শকুন্তলার মূল ঘটনার সঙ্গে সামঞ্জস্য রেখে সহজ গদ্যে, পদ্যে ও রূপকথায় লেখক কিশোর-কিশোরীদের উপযোগী করে বইটি প্রকাশ করেছেন। লেখক খ্যাতনামা শিল্পী। সে কারণ তাঁর চিত্রগুলির মধ্যে শিল্প-রুচির নিদর্শন মেলে। সবার হাতে তুলে দেবার মত বই শকুন্তলা।

মৌচাক। বৈশাখ, ১৩৩৮ সাল।

মানুষের বন্ধু—শ্রীপরেশচন্দ্র সেনগুপ্ত। রীডার্স কর্ণার, ৪ শঙ্কর ঘোষ লেন, কলিকাতা। মূল্য ১৷০।*

গ্রন্থকার এই গ্রন্থে কয়েকজন মনীষীর জীবনী প্রকাশ ক'রেছেন। ভাষা ঝরঝরে ও বলার ধরণ সুন্দর—শিশু-মনকে সহজেই তা স্পর্শ করবে। বইখানির ছাপা সুন্দর এবং কয়েকখানি সুন্দর ছবি আছে।

ছোটদের গ্রন্থাবলী—শ্রীশিবরাম চক্রবর্তী। চক্রবর্তী চ্যাটার্জী এণ্ড কোং লিঃ ১৫ কলেজ স্কোয়ার, কলিকাতা। মূল্য ৪৲।

ছেলেমেয়েদের জন্য যে দু'চারজন হাসির গল্প লিখে থাকেন, তাঁদের মধ্যে শিবরামবাবুর নাম সবার উপরে। তাঁর প্রকাশিত এই গ্রন্থাবলীর মধ্যে পাঠকদের বহু ভালো গল্প এক সঙ্গে পাবার সুযোগ হ'ল।

কালোর বই—শ্রীসুনীল সরকার। দিগন্ত পাব্লিশার্স, ২০২ রাসবিহারী এভিনিউ, কলিকাতা। মূল্য ১৷০।

কালোর বই শিশুসাহিত্যে সত্যই একটি নতুন ধরণের বই। এত সুন্দর ক'রে জীব-জন্তুর সঙ্গে মানুষের চরিত্রকে মিলিয়ে-মিশিয়ে ছড়ায়, গল্পে লেখক যে রস সৃষ্টি ক'রেছেন, তা' সত্যিই অপূর্ব।

———

আধুনিক শিক্ষা-পদ্ধতিতে গ্রন্থাগারের অংশ

বিমলইন্দু গুহ, এম, এ (লিব এস্‌সি)

সভ্যমানুষের উদ্ভাবিত শিক্ষাপদ্ধতিসমূহে বিদ্যালয়ে থাকাকালীন জ্ঞানার্জ্জন এক অতি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করিয়া আছে। কেননা বিদ্যালয়ের শিক্ষা সমাপ্তির পরই ছাত্রগণ কোনও বিশেষ বিদ্যার্জ্জনে আপনাকে নিযুক্ত করিয়া থাকে। শুধু তাহাই নহে বিদ্যালয়ে অর্জ্জিত শিক্ষা লইয়াই বহু শিক্ষার্থীকে জীবন-সংগ্রামে অবতীর্ণ হইতে হয়। কিন্তু বর্ত্তমান যুগে মানুষের জ্ঞানের পরিসর বহুদিকে বিস্তারলাভ করায় তাহার জ্ঞানভাণ্ডার পূর্ব্বাপেক্ষা সহস্রগুণে বিশালকায় হইয়া উঠিয়াছে এবং মানুষের ধারণাশক্তি পরিমিত ও সীমাবদ্ধ বলিয়া তাহার জ্ঞানভাণ্ডারের পরিসর বৃদ্ধির সহিত বিদ্যালয়ের পাঠ্যতালিকার সম্প্রসারণের রীতি ব্যর্থ প্রতিপন্ন হইয়াছে।

এই কঠিন সমস্যার সমাধানকল্পে মানুষের উদ্ভাবনী-শক্তি সম্পূর্ণ নূতন পদ্ধতি গ্রহণ করিয়াছে এবং তাহার ফলে পাঠ্যতালিকা বিন্যাসের উদ্দেশ্য ও প্রয়োগ-কৌশলের আমূল পরিবর্ত্তন সাধিত হইয়াছে। নবপ্রবর্ত্তিত আধুনিক পাঠ্যতালিকা পূর্ব্বের ন্যায় প্রচলিত ধারণা ও তথ্যসমূহ দ্বারা শিক্ষার্থীদিগের পরিমিত ধারণ-শক্তি সম্পূর্ণরূপে অধিকৃত করিতে প্রয়াস পায় না। পক্ষান্তরে বর্ত্তমান শিক্ষাপদ্ধতিতে আমাদের সঞ্চিত জ্ঞানভাণ্ডারের কেবলমাত্র অবশ্যপ্রয়োজনীয় মৌলিক তথ্য বা বিষয়সমূহই শিখান হয় এবং ভবিষ্যতের প্রয়োজনানুসারে যথাযোগ্য তথ্য অতি দ্রুত ও দক্ষতার সহিত আহরণ করিবার কৌশল শিক্ষার্থীদিগকে অভ্যাস করাইয়া দেওয়া হয়। শিক্ষা সম্বন্ধে এই মত পরিবর্ত্তনের সঙ্গে যুগপৎ সম্পূর্ণ নূতন ধরণের একপ্রকার পুস্তকের আবির্ভাব হইয়াছে—যেমন অভিধান, মহাকোষ, বর্ণলিপি, গ্রন্থ-বিবরণী, নিদর্শন পুস্তক (concordance) ইত্যাদি। সাধারণ পুস্তকের ন্যায় এই শ্রেণীর পুস্তকগুলি ধারাবাহিকভাবে পাঠোপযোগী নহে। কোনও একটি নির্দ্দিষ্ট বিষয়বস্তু সম্বন্ধে জানিতে হইলেই এইরূপ পুস্তকের আংশিক সাহায্য (reference) প্রয়োজন হয়। বহু তথ্য সম্বলিত এই সকল পুস্তকের সহিত পরিচয় করাইয়া দেওয়া প্রত্যেক বিদ্যালয়ের একটি অপরিহার্য্য কর্ত্তব্য-কর্ম্মরূপে পরিণত হইয়াছে।

বিদ্যালয় কর্ত্তৃক এই নূতন দায়িত্ব গ্রহণের সঙ্গে সঙ্গে গ্রন্থাগারের গুরুত্ব বহুগুণে বৃদ্ধি পাইয়াছে। যে কোনও প্রগতিশীল আধুনিক বিদ্যালয়ের শিক্ষক সর্ব্বদাই লক্ষ্য করেন কিরূপে তাঁহার ছাত্রদের স্বাভাবিক ঔৎসুক্য আরও জাগ্রত হইয়া ওঠে ও সুষ্ঠুভাবে পরিচালিত হয়। শিক্ষক সবকিছুই বলিয়া দেন না বা সংগ্রহ করিয়া দেন না, তিনি সুযোগ দেন যাহাতে ছাত্রগণ প্রয়োজনীয় তথ্য নিজেরাও কিছু কিছু সংগ্রহ করিতে পারে। তিনি এমন পরিবেশের সৃষ্টি করেন যাহাতে ছাত্রগণ গ্রন্থাগারের নানাবিধ পুস্তকের সাহায্য গ্রহণে বাধ্য হয় এবং তখন তিনি প্রাসঙ্গিক তথ্যসমূহ আহরণের কৌশল শিখাইয়া দেন।

সুতরাং বিদ্যালয়ে অর্জিত জ্ঞানের অর্থ শিক্ষক কর্তৃক প্রদত্ত বক্তৃতাসমূহের সমষ্টিই নহে। ইহার সহিত গ্রন্থাগারে অর্জিত ব্যক্তিগত গবেষণালব্ধ শিক্ষালাভসমূহও যোগ করিতে হইবে। অতএব যদি আমাদের শিক্ষাকে এই পরিবর্তনশীল জগতে সম্পূর্ণরূপে কার্যকরী ও ফলপ্রসূ করিতে হয় তবে বিদ্যালয়ের পাঠ প্রকোষ্ঠ এবং গ্রন্থাগারকে এই একই শিক্ষার দুইটি অপরিহার্য অঙ্গরূপে গণ্য করিতে হইবে।

বিদ্যালয়-গ্রন্থাগারের গুরুত্ব আর একটি দিক হইতে উপলব্ধি করা যায়। বিংশ-শতাব্দীতে শিক্ষা-পদ্ধতির পরিবর্তনের সঙ্গে সঙ্গে প্রত্যেক বিদ্যালয়েই গ্রন্থাগারের গুরুত্ব বৃদ্ধি পাইতেছে। বর্তমানে যে কোনও বিদ্যালয়ের ছাত্রসংখ্যা সমাজের বিভিন্ন স্তরের অন্তর্গত ব্যক্তিগণের সন্তানদিগের সমাবেশে গঠিত। বাধ্যতামূলক ও অবৈতনিক শিক্ষার প্রবর্তনের ফলেই ইহা সম্ভবপর হইয়াছে। ইহার নিশ্চিত পরিণামরূপে আসিয়াছে ছাত্রগণের মধ্যে নৈপুণ্য ও শিক্ষার বিভিন্নমুখিতা। এই বৈষম্য হেতু একখানি মাত্র পাঠ্যপুস্তককে কেন্দ্র করিয়া সমস্ত শ্রেণীকে একত্রে পড়াইবার রীতি, যাহা এতকাল চলিয়া আসিয়াছে, তাহা বর্তমানে সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে। বিংশ-শতাব্দীর শিক্ষা-পদ্ধতিতে ইহা স্পষ্টই পরিলক্ষিত হয় যে সমগ্র একটি শ্রেণীকে এককরূপে গণ্য করিয়া পড়াইবার রীতি ক্রমশই পরিত্যক্ত হইতেছে এবং প্রত্যেক শিক্ষার্থীর প্রতি পৃথক মনোযোগ ও তত্ত্বাবধানের রীতি প্রসার লাভ করিতেছে। পাঠ-প্রকোষ্ঠে শিক্ষকের নিকট হইতে এইরূপ পৃথক মনোযোগ লাভ করা সকল সময়ে সম্ভবপর নহে। ইহার যথাযোগ্য স্থান বিদ্যালয়ের গ্রন্থাগার এবং এই কার্যে সাহায্য করিবেন শিক্ষক ও গ্রন্থাগারিক উভয়েই।

নূতনভাবে শিক্ষা বিস্তারের সঙ্গে পাঠ্যপুস্তকের গুরুত্বও বহুল পরিমাণে হ্রাস পাইতেছে। ইহার অর্থ এরূপ নহে যে পাঠ্যপুস্তকের প্রয়োজনীয়তা অস্বীকার করা হইতেছে বরং অধিকমাত্রায় ইহার উপর নির্ভর না করিয়া শুধুমাত্র প্রকৃত প্রয়োজনটুকুই স্বীকৃত হইতেছে। বিদ্যালয়ের পাঠ্যপুস্তক ছাত্রগণকে আরও অধিক অভিজ্ঞতা সঞ্চয়ের ও পাঠোপযোগী বিষয়ের সন্ধান ও উৎসাহ দিবে, ইহাই প্রয়োজন। অন্যরূপে বলিতে গেলে নূতনশিক্ষা পদ্ধতি অনুসারে যে কোনও পুস্তককেই পাঠ্যপুস্তকরূপে গণ্য করা যাইতে পারে, যদি ইহাতে এমন কোনও বিষয় থাকে যাহা শিশুর মনোবিকাশের সাহায্য করিবে। এইক্ষেত্রেও গ্রন্থাগারের গুরুত্ব সুস্পষ্টরূপেই প্রতীত হইতেছে।

বিদ্যালয়ের শিক্ষাকে যতদূর সম্ভব আনন্দদায়ক করিয়া তুলিতে হইবে, নূতন শিক্ষা পদ্ধতির ইহা আর একটি উল্লেখযোগ্য রীতি। কেন না মনস্তত্ত্ববিদগণ বলেন যে আমাদের মন যাহা আনন্দের সহিত গ্রহণ করে শুধু তাহাই যত্নের সহিত ধারণ করিয়া রাখে। এই ক্ষেত্রেও বিদ্যালয়ের গ্রন্থাগার সুনির্বাচিত আনন্দদায়ক পুস্তকাদির সংগ্রহ করিয়া, গল্পবলার ব্যবস্থা করিয়া চলচ্চিত্র প্রদর্শন করিয়া ও আরও নানারূপ বিচিত্রানুষ্ঠান দ্বারা, সুকুমারমতি বিদ্যার্থীদিগের যথেষ্ট সাহায্য করিতে পারে। এই নূতন-শিক্ষাপদ্ধতির বিস্তারের পর কোনও বালককে আর তাহার পাঠ্যপুস্তকের আড়ালে গল্প-পুস্তকে মনোনিবেশ করিতে দেখা যায় না।

যদি বিদ্যালয়ের গ্রন্থাগার উপরিউক্ত কর্তব্যগুলি যথারূপে পালন করিতে পারে তাহা হইলে অধিকাংশ বালক বালিকাই বিদ্যালয়ে যাওয়াকে দৈনন্দিন প্রমোদ-যাত্রার ন্যায় মনে করিবে এবং William Blake এর সেই সুপরিচিত উক্তি শুধু অতীতের স্মৃতিই হইয়াই থাকিবে—

"But to go to school in a summer morn,
O ! it drives all joy away."

সাময়িকপত্র রচনা সূচী

সাময়িকপত্রিকার পৃষ্ঠায় বিভিন্ন বিষয়ে যে সকল রচনা বাহির হয় তাহার সন্ধান পাইবার কোন ভাল ব্যবস্থা না থাকিলে প্রকাশের কিছু পরেই উহাদের অস্তিত্বের কথা লোকের ভুলিয়া যাওয়া স্বাভাবিক। এই সম্ভাবনা যাহাতে পরিহার করা যায় সেজন্য উল্লেখ-যোগ্য সাময়িক পত্রের রচনার নিয়মিত সূচী প্রণয়ন করিলে এবং মধ্যে ২ কয়েক বৎসরের সূচী একত্র করিয়া প্রকাশ করিলে সাময়িক পত্রিকার পৃষ্ঠায় অবলুপ্ত বহু মূল্যবান রচনার সন্ধান পাঠক ও গবেষকরা সহজেই পাইবেন। সাময়িকপত্র রচনা সূচী প্রণয়নের নমুনা হিসাবে ১৩৫৮ সালের বৈশাখ মাসে প্রকাশিত কয়েকখানি বাংলা সাময়িক পত্রের রচনা সূচী প্রকাশ করা হইল। রচনাগুলি বর্ণানুক্রমে লেখকের নামের বর্ণানুক্রমে ও আলোচ্য বিষয়ের নামের বর্ণানুক্রমে দুই ভাগে ভাগ করিয়া সাজান হইয়াছে। প্রয়োজন-বোধে এই দুই ভাগকে একই বর্ণানুক্রমেও সাজান যাইতে পারে। সাময়িকপত্র সূচী সুধী সমাজের কার্যে লাগিবে বুঝিলে বাংলা-ভাষার উল্লেখযোগ্য পত্রিকাগুলির সূচী প্রণয়ন করিবার চেষ্টা করা যাইতে পারে। লেখকের নাম সূচীতে যে সকল বিষয় অন্তর্ভুক্ত করা হইয়াছে তাহাদিগকে নিম্নলিখিত ক্রমে সাজান হইয়াছে, যথা :—লেখকের নাম, তৎপরে রচনার নাম, তৎপরে পত্রিকা ও তাহার কোন সংখ্যায় রচনাটি প্রকাশ হইয়াছে তাহার জ্ঞাপক সাংকেতিক চিহ্ন অর্থাৎ ১।৫৮ অর্থে সন ১৩৫৮ সনের ১ম মাসের অর্থাৎ বৈশাখ মাসের সংখ্যা (১ = বৈশাখ মাস, ৫৮ = ১৩৫৮ সাল) এবং সর্বশেষে পত্রিকার যে পৃষ্ঠায় ঐ রচনা প্রকাশ হইয়াছে সেই পৃষ্ঠা সংখ্যা (একাধিক পৃষ্ঠায় প্রকাশ হইয়া থাকিলে যে পৃষ্ঠায় আরম্ভ হইয়াছে প্রথমে সেই পৃষ্ঠার সংখ্যা এবং তৎপরে যে পৃষ্ঠায় উহা শেষ হইয়াছে সেই পৃষ্ঠার সংখ্যা) দেওয়া হইয়াছে। বিষয় সূচীতে প্রথমে যে বিষয়ের রচনা সেই বিষয়ের নাম এবং তৎপরে রচনাটির নাম দেওয়া হইয়াছে। অন্যান্য বিবরণের জন্য লেখকের নাম সূচীতে অনুসৃত ক্রম ব্যবহৃত হইয়াছে।

বর্তমান সংখ্যায় ১৩৫৮ সনের বৈশাখ মাসে প্রকাশিত নিম্নলিখিত সাময়িক পত্র কয়খানির রচনা অন্তর্ভুক্ত করা হইয়াছে। সূচীতে কোন সাময়িকপত্রের জন্য কি সাংকেতিক নাম ব্যবহৃত হইয়াছে নিম্নে তাহা প্রত্যেক পত্রিকার পাশে দেখান হইল।

সাময়িক পত্রের নাম	সূচীতে ব্যবহৃত সাংকেতিক নাম
প্রবাসী	প্রবা
শনিবারের চিঠি	শনি
ভারতবর্ষ	ভারত
মাসিক বসুমতী	বসু
বিশ্বভারতী পত্রিকা	বি, ভা, প

লেখক সূচী

লেখক	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও	পৃষ্ঠা
অ, অরু ই	আকাশ পাতাল	বসু ১৩৫৮	১১-১৬
অংশুধর, অমু	লেখক, অ্যান্টন-শিল্পসামগ্রী	দ্রষ্টব্য	
অচিন্ত্যকুমার সেনগুপ্ত	পরমপুরুষ শ্রীশ্রীরামকৃষ্ণ	বসু ১৩৫৮	২-১০
অতুল সেন	মানুষে যা চায়	শনি ১২৫৭	৫৬৯ ৮৪
অনাদিকুমার দস্তিদার	স্বরলিপি	বি,ভা,প মা-চৈ ৫৭	২০৩-৫
অপূর্বকৃষ্ণ ভট্টাচার্য	হে ঈশ্বর কৃপি কহ কথা	ভারত ১৩৫৮	৪১২
অমল ঘোষ	নৃত্যশিল্পী ভাস্কর রায় চৌধুরী	প্রবা ১৩৫৮	৪২-৪৩
অমলাদেবী	কল্যাণ সঙ্ঘ	শনি ১২৫৭	৫৩৭-৫৭
অমিতা দত্ত মজুমদার	অ্যাটমঘোষার দেশে	বসু ১৩৫৮	৮৫-৮৮
অমিয়কান্তি বন্দ্যোপাধ্যায়	গল্প হলেও সত্যি	বসু ১৩৫৮	৭৯
অর্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায়	আধৌকালের ভারতীয় চিত্ররূপ	প্রবা ১৩৫৮	১৭-৩৯
অরবিন্দকুমার বন্দ্যোপাধ্যায়	বিদ্রোহী	বসু ১৩৫৮	১০৫
অরিন, সেন	প্রাইড এণ্ড প্রেজুডিস্	বসু ১৩৫৮	৫৯ ৬৪
অসিতকুমার	সাওতালী ও আরও কিছু	শনি ১২৫৭	৫৫৮-৬২
আর্যকুমার সেন	বিভূতিভূষণের ছোট গল্প	বি,ভা,প মা-বৈ ৫৭	১৬৮-৭৩
আশাদেবী	কতকাল	ভারত ১৩৫৮	৪৭৬
আশাপূর্ণা দেবী	নিরুপমাদেবীর দিদি	ভারত ১৩৫৮	৩৬৮-৯১

লেখক	লেখার নাম	পত্রিকা, সংখ্যা	ও পৃষ্ঠা
আশাপূর্ণা দেবী	শান্তি চাই কেন	বসু ১৩৫৮	৮০-৮১
ইন্দিরা দেবী	অযথা সমালোচনা করবেন না	বসু ১৩৫৮	৮১-৮৩
উপেন্দ্রনাথ সেনশাস্ত্রী	গীতায় সাম্যবাদ	বসু ১৩৫৮	৪৯-৫৪
ওঙ্কারনাথ চট্টোপাধ্যায়	মনমোহন ব্রহ্মকে স্মরিয়া	প্রবা ১৩৫৮	৮৩-৮৬
কামিনীকুমার রায়	হালখাতা	বসু ১৩৫৮	৭১-৭১
কীটস্	পত্রগুচ্ছ	বসু ১৩৫৮	২৪-২৮
কুমারলাল দাশগুপ্ত	কমল ও কপোতী	প্রবা ১৩৫৮	২৪-২৬
কেদারনাথ চট্টোপাধ্যায়	দামোদর উপত্যকা পরিকল্পনা	প্রবা ১৩৫৮	৭১-৭৬
কেশবচন্দ্র গুপ্ত	চারটি মুস্লিম রাষ্ট্রে	ভারত ১৩৫৮	৩৯৭-৪০১
কুমুদরঞ্জন মল্লিক	শুভ বৈশাখ ১৩৫৮	প্রবা ১৩৫৮	১৯
গোপালচন্দ্র নিয়োগী	আন্তর্জাতিক পরিস্থিতি	বসু ১৩৫৮	১২৪-৩২
গোপাললাল দে	রবীন্দ্র সাহিত্যে প্রেমের প্রগতি	প্রবা ১৩৫৮	৩৪ ৩৬
গোবিন্দপদ মুখোপাধ্যায়	সন্ধ্যা	প্রবা ১৩৫৮	৫২
চার্চিল, উইনষ্টন, এস	আত্মস্মৃতি, বাল্যকাল	বসু ১৩৫৮	১১৫-১৪
জগদীশচন্দ্র দে	হিন্দীগ্রন্থে রবীন্দ্রনাথের কবিতা	প্রবা ১৩৫৮	৮১-৯২
জনরঞ্জন রায়	ভাষা	ভারত ১৩৫৮	৪২৩-২৬
জ্যোতি বাচস্পতি	সন ১৩৫৮ সাল	ভারত ১৩৫৮	৩৫৮-৬১
তন্ময় বাগচী	দাসত্ব	শনি ১২।৫৭	৫৯৮-৬০০
তারকনাথ রায়	ফ্রেডারিক মিংসে	ভারত ১৩৫৮	৩৬৬-৬৮
তারকনাথ মুখোপাধ্যায়	পত্রগুচ্ছ	বসু ১৩৫৮	২৪ ২৮
তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়	ধাত্রীদেবতা	ভারত ১৩৫৮	৪০১-৭
তারিণীশঙ্কর চক্রবর্তী	বিপ্লবী বাংলা	বসু ১৩৫৮	৭৩-৭৫
ত্রিগুণ বাগচী	অঁদ্রে জিদ্	প্রবা ১৩৫৮	৭৬ ৭৮
দায় ভাগী	কয়েকটি প্রশ্ন	শনি ১২।৫৭	৫২১-২৫
দান্তে	পত্রগুচ্ছ	বসু ১৩৫৮	২৫-২৮
দাশরথি রায়	আমাদের কালিম্পং (সচিত্র)	প্রবা ১৩৫৮	২৭-৩১
দাশরথি সাংখ্যতীর্থ	কচ ও দেবযানী	ভারত ১৩৫৮	৩৭৫-৬
দীনেশচন্দ্র ভট্টাচার্য	রাণী রাসমণি ও নবদ্বীপের পণ্ডিত	প্রবা ১৩৫৮	২০-২৩
দেবেন্দ্রনাথ মিত্র	মিশরের কৃষি	প্রবা ১৩৫৮	৪৪-৪৫
দেবেশচন্দ্র দাস	শ্রীশঙ্করদেব	ভারত ১৩৫৮	৩৭৪
নরীমাধব চৌধুরী	রাজ নগর	প্রবা ১৩৫৮	৬৫-৭০
নারায়ণ, আর, কে	জ্যোতিষী	বসু ১৩৫৮	৯৩-৯৫
নারায়ণ গঙ্গোপাধ্যায়	লালমাটি	ভারত ১৩৫৮	৩২১-৩৬

লেখক	লেখার নাম	পত্রিকা,	সংখ্যা ও পৃষ্ঠা
নেপোলিয়ন	পত্রগুচ্ছ	বসু	১।৫৮ ২৪-২৮
পৃথ্বীশ ভট্টাচার্য্য	দুঃস্বপ্ন	ভারত	১।৫৮ ৬৬২-৬৬
প্রণব মিত্র	পৃথিবীর রূপ কথা	শনি	১২।৫৭ ৫৯৩-৯৮
প্রভাকর মাঝি	বিদ্রোহী নমঃশূদ্র	বসু	১।৫৮ ৬৪
প্রভাতকুমার বন্দ্যোপাধ্যায়, অনুঃ	নারায়ণ আর, কে, জ্যোতিষী,		দ্রষ্টব্য
প্রমথনাথ বিশী	বিভূতি ভূষণের রচনা	বি,ভা,প মা-চৈ	৫৭ ১৮৩-৬৮
প্রমোদ মুখোপাধ্যায়	পদাবলী	বসু	১।৫৮ ৩৮
প্রাণতোষ ঘটক	স্মৃতিমালা	বসু	১।৫৮ ২৩
প্রেমাঙ্কুর আতর্থী	আমাদের ছেলেরা	প্রবা	১।৫৮ ৭২-৮২
বসন্তকুমার চট্টোপাধ্যায়	গীতাভাষ্য	শনি	১২।৫৭ ৫২৫-৩০
বিনয়েন্দ্রমোহন চৌধুরী	ভর্জ বার্ণার্ড শ	বি,ভা,প মা-চৈ	৫৭ ১৭৫-৯৫
বিভা সরকার	মীরা	প্রবা	১।৫৮ ৫৯-৬০
বিভা সরকার	রামের ব্যথা	শনি	১২।৫৭ ৫৮৪-৮৬
বিভূতিভূষণ মুখোপাধ্যায়	বরকর্ত্তা	প্রবা	১।৫৮ ৩৭-৫১
বেল গার্ট্ড	পত্রগুচ্ছ	বসু	১।৫৮ ২৪-২৮
ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	বাংলা সাময়িক পত্রের সংক্ষিপ্ত পরিচয়	বসু	১।৫৮ ৪৪-৪৮
ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	সাংবাদিক ক্ষেত্র মোহন সেনগুপ্ত বিদ্যা রত্ন (সচিত্র)	প্রবা	১।৫৮ ৩২-৩৩
ব্রুট, শার্লটি	পত্রগুচ্ছ	বসু	১।৫৮ ২৪-২৮
ভাস্কর (ছদ্ম)	বাজে লোক	বসু	১।৫৮ ৯২-৯৩
ভোলানাথ ভট্টাচার্য্য	শ্রীরামকৃষ্ণদেব	বসু	১।৫৮ ১২২
মণিলাল বন্দ্যোপাধ্যায়	ঝাঁসীর রাণী	বসু	১।৫৮ ৭৬-৭৮
মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ	ভারত	১।৫৮ ৪৮০-৮৩
মহাদেব রায়	পুনর্ণবা	প্রবা	১।৫৮ ২৩
মহাশ্বেতা ভট্টাচার্য্য	দশআনা-ছ-আনার সালতামামী	শনি	১২।৫৭ ৫৮৭-৯৩
মাখনলাল রায় চৌধুরী	ভারতে ইংরেজের আমলের কুইন সেবন	ভারত	১।৫৮ ৩৭৭-৭৯
মাণিকচন্দ্র দাস	ভারতীয় রাষ্ট্রবিজ্ঞান সম্মেলন	ভারত	১।৫৮ ৪১০-১২
মায়া দেবী	বৃগ্নাবতার	বসু	১।৫৮ ৮৩-৮৫
ম্যানসফিল্ড, ক্যাথারিন	পত্রগুচ্ছ	বসু	১।৫৮ ২৪-২৮
যাযাবর (ছদ্ম)	জনান্তিক	বসু	১।৫৮ ১৭-২২
যোগেন্দ্রনাথ গুপ্ত	বিক্রমপুরের অতীত ঐশ্বর্য	ভারত	১।৫৮ ৩৮৩ ৮৮

লেখক	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও পৃষ্ঠা
যোগেশচন্দ্র বাগল	জাতীয় গ্রন্থাগারের তৃতীয় পর্ব	প্রবা ১।৫৮ ৪৭-৫২
রবীন্দ্রনাথ ঠাকুর	অরবিন্দ ঘোষ	বি,ভা,প মা-চৈ ৫৭ ১৫৯-৬২
রবীন্দ্রনাথ ঠাকুর	'অরবিন্দ রবীন্দ্রের লহ নমস্কার' (পাণ্ডুলিপি)	বি,ভা,প মা-চৈ ৫৭ ১৬২
রবীন্দ্রনাথ ঠাকুর	পথের পাঁচালী	বি,ভা,প মা-চৈ৫৭১৭৪
রবীন্দ্রনাথ ঠাকুর	স্বাক্ষর	বি,ভা,প,মা-চৈ ৫৭ ১৫৩ ৪
রবীন্দ্রনাথ সেনগুপ্ত	বস্তু ও বাস্তব	শনি ১১।৫৭ ৫৬২-৬৯
রাজকুমার মুখোপাধ্যায়	গ্রন্থাগার পরিচালনা	বসু ১।৫৮ ১১৫-২২
রাজশেখর বসু	ভাষার যুদ্রাদোষ ও বিকার	বি,ভা,প,মা-চৈ.৫৭ ১৫৩-৫৮
রামগোপাল বন্দ্যোপাধ্যায়	পশ্চিমবাংলা কি আইডি প্রদেশ	ভারত ১।৫৮ ৪০৯-১০
রামপদ মুখোপাধ্যায়	বন্দী যারা	প্রবা, ১।৫৮ ৫৩-৫৯
রামাই বাউল	আনমনা	ভারত ১।৫৮ ৩৬-৮
ললিতমোহন বন্দ্যোপাধ্যায়	বেদান্তকেশরী বিবেকানন্দ	বসু ১।৫৮ ৩৯-৪৩
শরদিন্দু বন্দ্যোপাধ্যায়	কালের ঘন্ত্রিরা	ভারত ১।৫৮ ৩৬৯-৭৪
শিবদাস চক্রবর্তী	অভিসারিকা	প্রবা ১।৫৮ ৩১
শিবব্রত ঘোষ	বস্ত্রসংকট	প্রবা ১।৫৮ ৩৬৯-৭৪
শিশিরকুমার সেনগুপ্ত ও অমলকুমার ভাদুড়ী, বসু :—	অষ্টিন জেন, প্রাইজ এণ্ড প্রেজুডিস	দ্রষ্টব্য
শেখঃ আইন	পত্রগুচ্ছ	বসু ১।৫৮ ২৫-৩১
শেলী	শিল্প সামগ্রী	বসু ১।৫৮ ২৪২-৮
শৈলেন ভট্টাচার্য	দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের অবস্থা	বসু ১।৫৮ ৭৮-৭৯
শৈলেন্দ্রকৃষ্ণ লাহা	নববর্ষ	প্রবা ১।৫৮ ৮২
শৈলেন্দ্রনাথ সিংহ	গীতাভাষ্য	শনি ১২।৫৭ ৫৩০-৩৬
শৌরীন্দ্রকুমার ঘোষ	সাহিত্য সেবক মন্থরা	বসু ১।৫৮ ৫৫-৫৮
শ্যামসুন্দর বন্দ্যোপাধ্যায়	পাকিস্তানের কোন বান্ধবী	ভারত ১।৫৮ ৩৯১
সত্যপ্রসন্ন সেন	ভারতের রাশায়নিক শিল্পের পর্যালোচনা	ভারত ১।৫৮ ৩৫৩-৫৭
সাধনা মিত্র	রেডিও অ্যাকটিভিটি	বসু ১।৫৮ ১১২
সুকুমার সেন	আলোচনা	বি, ভা, প, মা-চৈ ৫৭
সুখেন্দু দত্ত	ট্রামে বাসে	বসু ১।৫৮ ১০২-৮৫
সুধাকর চট্টোপাধ্যায়	আধুনিক হিন্দী সাহিত্যে বাংলার স্থান	বসু ১।৫৮ ৬৫-৬৮

লেখক	লেখার নাম	পত্রিকা,	সংখ্যা	ও পৃষ্ঠা
সুধীর চন্দ্র কর (শান্তিনিকেতন)	শিক্ষাগুরু রবীন্দ্রনাথ	বসু	১।৫৮	৩৪-৩৮
সুধীর রঞ্জন গাঙ্গুলী	গুরুদক্ষিণা	প্রবা	১।৫৮	৪৬৩-৬৪
সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (ভাই)	পত্রগুচ্ছ	বসু	১।৫৮	২৪-২৮
সুরেশ চন্দ্র চক্রবর্তী	মানব মানবী	বসু	১।৫৮	১০৯-১১
সুরেশচন্দ্র বিশ্বাস	শ্রীকৃষ্ণবিরহ (২)	ভারত	১।৫৮	৪২২
সুষমা সিংহ	নিরুপমা দেবী	প্রবা	১।৫৮	৭০
সুহাসচন্দ্র রায়	আমাদের ইংরাজীশিক্ষা (২)	বসু	১।৫৮	৭০-৭২
হীরেন্দ্র নারায়ণ মুখোপাধ্যায়	তুমি আর আমি	প্রবা	১।৫৮	৮৭
হেমেন্দ্রকুমার রায়	লোলা মন্টেজ	বসু	১।৫৮	১০৬-১০৮
হেমেন্দ্র নাথ পালিত	বনবিষ্ণুপুর	প্রবা	১।৫৮	৪৬
হেমেন্দ্র প্রসাদ ঘোষ	দেশ বিদেশ	ভারত	১।৫৮	৪১৫-২২
হৃষীকেশ হালদার	সম্মোহন	বসু	৮।৫৮	১৭-১০২
ক্ষণপ্রভা ভাদুড়ী	রাজর্ষি রবীন্দ্রনাথ	প্রবা	১।৫৮	৫২
ক্ষেত্রনাথ রায়	খেলাধূলা	ভারত	১।৫৮	৪০৬-৪০

বিষয় সূচী

বিষয়	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও পৃষ্ঠা
অরবিন্দ ঘোষ	অরবিন্দ ঘোষ	বি,ভা,প মা-চৈ ৫৭ ১৫৯-৬২
অরবিন্দ ঘোষ	অরবিন্দ রবীন্দ্রের সহ নমস্কার	বি,ভা,প মা-চৈ ৫৭ ১৬২
আদম ও ঈভ	পৃথিবীর রূপ কথা	শনি ১২।৫৭ ৫৯৩-৯৮
আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ	আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ	ভারত ১।৫৮ ৩৮০-৮৩
আমেরিকা ভ্রমণ ও বিবরণ	অ্যাটম বোমার দেশে	বসু ১।৫৮ ৮৫-৮৮
আরব—ভ্রমণ বিবরণ	চারটি মুস্লিম রাষ্ট্রে	ভারত ১।৫৮ ৩২৭-৪০১
ইংরেজী ভাষা—শিক্ষা	আমাদের ইংরেজী শিক্ষা	বসু ১।৫৮ ৭১-৭২
ইকবাল	মোহাম্মদ ইকবাল	বসু ১।৫৮ ৭৯
বাংলা—ইতিহাস ১৯ শতক সামাজিক	রাণী রাসমণি ও নবদ্বীপের পণ্ডিত	প্রবা ১।৫৮ ২০-২১
ঐ—জাতীয় আন্দোলন	বিপ্লবী বাংলা	বসু
ইম্পীরিয়েল লাইব্রেরী	জাতীয় গ্রন্থাগার কলিকাতা	দ্রষ্টব্য
উপন্যাস	আকাশ পাতাল	বসু ১।৫৮ ১১-১৬
	কল্যাণ সঙ্ঘ	শনি ১২।৫৭ ৫৩৭-৪৭
	কালের মন্দিরা	ভারত ১।৫৮ ৩১৯-৭৪
	অনান্তিক	বসু ১।৫৮ ১৭-২৫
	ঘার মণ্ডল	ভারত ১।৫৮ ৪০২-৭
	প্রাইড ও প্রেজুডিস	বসু ১।৫৮ ৫৯
	বন্দীরাজ	প্রবা ১।২৮ ৫৩-৫৯
	রাজনগর	প্রবা ১।৫৮ ৬৫ ৭০
	লালমাটি	ভারত ১।৫৮ ৩৯২-৯৬
	সম্মোহন	বসু ১।৫৮ ৯৭-১০২
কচ ও দেবযানী	কচ ও দেবযানী	ভারত ১।৫৮ ৩৭৫-৭৬
কাব্য ও কবিতা	অভিসারিকা	প্রবা ১।৫৮ ৩১
	অরবিন্দ রবীন্দ্রের সহ নমস্কার	বি, ভা, প মা-চৈ ৫৭ ১৬২
	আমমমা	ভারত ১।৫৮ ৩৬৮
	কতকাল	ভারত ১।৫৮ ৪২৬
	তুমি আর আমি	প্রবা ১।৫৮ ৮৭
	নববর্ষ	প্রবা ১।৫৮ ৮২
	পদাবলী	বসু ১।৫৮ ৩৮

বিষয়	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও পৃষ্ঠা		
কাব্য ও কবিতা	পাকিস্থানের কোন বান্ধবীকে	ভারত	১।৫৮	৩৯২
	পুনর্ণবা	প্রবা	১।৫৮	২৩
	বিদ্রোহী নজরুল	বসু	১।৫৮	৬৪
	মানব মানবী	বসু	১।৫৮	১০৯-১১
	মীরা	প্রবা	১।৫৮	৫৯ ৬০
	রাজর্ষি রবীন্দ্রনাথ	প্রবা	১।৫৮	৫২
	রামের বাণী	শনি	১২।৫৭	৫৮৪-৮৬
	শুভ বৈশাখ ১৩৫৮	প্রবা	১।৫৮	১৯
	শ্রীকৃষ্ণ বিরহ (২)	ভারত	১।৫৮	৪১২
	শ্রীরামকৃষ্ণদেব	বসু	১।৫৮	১১২
	শ্রীশঙ্করদেব	ভারত	১।৫৮	৩৭৪
	সন্ধ্যা	প্রবা	১।৫৮	৫৪
	সাঁওতালী ও আরও কিছু	শনি	১২।৫৭	৫৫৮-৬২
	স্বাক্ষর	বি,ভা,প মা-চৈ	৫৭	১৫৩-৫৪
	হে ঈশ্বর তুমি কহ কথা	ভারত	১।৫৮	৪১২
কলিকাতা জাতীয় গ্রন্থাগার	জাতীয় গ্রন্থাগার কলিকাতা	দ্রষ্টব্য		
কালিম্পং, ভ্রমণ ও বিবরণ	আমাদের কালিম্পং (সচিত্র)	প্রবা	১।৫৮	২৭-৩১
কুরী, মাদাম	গল্প হলেও সত্যি	বসু	১।৫৮	৭৯
মিশর, কৃষি	মিশরের কৃষি	প্রবা	১।৫৮	৪৪-৪৫
পশ্চিমবংগ, খাদ্য	পশ্চিমবাংলা কি ঘাটতি প্রদেশ ?	ভারত	১।৫৮	৫০৯-১০
খেলাধূলা	খেলাধূলা	ভারত	১।৫৮	৫৩৬-৪০
গল্প	জ্যোতিষী	বসু	১।৫৮	৯৩-৯৫
	ট্রামবাসে	বসু	১।৫৮	১০২-৫
	দুঃস্বপ্ন	ভারত	১।৫৮	৩৬২-৬৬
	বরকর্তা	প্রবা	১।৫৮	৩৭-৪১
	বন্ধু ও বান্ধব	শনি	১২।৫৭	৫৬২-৬৯
	শিল্পসামগ্রী	বসু	১।৫৮	৯৫-৫৭
গান ও স্বরলিপি	মন মোহন ব্রজ কে বলিয়া	প্রবা	১।৫৮	৮৩-৮৬
	স্বরলিপি	বি, ভা, প, মা-চৈ		৫৭-২০৩-৫
গীতাভাষ্য—আলোচনা	গীতাভাষ্য	শনি	১২।৫৭	৫২৫-৩০
ঐ	ঐ	শনি	১১।৫৭	৫৩০-৩৬
গীতা-সাম্যবাদ	গীতায় সাম্যবাদ	বসু	১।৫৮	৪৯-৫৪

বিষয়	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও	পৃষ্ঠা
গ্রন্থাকার পঞ্জী, গ্রন্থপরিচয়	সাহিত্য সেবক মণ্ডলী	বসু ১৩৫৮	৫৫-৫৮
	পুস্তক পরিচয় দ্রষ্টব্য		
গ্রন্থাগার আন্দোলন	বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ সম্মেলন	ভারত ১৩৫৮	৫০৭-১
গ্রন্থাগার ও গ্রন্থাগার বিজ্ঞান	গ্রন্থাগার পরিচালনা	বসু ১৩৫৮	১১৫-১২২
	জাতীয় গ্রন্থাগারের তৃতীয় পর্ব।	প্রবা ১৩৫৮	৪১-৫২
গ্রন্থাগার সম্মেলন-পশ্চিমবঙ্গ	বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ সম্মেলন	ভারত ১৩৫৮	৪০৭-১
চার্চিল, উইনষ্টন, এস	আত্মস্মৃতি, বাল্যকাল	বসু ১৩৫৮	১১৩-১৪
চিত্রকলা	গুরুদক্ষিণা	প্রবা ১৩৫৮	৬৩ ৬৪
চিত্রকলা, ভারতীয়	ভাবীকালের ভারতীয় চিত্রেরূপ	প্রবা ১৩৫৮	১৭-১৯
জর্জ বার্ণার্ড শ	জর্জ বার্ণার্ড শ ১৮৫৬—১৯৫০ বি, ভা,প,মা-	চৈ-৫৭	১৭৫-৯৫
জাতীয় আন্দোলন বাংলা	বিদ্রোহী	বসু ১৩৫৮	১০৫
	বিপ্লবী বাংলা	বসু ১৩৫৮	৭৩-৭৫
জাতীয় গ্রন্থাগার, কলিকাতা	জাতীয় গ্রন্থাগারের তৃতীয় পর্ব	প্রবা ১৩৫৮	৪১-৫২
জিদ্ আঁদ্রে	আঁদ্রে জিদ্	প্রবা ১৩৫৮	৭৬ ৭৮
ঝাঁসীর রাণী	ঝাঁসীর রাণী	বসু ১৩৫৮	৭৬-৭৮
তাম্রকূট সেবন	ভারতে ইংরেজের তাম্রকূটসেবন	ভারত ১৩৫৮	৩৭৭ ৭৯
দক্ষিণ আফ্রিকা—ভারতীয়দের অবস্থা	দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের অবস্থা	বসু ১৩৫৮	৭৮-৭৯
দামোদর উপত্যকা পরিকল্পনা	দামোদর উপত্যকা পরিকল্পনা	প্রবা ১৩৫৮	৭১-৭৬
দাসত্ব	দাসত্ব	শনি ১২ ৫৭	৫২৮-৮০০
দেবযানী	কচ ও দেবযানী দ্রষ্টব্য		
দেশের অবস্থা বনাম বিপ্লব	কয়েকটি প্রশ্ন	শনি ১২৫৭	৫২১-২৫
দেহবিজ্ঞান	দেহবিজ্ঞান	বসু ১৩৫৮	৫৪
নকল	যাচ্ছে লোক	বসু ১৩৫৮	৯২-৯৩
নজরুল	বিদ্রোহী নজরুল	বসু ১৩৫৮	৬৪
নন্দলাল বসু	গুরু দক্ষিণা	প্রবা ১৩৫৮	৪৬৩-৬৪
নবদ্বীপ—পণ্ডিত সমাজ	রাণী রাসমণি ও নবদ্বীপের পণ্ডিত	প্রবা ১৩৫৮	২০-২৩
নববর্ষ—হালখাতা	হালখাতা	বসু ১৩৫৮	৮৯-৯১
নাটক	কমল ও কপোতী	প্রবা ১৩৫৮	২৪-২৬
	বেদান্ত কেশরী বিবেকানন্দ	বসু ১৩৫৮	৩৯-৪৩
নিকোবর	আন্দামান ও নিকোবর দ্রষ্টব্য		
নিবেদিতা, ভ্রেন্ডারিক	ভ্রেন্ডারিক নিবেদিতা	ভারত ১৩৫৮	৩৬৬-৬৮

বিষয়	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও পৃষ্ঠা
নিরুপমা দেবী	নিরুপমা দেবী	প্রবা ১।৫৮ ৭০
ঐ	নিরুপমা দেবীর "দিদি"	ভারত ১।৫৮ ৩৮৮-৯১
নৃত্যকলা ও নৃত্যশিল্পী	নৃত্যশিল্পী ভাস্কর রায় চৌধুরী	প্রবা ১।৫৮ ৪১ ৪৩
পঞ্চকন্যার ইতিহাস	পঞ্চকন্যার ইতিহাস	বসু ১।৫৮ ৭২
পত্রী, গ্রাহকার	সাহিত্য সেবক মণ্ডলী	বসু ১।৫৮ ৫৫ ৫৮
পত্রী, সাময়িকপত্র	বাংলা সাময়িক পত্রের সংক্ষিপ্ত পরিচয়	বসু ১।৫৮ ৪৪-৪৮
পত্রগুচ্ছ	পত্রগুচ্ছ	বসু ১।৫৮ ২১ ১৮
পথের পাঁচালী—সমালোচনা	পথের পাঁচালী (রবীন্দ্রনাথ কৃত)	বি,ভা,প মা-চৈ ৫৭ ১৭৪
পরিকল্পনা ভারতবর্ষ দামোদর, উপত্যকা	দামোদর উপত্যকা পরিকল্পনা	প্রবা ১।৫৮ ৭১-৭৬
পশ্চিমবংগ—খাদ্য সমস্যা	পশ্চিমবাংলা কি ঘাটতি প্রদেশ	ভারত ১।৫৮ ৪০৯-১০
পুস্তক পরিচয়	গ্রন্থ পরিচয়	বি,ভা,পমা চৈ ৫৭ ১৯৮-২০৮
	পুস্তক পরিচয়	প্রবা ১।৫৮ ৮৮-৯৪
	সাহিত্য সংবাদ	ভারত ১।৫৮ ৪৪০
পৃথিবীর জন্ম	পৃথিবীর রূপ কথা	শনি ১২।৫৭ ৫৯৩-৯৮
প্রতিশব্দ—বাংলা	রত্নমালা	বসু ১।৫৮ ২৩
প্রেম	রবীন্দ্র সাহিত্যে প্রেমের প্রগতি	প্রবা ১।৫৮ ৫৫ ৩৭
ফ্রেডারিক নিৎসে	ফ্রেডারিক নিৎসে	ভারত ১৪৮। ৩৬৬-৬৮
বনবিষ্ণুপুর	বিষ্ণুপুর দ্রষ্টব্য	
বর্ষফল—রাষ্ট্রগত	সন ১৩৫৮ সাল	ভারত ১।৫৮ ৬৫৮-৬১
বস্ত্র শিল্প	শিল্প ও বাণিজ্য—বয়ন দ্রষ্টব্য	
বার্ণার্ড শ	বার্ণার্ড শ দ্রষ্টব্য	
যতীন্দ্রনাথ (বাবা)	বিদ্রোহী	বসু ১।৫৮ ১০৫
বিক্রমপুর—মূর্তিশিল্প	বিক্রমপুরের অতীত ঐশ্বর্য	ভারত ৫৮।১ ৩৮৩-৮৮
বিজ্ঞাপন ও প্রচার	বেটারো প্রচার সংঘ	বসু ১।৫৮ ৬৮
বিবেকানন্দ	বেদান্ত কেশরী বিবেকানন্দ	বসু ১।৫৮ ৩৯-৪৩
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়	বিভূতিভূষণের ছোট গল্প	বি,ভা,প মা-চৈ ৫৭ ১৫৮-৭৬
	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ; বিভূতি ভূষণের রচনা	বি,ভা,প মা-চৈ ৫৭ ১৬৩-৬৮
বিষ্ণুপুর—ভ্রমণ ও বিবরণ	বনবিষ্ণুপুর	প্রবা ১।৫৮ ৪৬
ভাষা—বিকার ও মুদ্রাদোষ	ভাষার মুদ্রাদোষ ও বিকার	প্রবা ১।৫৮ ১৫৩-৫৮
ভাষা—ভারতীয়	ভাষা	ভারত ১।৫৮ ৪২৩-২৬

বিষয়	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও পৃষ্ঠা
ভাস্কর্য ও মূর্তি কলা	বিক্রমপুরের অতীত ঐশ্বর্য	ভারত ১।৫৮ ৩৮৩-৮৮
ভাস্কর রায় চৌধুরী	নৃত্যশিল্পী ভাস্কর রায় চৌধুরী	প্রবা ১।৫৮ ৪২-৪৩
ভ্রমণ ও বিবরণ	স্থানের নাম দ্রষ্টব্য	
মিশর—কৃষি	মিশরের কৃষি	প্রবা ১।৫৮ ৪৪-৪৫
মোহাম্মদ ইকবাল	মোহাম্মদ ইকবাল	বসু ১।৫৮ ৭৯
যাযাবর—দৃষ্টিপাত	যাযাবর (ছন্ন) অনাস্তিক দ্রষ্টব্য	
রবীন্দ্রনাথ	শিক্ষা গুরু রবীন্দ্রনাথ	বসু ১।৫৮ ৩৪-৩৮
	হিন্দীগ্রন্থে রবীন্দ্রনাথের কবিতা	প্রবা ১।৫৮ ৮১-৮২
রাণী রাসমণি	রাণী রাসমণি ও নবদ্বীপের পণ্ডিত	বসু প্রবা ১।৫৮ ২০-২৩
রামকৃষ্ণ পরমহংস	শ্রীরামকৃষ্ণ দ্রষ্টব্য	
রাষ্ট্র বিজ্ঞান সম্মেলন—ভারতবর্ষ	ভারতীয় রাষ্ট্রবিজ্ঞান সম্মেলন	ভারত ১।৫৮ ৪১০-১২
রাসায়নিক শিল্প—ভারতবর্ষ	ভারতের রাসায়নিক শিল্পের পর্যালোচনা	ভারত ১।৫৮ ৩৫৩-৫৭
রেডিও অ্যাকটিভিটি	রেডিও অ্যাকটিভিটি	বসু ১।৫৮ ১১২
লক্ষ্মীবাই	ঝাঁসীর রাণী দ্রষ্টব্য	
লোলা মণ্টেজ	লোলা মণ্টেজ	বসু ১।৫৮ ১০৬-৮
শান্তি আন্দোলন	শান্তি চাই কেন ?	বসু ১।৫৮ ৮০-৮১
শিল্প ও বাণিজ্য—যন্ত্র, বস্ত্র সংকট	বস্ত্রসংকট	প্রবা ১।৫৮ ৬১-৬৩
শিক্ষা—ছেলেমেয়েদের	আমাদের ছেলেরা	প্রবা ১।৫৮ ৭৯-৮২
শিক্ষা বিজ্ঞান—ভাষা, ইংরেজী	আমাদের ইংরাজী শিক্ষা (২)	বসু ১।৫৮ ৭০-৭২
শিক্ষা বিজ্ঞান ও রবীন্দ্রনাথ	শিক্ষাগুরু রবীন্দ্রনাথ	বসু ১।৫৮ ৩৪-৩৮
শ্রীরামকৃষ্ণ	পরমপুরুষ শ্রীরামকৃষ্ণ	বসু ১।৫৮ ২-১০
	যুগাবতার	বসু ১।৫৮ ৮৩-৮৫
	শ্রীরামকৃষ্ণদেব	বসু ১।৫৮ ১২২
সফলতা	মানুষে যা চায়	শনি ১২।৫৭ ৫৬২-৮৪
সবাকচিত্র—বাংলা	৫৭-৫৮ ১৩৫৭—১৩৫৮	বসু ১।৫৮ ১০৮
সংবাদ সাহিত্য	সংবাদ সাহিত্য	শনি ১২।৫ ৬০১-১২
সাময়িক পত্রপত্রী	পত্রী, সাময়িক পত্র দ্রষ্টব্য	
সাময়িকী	সাময়িকী	ভারত ১।৫৮ ৪২৭-৩৫
সাম্যবাদ—গীতা	গীতায় সাম্যবাদ	বসু ১।৫৮ ৫২-৫৩
সার্বজনীন আনন্দোৎসব—বিবর্তন	দশ আনা ছ আনার সালতামামী	শনি ১২।৫৭ ৫৮৭-৯৩
সাহিত্য—বাংলা	আধুনিক হিন্দীসাহিত্যে বাঙ্গালার স্থান	বসু ১।৫৮ ৬৫-৬৮

বিষয়	লেখার নাম	পত্রিকা, সংখ্যা ও পৃষ্ঠা
ঐ—রবীন্দ্রনাথ	রবীন্দ্র সাহিত্যে প্রেমের প্রগতি	প্রবা ১।৫৮ ৩৪-৩৬
সাহিত্য—সংবাদ	পুস্তক পরিচয় দ্রষ্টব্য	
ঐ—হিন্দী	আধুনিক হিন্দী সাহিত্যে বাংলার স্থান	বসু ১।৫৮ ৫৫-৬৮
সাংবাদিকতা ও সাংবাদিক	সাংবাদিক ক্ষেত্রমোহন সেনগুপ্ত বিদ্যারত্ন (সচিত্র)	প্রবা
হালখাতা—নববর্ষ	হালখাতা	বসু
ক্ষেত্রমোহন সেনগুপ্ত বিদ্যারত্ন	সাংবাদিক ক্ষেত্রমোহন সেনগুপ্ত বিদ্যারত্ন (সচিত্র)	প্রবা

গ্রন্থাগারিক সংবাদ

অবসর গ্রহণ

শ্রীসুধীন্দ্রনাথ চট্টোপাধ্যায়

ভারত সরকারের কলিকাতায় অবস্থিত কমার্সিয়াল লাইব্রেরীর গ্রন্থাগারিক শ্রীসুধীন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় দীর্ঘ ৩২ বৎসর যাবৎ দক্ষতার সহিত এই গ্রন্থাগারের সেবা করিবার পর কিছুকাল পূর্বে কার্য হইতে অবসর গ্রহণ করিয়াছেন। কার্যক্ষেত্রে জনসাধারণের সেবক হিসাবে তিনি যে নিষ্ঠার পরিচয় দিয়াছেন এবং গ্রন্থাগারিক হিসাবে যে সুনিপুণ কর্মদক্ষতার আদর্শ স্থাপন করিয়াছেন তাহা গ্রন্থাগারিকদের সর্বদা অনুকরণীয়। শ্রীযুক্ত চট্টোপাধ্যায় কিছুদিন ভারতীয় গ্রন্থাগার পরিষদের সহকারী সম্পাদক ছিলেন। আমরা তাঁহার শান্তিময় দীর্ঘজীবন কামনা করি।

নিয়োগ

শ্রীফণীভূষণ রায়

শ্রীফণীভূষণ রায় ভারত সরকারের কমার্সিয়াল লাইব্রেরীর গ্রন্থাগারিকের পদে স্থায়ী ভাবে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুক্ত রায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক বিদ্যায় ডিপ্লোমা প্রাপ্ত একজন উৎসাহী যুবক। গ্রন্থাগারিক হিসাবেও তাঁহার অভিজ্ঞতা আছে। আমরা আশা করি তিনি ঐ পদে স্থায়ীভাবে নিযুক্ত হইবেন।

শ্রীপ্রমোদচন্দ্র বন্দ্যোপাধ্যায়

কলিকাতা আশুতোষ কলেজের গ্রন্থাগারিক শ্রীপ্রমোদচন্দ্র বন্দ্যোপাধ্যায় সেণ্ট্রাল গ্লাস এণ্ড সেরামিক রিসার্চ ইনষ্টিটিউটের গ্রন্থাগারে গ্রন্থাগারিকের পদে নিযুক্ত হইয়াছেন। বর্তমান পদে তিনি তাঁহার সুনাম অক্ষুণ্ণ রাখিবেন ইহাই আমরা আশা করি।

শ্রীবিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক শ্রীবিশ্বনাথ বন্দ্যোপাধ্যায় হিজলীতে (মেদিনীপুর) ভারত সরকারের নবপ্রতিষ্ঠিত ইণ্ডিয়ান ইনষ্টিটিউট অফ্ টেকনোলজির গ্রন্থাগারিকের পদ গ্রহণ করিয়াছেন। দীর্ঘ ১৬ বৎসর কলিকাতা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ন্যায় একটি বিরাট প্রতিষ্ঠানের নিরবিচ্ছিন্ন সেবার পর আর একটি বিরাট প্রতিষ্ঠান গড়িয়া তুলিবার জন্য নব উদ্যমে দায়িত্ব গ্রহণ করা বিশেষ প্রশংসার বিষয়। গ্রন্থাগার পরিচালনায় ও গ্রন্থাগার আন্দোলনে তাঁহার অভিজ্ঞতা এবং নিজের কর্মদক্ষতার বলে তিনি তাঁহার নূতন দায়িত্বভার কৃতিত্বের সহিত বহন করিবেন ইহা সহজেই অনুমেয়। নূতন কর্মক্ষেত্রে আমরা তাঁহার সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

শ্রীকেশব ভট্টাচার্য্য

শ্রীকেশব ভট্টাচার্য্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কলেজে স্থাপিত ইনষ্টিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্স লাইব্রেরীতে গ্রন্থাগারিকের পদে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুত ভট্টাচার্য্য ১৯৫০ খৃষ্টাব্দে গৃহীত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিকের ডিপ্লোমা পরীক্ষায় সম্মানের সহিত উত্তীর্ণ হইয়াছেন।

বিদেশ গমন ও প্রত্যাবর্তন

শ্রীসুবোধকুমার মুখোপাধ্যায়

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক শ্রীসুবোধ কুমার মুখোপাধ্যায় সম্মিলিত জাতি সংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থার একটি ফেলোশিপ পাইয়া ইউরোপের বিভিন্ন দেশের গ্রন্থাগার পরিচালন ব্যবস্থা দেখিবার জন্য ছয় মাসের জন্য ইউরোপ গিয়াছেন। তিনি দেশে প্রত্যাবর্তন করিলে ইউরোপের গ্রন্থাগার সম্বন্ধে অনেক নূতন তথ্য আমরা জানিতে পারিব বলিয়া আশা করি।

শ্রীজীবানন্দ সাহা

'ইণ্ডিয়ান ষ্ট্যাটিষ্টিক্যাল ইনষ্টিটিউটের' গ্রন্থাগারিক শ্রীজীবানন্দ সাহা আমেরিকার গ্রন্থাগার বিজ্ঞান অনুশীলনের জন্য গিয়াছিলেন; তিনি সম্প্রতি দেশে প্রত্যাবর্তন করিয়াছেন আমরা তাঁহাকে সাদর অভ্যর্থনা জ্ঞাপন করিতেছি।

ভ্রম সংশোধন

'গ্রন্থাগারে'র প্রথম বর্ষের প্রথম সংখ্যার ত্রয়স্ত্রিংশ পৃষ্ঠার অষ্টত্রিংশতি লাইনে বর্তমান 'জায়াগ্রাম মাখনলাল পাঠাগার' স্থলে বর্তমান 'জাড়গ্রাম মাখনলাল পাঠাগার' হইবে।

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের প্রতিষ্ঠান-সভ্যের বার্তা ও বিবরণ

জাড়গ্রাম মাখনলাল পাঠাগার

সরকারী উচ্চ ইংরাজী বিদ্যালয়ের অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক স্বর্গীয় মাখনলাল দে মহাশয়ের স্মৃতিরক্ষার উদ্দেশ্যে ১৯২১ খৃষ্টাব্দের ৪ঠা জুলাই তারিখে বর্ধমান জেলার জাড়গ্রামে এই গ্রন্থাগারটি স্থাপিত হয়। গ্রন্থাগারের ১৯৫০ খৃষ্টাব্দের কার্যবিবরণ হইতে জানা যায় যে এই গ্রন্থাগারের সভ্যসংখ্যা ১২৮ ; তন্মধ্যে পুরুষ সভ্যের সংখ্যা ৭৪, স্ত্রী সভ্য সংখ্যা ২৮ এবং ছাত্র সভ্য সংখ্যা ২৬। এতদ্ব্যতীত সভ্য হিসাবে গ্রন্থাগারের ১০টি কেন্দ্র আছে। সভ্যের মাসিক চাঁদার হার দুই আনা ও চারি আনা। স্ত্রী ও ছাত্র সভ্য এবং দরিদ্র গ্রামবাসীদের বিনা চাঁদায় গ্রন্থাগার ব্যবহারের সুবিধা দেওয়া হয়। গ্রন্থাগারের অধীনে শিল্প, শিক্ষা ও সমাজ-সেবামূলক কার্যের নানাবিধ ব্যবস্থা আছে। পাঠাগারটির গ্রন্থসংখ্যা ৩১২৪। ইহার বার্ষিক আয় (১৯৫০) ১১৫৪।১০ এবং ব্যয় ১০২০৶১০। গ্রন্থাগারটি বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের পুরাতন প্রতিষ্ঠান সভ্যের অন্যতম।

পশ্চিমবঙ্গের শিক্ষা অধিকর্তা মহোদয় বর্ধমান জেলার সামাজিক শিক্ষা অধিকারীকের মারফৎ ১৯৫০-৫১ খৃষ্টাব্দে ছয়শত টাকা মূল্যের পুস্তক এই গ্রন্থাগারে প্রদান করিয়াছেন। বিভাগীয় কমিশনার মহাশয় ১৯৫১-৫২ খৃষ্টাব্দের জন্য পাঠাগারের উন্নতিকল্পে একশালীন ১৫০৲ দেড়শত টাকা দান করিয়াছেন। এতদ্ব্যতীত লোকশিক্ষার উদ্দেশ্যে গ্রন্থাগারের বয়স্ক শিক্ষা বিভাগ 'সান্ধ্যসভা' কর্তৃক অভিনীত 'চাঁদের মেয়ে' অভিনয়ের জন্য পশ্চিমবংগ সরকারের নিকট দুইশত টাকা সাহায্য পাওয়া গিয়াছে।

গত ১৯৪৫-৪৬ খৃষ্টাব্দ হইতে প্রতি বৎসর বর্ধমান জেলাবোর্ডের নিকট ১২৫৲ একশত কুড়ি টাকা বার্ষিক সাহায্য হিসাবে পাওয়া গিয়াছে। কিন্তু অর্থাভাবের কৈফিয়তে ১৯৫০-৫১ খৃষ্টাব্দ হইতে ঐ সাহায্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ পত্রিকায় (১৯৫০) বিভিন্ন জেলাবোর্ড কর্তৃক গ্রন্থাগারে প্রদত্ত সাহায্যের যে তালিকা প্রকাশিত হইয়াছিল প্রসঙ্গক্রমে জাড়গ্রাম মাখনলাল পাঠাগারের নাম সে তালিকায় উল্লেখ করা হয় নাই।

পাত্রসায়রের সন্তরণ নেতাজী লাইব্রেরী

(বাঁকুড়া)

"গত ২৬শে জানুয়ারী পাত্রসায়রের গ্রামে সন্তরণ নেতাজী লাইব্রেরীতে নেতাজী

সুভাষচন্দ্র বসুর ৫৬ তম জন্মদিবস পালন করা হয়। এই উপলক্ষে সকাল ৮৪০ টায় লাইব্রেরী প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

বেলা ১২।১৫ মিঃ ভোপধ্বনি সহকারে নেতাজীর প্রতিকৃতিতে মাল্যদান করা হয়।

সন্ধ্যা ৬৪০ টায় আলোক সজ্জার পর লাইব্রেরী গৃহে ডাঃ অনিলকুমার ঘোষ মহাশয়ের পৌরোহিত্যে মনোজ্ঞ অনুষ্ঠানে শ্রীরামকৃষ্ণ দত্ত, শ্রীধর্মদাস হাজরা, শ্রীবীরেন্দ্র নাথ পাল ও শ্রীরবীন্দ্রনাথ সেন প্রভৃতি নেতাজীর জীবন চরিত ও আদর্শ সম্বন্ধে আলোচনা করেন।

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের বার্তা, বিজ্ঞপ্তি ও বিবরণ

কলিকাতা পাবলিক লাইব্রেরীর প্রতিষ্ঠা দিবস

গত ১লা সেপ্টেম্বর শনিবার, ১৯৫১ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের উদ্যোগে বেলভেডিয়ারে ন্যাশানাল লাইব্রেরীতে কলিকাতা পাবলিক লাইব্রেরীর (পরবর্তী ন্যাশানাল লাইব্রেরী) প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। বংগীয় গ্রন্থাগার পরিষদের সভাপতি ডক্টর নীহাররঞ্জন রায় সভায় সভাপতিত্ব করেন।

সভার প্রথমে উদ্বোধন সংগীতের পরে তদানীন্তন ইম্পীরিয়াল লাইব্রেরীর গ্রন্থাগারিক বিখ্যাত ভাষাবিদ্ হরিনাথ দের প্রতিকৃতির আবরণ উন্মোচিত ও মাল্যভূষিত করা হয়। অতঃপর বিভিন্ন বক্তা কলিকাতা পাবলিক লাইব্রেরীর বিগত ১০০ শত বৎসরের ইতিহাস, বিভিন্ন পরিবর্তনের ধারায় ইহার ন্যাশানাল লাইব্রেরীতে পরিণতি ও বাংলা দেশের শিক্ষা ও সামাজিক ইতিহাসের সহিত ইহার সম্বন্ধের বিভিন্ন দিকের উপর আলোচনা করেন। বক্তাদের মধ্যে ডক্টর নীহাররঞ্জন রায়, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রধান গ্রন্থাগারিক শ্রীযুক্ত প্রমীলচন্দ্র বসু, ন্যাশানাল লাইব্রেরীর গ্রন্থাগারিক শ্রীযুক্ত বি, এস, কেশবন প্রভৃতি "কলিকাতা পাবলিক লাইব্রেরীর" বিভিন্ন দিক সম্বন্ধে আলোচনা করেন। সভার শেষে পরিষদের যুগ্ম সম্পাদক শ্রীযুক্ত প্রমোদচন্দ্র বন্দ্যোপাধ্যায় সকলকে ধন্যবাদ দেন।

জাতীয় সঙ্গীতের পর সভা শেষ হয়।

পরীক্ষার ফল—১৯৫১

নিম্নলিখিত পরীক্ষার্থীগণ ১৯৫১ সালের গ্রন্থাগার পরিচালন শিক্ষণ বিষয়ে গৃহীত পরীক্ষায় সফলতা অর্জন করিয়াছেন এবং Certificate of Training in Librarianship পাইবার অধিকারী হইয়াছেন।

(বর্ণানুসারে)

• ১। নির্মল রায়	১০। কমলা গুহঠাকুরতা
• ২। রামতুলাল ভট্টাচার্য	১১। নৃপেন্দ্রকুমার নাথ
• ৩। দীপালি গুহ	১২। সুধীন্দ্র সেনগুপ্ত
৪। পাঁচুগোপাল মৈত্র এমিড্ ডি সলোমন	১৩। অনুকূলচন্দ্র দে ১৪। তৃপ্তি রায়চৌধুরী
৬। শক্তি নিয়োগী	১৫। তুলালচাঁদ শী
৭। নিমেষরঞ্জন হালদার বীরেন্দ্র কিশোর রায়	১৬। গৌরী রায় ১৭। গোলোকবিহারী গোস্বামী
৯। শুভঙ্করী বন্দ্যোপাধ্যায়	১৮। চিত্তরঞ্জন দাস

• প্রথম তিনজন শতকরা ৮০ নম্বর পাইয়া Distinction পাইয়াছেন।

ডক্টর নীহাররঞ্জন রায় ও শ্রীকেশবনের সম্বর্ধনা

গত ২১শে জানুয়ারী কলিকাতা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ভবনে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের উদ্যোগে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি শ্রীঅপূর্বকুমার চন্দের সভাপতিত্বে বাগীশ্বরী অধ্যাপক ডক্টর নীহাররঞ্জন রায় এবং ন্যাশনাল লাইব্রেরীর গ্রন্থাগারিক শ্রী বি এস কেশবনকে আমেরিকা যাত্রার প্রাক্কালে এক মনোজ্ঞ অনুষ্ঠানে সম্বর্ধিত করা হয়। এই সভায় বহু বিশিষ্ট শিক্ষাবিদ্ ও গ্রন্থাগারিক উপস্থিত ছিলেন। অধ্যাপক বিমলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তাঁহার সাম্প্রতিক পশ্চিম ইউরোপ ও ইংলণ্ড ভ্রমণের এবং তথাকার কোন কোন গ্রন্থাগারের সুষ্ঠু পরিচালনার উল্লেখ করিয়া আশা প্রকাশ করেন যে, অদূর ভবিষ্যতে ভারতেও গ্রন্থাগারসমূহের অনুরূপ উৎকর্ষ হইবে, এরূপ সম্ভাবনা রহিয়াছে। অধ্যাপক বন্দ্যোপাধ্যায় বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের প্রতিনিধিরূপে ইউরোপের বিভিন্ন সংস্কৃতি কেন্দ্রে ভ্রমণ করিয়াছিলেন তাহার বর্ণনা করেন। শ্রীঅমাথবন্ধু দত্ত, শ্রীতিমকড়ি দত্ত ও শ্রীপ্রমীলচন্দ্র বসু অতিথিগণের প্রতি শুভেচ্ছা জানাইয়া বক্তৃতা করেন। শ্রীসুশীলকুমার ঘোষ এবং শ্রীনচিকেতা মুখোপাধ্যায় উভয়ে দুইটি করিয়া সময়োচিত স্বরচিত কবিতা পাঠ করেন। ডক্টর রায় ও শ্রীকেশবন অভ্যর্থনার উত্তরে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং দেশের সেবাতেই তাঁহাদের কর্তব্য ও আনন্দ—এইরূপ অভিমত প্রকাশ করেন। সভাপতি চন্দ মহাশয় অতিথিগণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং বলেন যে দেশের প্রতি গুরুদায়িত্ব লইয়া এই শিক্ষাব্রতী ও গ্রন্থাগারিকদ্বয় বিদেশে যাইতেছেন।

সমস্ত দেশের শুভেচ্ছা তাঁহাদের পশ্চাতে রহিয়াছে। শ্রীশচীন্দ্রনাথ রুদ্র কর্তৃক সভাপতিকে ধন্যবাদ দানের পর সভার কার্য্য শেষ হয়। উপস্থিত সভ্যগণকে চা-পানে আপ্যায়িত করা হয়।

• • •

সভ্যগণের প্রতি বিশেষ বিজ্ঞপ্তি

ইংরেজী ১৯৫১ সাল শেষ হইয়াছে, যাঁহারা এখন পর্য্যন্ত ঐ বৎসরের চাঁদা পরিশোধ করেন নাই, অবিলম্বে তাঁহারা ১৯৫২ সালের চাঁদার সহিত উহা পরিশোধ করিবেন। নিয়মানুযায়ী বার্ষিক চাঁদা (ব্যক্তিগত ২৲, প্রতিষ্ঠান ৩৲) অগ্রিম দেয়। বিনামূল্যে প্রেরিতব্য প্রকাশিত পত্রিকাদি চাঁদা বাকী থাকিলে সভ্যগণের নিকট পাঠান হয় না। সভ্যগণকে অবিলম্বে দেয় চাঁদা পরিশোধ করিবার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

শ্রীঅনাথবন্ধু দত্ত
সম্পাদক, বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

পশ্চিম বংগ বিধান সভা

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের বিশিষ্ট সভ্য, একান্ত হিতাকাঙ্খী এবং ভূতপূর্ব সহকারী সভাপতি শ্রীফণীন্দ্রনাথ মুখোপাধ্যায় বারাকপুর কেন্দ্র হইতে পশ্চিমবংগ বিধান সভায়

সদস্য নির্বাচিত হইয়াছেন। নির্বাচনে তাঁহার সাফল্যের জন্য আমরা তাঁহাকে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

শান্তিপুর হইতে নির্বাচিত শ্রীশচী ঘা বহুদিন ইণ্ডিয়ান এসোসিয়েশন ফর দি কাল্টিভেশন অব সায়েন্স এর গ্রন্থাগারিক ছিলেন এবং গ্রন্থাগারিক হিসাবে বিশেষ কৃতিত্বের সহিত তাঁহার দায়িত্ব পালন করিয়াছিলেন। তাঁহার কর্মজীবনে তিনি গ্রন্থাগারিকের কর্তব্য, দায়িত্ব ও অভাব অভিযোগের যে অভিজ্ঞতা লাভ করিয়াছেন আগামী দিনের কর্ম ব্যস্ততায় তাহা তিনি ভুলিবেন না, এ নিশ্চিত বিশ্বাস আমরা রাখি। তাঁহার নির্বাচনে আমরা তাঁহাকে অভিনন্দন জানাইতেছি।

গ্রন্থাগার

ত্রৈমাসিক পত্র

সম্পাদক
শ্রীপ্রমীল চন্দ্র বসু

৩য় ও ৪র্থ খণ্ড ১৩৫৯

বংগীয় গ্রন্থাগার সম্মেলন

আগামী ৩রা ও ৪ঠা এপ্রিল নদীয়া জেলার শান্তিপুরে অধ্যাপক সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের সভাপতিত্বে বঙ্গীয় গ্রন্থাগার সম্মেলন অনুষ্ঠিত হইবে। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের সভ্যদের সম্মেলনে প্রতিনিধিদের দেয় ২৲ চাঁদা দিতে হইবে না। সভ্যদের বাকী চাঁদা এবং ১৯৫৩ খৃষ্টাব্দের চাঁদা অবিলম্বে পরিষদের কার্যালয়ে জমা দিবার জন্য অনুরোধ করা যাইতেছে। সম্মেলন সংক্রান্ত বিস্তারিত বিবরণ পরিষদ কার্যালয়ে অথবা শান্তিপুর পাব্‌লিক লাইব্রেরী হইতে জানা যাইবে।

BENGAL LIBRARY ASSOCIATION
বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

গ্রন্থাগার

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের মুখপত্র

৩য় ও ৪র্থ খণ্ড ১৩৫৯ সাল

সম্পাদক
শ্রীপ্রমীলচন্দ্র বসু
সহঃ সম্পাদক
মনোজ নিয়োগী
কামাখ্যা প্রসাদ বন্দ্যোপাধ্যায়

সূচী

	বিষয়	পৃষ্ঠা
১।	আমাদের কথা	১
২।	সাহিত্যে ছদ্মনাম ...	৪
৩।	লাইব্রেরীতে স্বায়ত্ত শাসনমূলক প্রতিষ্ঠানের সাহায্য	৮
৪।	দিল্লী পাবলিক লাইব্রেরী	১০
৫।	বাংলা পুস্তকের ত্রৈমাসিক তালিকা ...	১১
৬।	জাতীয় গ্রন্থাগার, মাদ্রাজ গ্রন্থাগার পরিষদ	১৮
৭।	কাল পেঁচার দু'কলম	১৯
৮।	আদর্শ বিদ্যালয়ের গ্রন্থাগার	২২
৯।	সংবাদপত্র সংবাদ	২৪
১০।	বিশেষ (স্পেশাল) গ্রন্থাগার ...	২৫
১১।	জাপানের গ্রন্থাগারিক বৃত্তি শিক্ষা প্রতিষ্ঠান	২৮
১২।	স্বর্গত মুনীন্দ্র দেব রায় মহাশয়ের স্মৃতিসভা	২৯
১৩।	পশ্চিম বঙ্গ সরকার ও গ্রন্থাগার	২৯
১৪।	গ্রন্থাগার সপ্তাহ, কলিকাতা পাবলিক লাইব্রেরী প্রতিষ্ঠা দিবস	৩১
১৫।	নিষিদ্ধ পুস্তক ঘোষণার প্রত্যাহার	৩২
১৬।	কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক বিদ্যায় ডিপ্লোমা পরীক্ষার ফল	৩২
১৭।	বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের প্রতিষ্ঠান সভ্যের বার্তা ও বিবরণ ...	৩৩
১৮।	বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের বার্তা ও বিজ্ঞপ্তি	৩৭
১৯।	গ্রন্থাগারিক সংবাদ	৪৪
২০।	গ্রন্থ-সমালোচনা ...	৪৫
২১।	বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের গ্রন্থাগারিক বৃত্তি পরীক্ষার ফল	৪৭
২২।	বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের নূতন সভ্য ...	৪৮
২৩।	সাময়িকপত্র রচনা-সূচী	৫০

যাঁরা পড়তে চান—
ও জানতে চান!

রেবতী বর্মণের

সমাজ ও সভ্যতার ক্রমবিকাশ

বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী থেকে সমগ্র মানব সভ্যতার অগ্রগতির ইতিহাস এই প্রথম বাংলা ভাষায় প্রকাশিত হয়েছে। আদিম মানব সমাজের বিভিন্ন রূপ থেকে শুরু ক'রে শ্রেণী সমাজের মধ্য দিয়ে কি ভাবে মানব সভ্যতা এগিয়ে চলেছে তার ঐতিহাসিক বস্তুবাদী বিশ্লেষণ; বাংলা ভাষায় এমন গ্রন্থ আর নেই। লাইনো ছাপা, বোর্ড বাঁধাই

দাম ৩৷৷০ টাকা

ফাঁসীর মঞ্চ থেকে

নাৎসী কারাগারে নিহত চেকো-শ্লোভাক বীর জুলিয়াস ফুচিকের গোপন পত্রের সংকলন—পৃথিবীর ৫০টি ভাষায় লক্ষ লক্ষ কপি মুদ্রিত ও বিক্রীত হয়েছে। সুন্দর প্রচ্ছদপট, চমৎকার ছাপা ও বাঁধাই। দাম ১৸০ আনা

সোভিয়েট বিরোধী চক্রান্ত

এলবার্ট কাহন ও সেয়ার্সের বিখ্যাত বই "গ্রেট কন্‌স্পিরেসি এগেন্‌সট্‌ রাশিয়া" বইখানির অনুবাদ। দাম সাড়ে তিন টাকা

সদ্য প্রকাশিত!

পাঁচুগোপাল ভাদুড়ীর লেখা

আমেরিকার সাম্রাজ্যবাদ

মার্কিন সাম্রাজ্যবাদ আজ তার বীভৎস রূপ নিয়ে গ্রাস করতে চাইছে সারা দুনিয়াকে—নতুন এক বিশ্বযুদ্ধে ডুবিয়ে দিতে চাইছে গোটা পৃথিবীকে। কোন্ আভ্যন্তরীন সংকটের ফলে, ধন-তন্ত্রের কোন্ অপরিহার্য নিয়মের বশবর্তী হয়ে সে এ পথ বেছে নিয়েছে—তার অর্থনৈতিক ভিত্তিই বা কি, এ সব নিয়ে তথ্যমূলক রচনা। মার্কিন সাম্রাজ্য-বাদের রাহুগ্রাসের কবলে ছোট বড় নানাদেশের সঙ্গে ভারতও জড়িয়ে পড়ছে নানাবিধ প্রত্যক্ষ-অপ্রত্যক্ষ চুক্তি মারফত। এ সম্পর্কে বহু তথ্য ও মানচিত্র সরবরাহ করেছেন লেখক। অধ্যাপক হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের ভূমিকা সংবলিত।

দাম একটাকা চার আনা

ন্যাশনাল বুক এজেন্সি লিমিটেড

১২, বঙ্কিম চাটার্জি ষ্ট্রীট, কলিকাতা-১২

✒ মিত্রালয়ের বই ✒

বাংলাগ্রন্থজগতে অবশ্যপাঠ্য যুগান্তর

পরমপুরুষ শ্রীশ্রীরামকৃষ্ণ

অচিন্ত্যকুমারের অমর সাহিত্যকীর্তি

৯ মাসে সপ্তম মুদ্রণ প্রকাশিত হল

প্রতিটি খণ্ডের মূল্য ৪৲

পল্লীপ্রকৃতি আর কৈশোরের
তীব্র ভালোবাসার কাহিনী

দুইবাড়ি

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

দাম ২৷৷০

ইতিহাসে এ-গ্রন্থের সমকক্ষ আত্মজীবনী
বাংলাসাহিত্যে বিরল

শিবনাথ শাস্ত্রীর

আত্মচরিত

দাম ৫৲

'নিমন্ত্রণে' লেখিকার
অজস্রের মধ্যে প্রথম উপন্যাস

শ্রীমতী

লীলা মজুমদার

হাস্যকৌতুকে অফুরন্ত রসের
একটি পরিবারের কাহিনী। ২৷০

অবনীন্দ্রনাথের শিল্পসাধনার একটি বিস্ময়কর
দিকচিত্র উদ্ঘাটিত হয়েছে এ গ্রন্থে

স্মৃতিচিত্র

প্রতিমা দেবী

অজস্রচিত্রে ৮টি মূল্যবান আলোকচিত্র

দাম ২৷০

আধুনিক বিখ্যাতদের মধ্যে নির্ঘণ্টতম কবির
তিরিশটি কবিতার সংকলন

কালসন্ধ্যা সেন

জীবনানন্দ দাশ

দাম ২৲

আত্মবলেশে অন্ধকারাসির কথা

সুকুমার রায়ের

হ-য-ব-র-ল

অনুপম সংকলন ৷৷০

শুদ্ধতম কবিদের মধ্যে যিনি
অগ্রণী—সেই

নরেশ গুহ-র

ধূসর দুপুর

প্রথম কাব্যসংকলন ২৲

স্বদেশী এবং বিদেশীয় চিন্তা-কবি-সাহিত্যিকদের
বিষয়ে মৌলিক আলোচনা

সাহিত্যের ভবিষ্যৎ

বিষ্ণু দে

দাম ২৲

মিত্রালয় বুকশপ

১২ বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট

১৪২/১ রাসবিহারী এভেনিউ

ডক্টর দীনেশচন্দ্র সেন প্রণীত

বঙ্গভাষা ও সাহিত্য

অষ্টম সংস্করণ

বঙ্গভাষার উৎপত্তি হইতে ইংরেজ প্রভাবের পূর্ব পর্যন্ত বঙ্গসাহিত্যের ক্রমবিকাশের গবেষণামূলক তথ্যপূর্ণ নির্ভুল পূর্ণাঙ্গ ইতিহাস। গ্রন্থকারের স্বতঃস্ফূর্ত সুললিত ভাষায় বিরল প্রাচীন কাব্য-সংহিতা-সমূহের ধারাবাহিক বিবরণী, অসংখ্য উদ্ধৃতির মূল অংশ, অনুবাদ, টীকা, ভাষ্য, মনোজ্ঞ ভূমিকা ও ডক্টর প্রবোধচন্দ্র গুহ, ডি-লিট লিখিত মূল্যবান পরিশিষ্ট সহ। মূল্য ১৫৲ টাকা।

প্রাপ্তিস্থান— দাশ গুপ্ত এণ্ড কোং

৫৪।৩, কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

—কয়েকখানি নূতন বই—

গজেন্দ্র মিত্রের ৪৷৷০
নরেন্দ্র মিত্রের ৪৷৷০

শ্রেষ্ঠ গল্প

বিভূতি ভূষণ বন্দ্যোপাধ্যায়ের ৫৲
প্রবোধ কুমার সান্যালের ৫৲

আশাপূর্ণা দেবীর ৫৲

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের **সরস গল্প ৪৲**	বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের **সরস গল্প ৫৲**	রমেশচন্দ্র সেনের **গৌরীগ্রাম ৫৲**
শাকল ঘোষ অনূদিত **প্রেমচাঁদের গল্প ২৲**	গৌরীশঙ্কর ভট্টাচার্য্য অনূদিত টলষ্টয়ের **ওঅর য়্যাণ্ড পীস**	১ম খণ্ড=৩৷৷০ ২য় খণ্ড=৩৲ ৩য় খণ্ড=৩৷৷০

তারাশঙ্করের

কবি ৪৲ আমার সেরা গল্প (যন্ত্রস্থ) অভিযান ৫৲ আমার কৈশোর (যন্ত্রস্থ)

মিত্র ও ঘোষ,, ১০, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা—১২

পরশুরামের নূতন বই

ধুস্তুরীমায়া ইত্যাদি গল্প

অদ্ভুত অনন্যসাধারণ বিচিত্র
গল্পাবলী — আহার নিদ্রা ত্যাগ করে
সব কাজ ফেলে রেখে পড়তে হবে।

—দাম তিন টাকা—

এম. সি. সরকার অ্যাণ্ড সন্স, লিঃ

১৪, বঙ্কিম চাটুজ্যে ষ্ট্রীট, কলিকাতা—১২

প্রবোধ কুমার সান্যালের নতুন উপন্যাস
বন হংসী ৪॥০

মনোজ বসুর নতুন উপন্যাস
বকুল ২৲ কুঙ্কুম ২৲

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের
হাঁসুলী বাঁকের উপকথা (৩য় সং) ৭৲

বনফুলের
স্থাবর (২য় সং) ৭৲ জঙ্গম ১ম ৪॥০
২য় ৪॥০ ৩য় ৬॥০

বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের
দুয়ার হ'তে অদূরে ৩৲

সৈয়দ মুজতবা আলীর
পঞ্চতন্ত্র (৪র্থ সং) ৩॥০
ময়ূরকণ্ঠী ৩॥০

রঞ্জনের আধুনিকতম বই
অসংলগ্ন ৩৲

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের
শিলালিপি (২য় সং) ৫॥০

নরেন্দ্র নাথ মিত্রের
দেহ মন ৪৲

সতীনাথ ভাদুড়ী
সত্যি ভ্রমণ কাহিনী ৩॥০

বেঙ্গল পাবলিসার্স ঃ—১৪, বঙ্কিম চাটুজ্জে ষ্ট্রীট, কলিকাতা-১২

সুধীর চন্দ্র রায়ের গল্পগ্রন্থ

কাঁচামাটি

মনোজ বসু, সরোজ আচার্য, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, শিবনারায়ণ রায়, প্রমুখ সুধীজন কর্তৃক সুপ্রশংসিত।

দেশ, আনন্দবাজার, অমৃতবাজার, সত্যযুগ, পূর্বাচল প্রভৃতি পত্রিকায় বিস্তৃত আলোচিত এই গ্রন্থের লেখককে ফরাসী-সাহিত্যিকের রচনাভঙ্গীর সহিত তুলনা করা হইয়াছে। লেখকের প্রধান বৈশিষ্ট্য, তিনি তাঁহার গভীর মননশক্তির সহিত তীব্র বিদ্রূপ প্রয়োগ করিয়া বাংলার বিভিন্ন-দিকের সমস্যার মর্ম পূর্ণভাবে পাঠকের হৃদয়ে পৌঁছাইয়া দিতে সক্ষম হইয়াছেন। ইহা যেন বাংলাদেশের ১৯৩৯-৪৩ এর কাহিনী-ইতিহাস।

—প্রাপ্তিস্থান—

সিটি বুক কোম্পানী

গ্রন্থাগার

আমাদের কথা

সংস্কৃতির সহিত গ্রন্থাগারের সম্পর্ক অবিচ্ছেদ্য। বাংলাদেশের সংস্কৃতির প্রাণ-কেন্দ্র কলিকাতা শহর। এই শহরের পৌর প্রতিষ্ঠান, 'কলিকাতা কর্‌পোরেশন' ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ পৌর প্রতিষ্ঠান। সংস্কৃতি সম্পন্ন শহরের পৌর-প্রতিষ্ঠান পুরবাসীর সেবার নিমিত্ত গ্রন্থাগারের যথোচিত আয়োজন রাখিবেন শহরের অধিবাসীদের ইহা একান্ত সংগত ও স্বাভাবিক দাবী। দুঃখের বিষয় কলিকাতা কর্‌পোরেশন এ দাবী সম্বন্ধে সম্যক সচেতন আছেন বলিয়া মনে হয় না। কলিকাতা শহরের পৌর-প্রতিষ্ঠানের পক্ষে গ্রন্থাগার সম্পর্কে অনেকটা উদাসীনতার মনোভাব নিশ্চয় গৌরবের কথা নহে। উৎসাহের অভাব অথবা উপেক্ষা, কোনটি ইহার হেতু তাহা আমাদের জানা নাই। আর্থিক অসচ্ছলতাকে হয়তো এই ত্রুটির কারণ হিসাবে উপস্থিত করা যাইতে পারে। কিন্তু শহরের স্বাস্থ্য, স্বাচ্ছন্দ্য, পরিচ্ছন্নতা ইত্যাদির সুবন্দোবস্ত করাই তো পৌর-প্রতিষ্ঠানের কর্তব্য। শহরের বাহ্যিক রূপ সহজে দৃষ্টিগোচর হয় বলিয়া বাহ্যিক রূপের ঘষামাজার মধ্যেই কি পৌর-প্রতিষ্ঠানের সকল আয়োজন ও কর্মোৎসাহ নিঃশেষিত হইবে এবং সহজে দৃষ্টিপথে পড়ে না বলিয়াই পুরবাসীর অন্তর্জগতের স্বাচ্ছন্দ্য ও পরিচ্ছন্নতা বিধানের আয়োজন উপেক্ষিত হইবে? শিশু দেশের ভবিষ্যৎ আশা ভরসার স্থল মনে করিয়া সর্বপ্রযত্নে তাহাদিগকে মানুষ করিয়া গড়িয়া তুলিবার কথা সকলে বলিয়া থাকেন; অন্ততঃ তাহাদের মানসিক স্বাস্থ্য সংস্কৃতিমূলক পরিবেশের মধ্যে সুষ্ঠুভাবে গড়িয়া তুলিবার কার্যে সহায়তা করিবার জন্য, তাহাদের ব্যবহারের উপযোগী গ্রন্থাগারের ব্যবস্থা করাও কি কর্‌পোরেশনের পক্ষে সম্ভব নহে? প্রাপ্তবয়স্কদের উপযোগী গ্রন্থাগারের পূর্ণাঙ্গ আয়োজন যদি কর্‌পোরেশন এখনই করিতে না পারেন তাহা হইলে আন্তরিকতা থাকিলে অন্ততঃপক্ষে কম ব্যয়সাধ্য অথচ জাতীয় জীবনের সুষ্ঠু বিকাশ ও গঠনের জন্য একান্ত প্রয়োজন—ছোটদের গ্রন্থাগারের ব্যবস্থা করা পৌর-প্রতিষ্ঠানের পক্ষে নিশ্চয় সাধ্যাতীত ব্যাপার নহে। বিষয়ের গুরুত্ব ও ব্যয়ের অপেক্ষাকৃত স্বল্পতার কথা বিবেচনা করিয়া এবিষয়ে কর্‌পোরেশন এখনই কার্য করিতে সচেষ্ট হইলে তাঁহারা জাতিং গঠনমূলক কার্যের সত্তাই সহায়ক হইবেন। আমরা বিষয়টির প্রতি কর্‌পোরেশনের প্রভাব-প্রতিপত্তি-শালী শিশু-দরদী সদস্যদের দৃষ্টি আকর্ষণ করিতেছি। সততা ও আন্তরিকতা সহকারে

তাঁহারা উদ্যোগী হইলে এবিষয়ে কার্যকরী ব্যবস্থা অবলম্বিত হইবে বলিয়াই আমরা বিশ্বাস করি।

* * *

প্রয়োজনের তুলনায় আমাদের দেশে হাঁসপাতালের সংখ্যা নিতান্ত অল্প। কিন্তু যে অল্পসংখ্যক হাঁসপাতাল আছে তাহাদের ব্যবস্থা যতটা সম্ভব উন্নত ও ত্রুটিহীন হওয়া বাঞ্ছনীয়। হাঁসপাতালে রোগীর চিকিৎসার সুবন্দোবস্তের জন্য যেমন ঔষধপথ্যের যথোচিত ব্যবস্থা থাকা প্রয়োজন সেইরূপ রোগীর চিত্ত বিনোদন ও সানন্দে সময়ের সদ্ব্যবহারের জন্য গ্রন্থাগারের ব্যবস্থা রাখাও আবশ্যক। গ্রন্থের সাহচর্য বহু রোগীর রোগ-যন্ত্রণা লাঘব করে। এ পর্যন্ত আমাদের দেশে হাঁসপাতালে গ্রন্থাগার স্থাপনের প্রয়োজনের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয় নাই ফলে বিষয়টী সম্পূর্ণ অবহেলার পাত্র হইয়া আছে। রাজ্য সরকারের উদ্যোগে হাঁসপাতাল গ্রন্থাগারের একটি কেন্দ্রীয় সংস্থা গঠিত হইলে সেই সংস্থাকর্তৃক জন-সাধারণের সহযোগিতা ও সহানুভূতি অবলম্বনে হাঁসপাতালে রোগীদের গ্রন্থাগার ব্যবহারের সুযোগদানের ব্যবস্থা সাফল্য সহকারে পরিচালিত হইতে পারে। পশ্চিমবংগের প্রধান মন্ত্রী, সুবিজ্ঞ চিকিৎসক ডাঃ বিধান-চন্দ্র রায় এবং চিকিৎসা বিভাগের জনপ্রিয় উপ-মন্ত্রী রোগীর দরদী বন্ধু ডাঃ অমূল্যধন মুখোপাধ্যায় এবিষয়ে দৃষ্টি দিলে পশ্চিমবংগ রাজ্যে হাঁসপাতাল গ্রন্থাগার প্রতিষ্ঠা অবশ্যই সম্ভব হইবে।

* * *

পশ্চিমবংগ রাজ্য সরকার তাঁহাদের প্রবর্তিত সমাজশিক্ষা পরিকল্পনার ব্যবস্থানুযায়ী পশ্চিমবংগে গ্রন্থাগার সমূহের উন্নতি কল্পে গ্রন্থাগারকে কিছু কিছু সাহায্য দিতেছেন। প্রয়োজনের তুলনায় এই সাহায্য যথেষ্ট না হইলেও ইহা গ্রন্থাগারের প্রতি সরকারের সহানুভূতিসম্পন্ন মনোভাব প্রকাশ করে বলিয়া রাজ্য-সরকারের এই কার্য প্রশংসনীয়। তবে এই সাহায্যলাভে গ্রন্থাগারগুলি যাহাতে সত্যই উপকৃত হয় সেদিকে দৃষ্টি রাখিয়া সাহায্য দানের পদ্ধতি স্থির করা উচিত। কোন কোন স্থান হইতে অভিযোগ আসিয়াছে যে রেলা সামাজিক শিক্ষা অধিকর্তার নিকট হইতে সাহায্য হিসাবে গ্রন্থাগারে যে সকল পুস্তক পাওয়া গিয়াছে তাহার অধিকাংশই গ্রন্থাগারে থাকা সত্ত্বেও ঐ সকল পুস্তক গ্রহণ করিবার জন্য গ্রন্থাগারকে বাধ্য করা হইয়াছে। কোন কোন ক্ষেত্রে ব্যবহারের অযোগ্য পুরাতন পুস্তক সরবরাহের অভিযোগও শুনা গিয়াছে। রাজ্য-সরকার গ্রন্থাগারকে গঠনমূলক পন্থায় সাহায্য করিতে অগ্রসর না হইলে এই সাহায্য যে অনেক ক্ষেত্রে নিরর্থক হইবে এবং ইহার দ্বারা অনেক সময়ে অর্থের অপচয় মাত্র হইবে এই দৃষ্টান্ত হইতে ইহা সহজেই অনুমেয়। যে সকল গ্রন্থাগারকে পুস্তক দ্বারা সাহায্য করা সরকারের অভিপ্রায় সেই গ্রন্থাগারের প্রয়োজন এবং তাহার পাঠক সম্প্রদায়ের শিক্ষা-সংস্কৃতি ইত্যাদি বিষয়ে প্রকৃত অবস্থা সম্বন্ধে সম্যক অবহিত না হইয়া

অথবা গ্রন্থাগারের যুক্তিযুক্ত কোন প্রস্তাব থাকিলে তাহা উপেক্ষা করিয়া ব্যক্তিবিশেষের খুসীমত পুস্তক সাহায্য হিসাবে গ্রন্থাগারকে দিলে সে সাহায্যে গ্রন্থাগারেরও কোন লাভ হয় না এবং সরকারের সাহায্যেরও কোন সার্থকতা থাকে না। পুস্তক সরবরাহের পূর্বে সংশ্লিষ্ট গ্রন্থাগারের প্রয়োজন সম্বন্ধে অবহিত হইয়া যতদূর সম্ভব গ্রন্থাগারের প্রয়োজনমত পুস্তক সরবরাহ করাই কর্তব্য। আমাদের মনে হয় যে সকল গ্রন্থাগারকে পুস্তক ক্রয় করিবার জন্য নগদ টাকা দেওয়া সম্ভব তাহাদিগকে গ্রন্থ সরবরাহ না করিয়া নগদ টাকা দেওয়াই উচিত। কোন গ্রন্থাগারকে কোন কারণে নগদ টাকা দেওয়া সম্ভব না হইলে এবং ঐরূপ গ্রন্থাগারকে তাহাদের প্রদত্ত তালিকামত গ্রন্থ সরবরাহ করাও সম্ভব না হইলে, অন্ততঃ পক্ষে সরকার প্রদত্ত একটি বিস্তারিত তালিকা হইতে গ্রন্থ নির্বাচনের স্বাধীনতা দেওয়া একান্ত কর্তব্য। পশ্চিমবংগ সরকারের যথাযোগ্য কর্তৃপক্ষ এ বিষয়ে অবহিত হইলে গ্রন্থাগারগুলি উপকৃত হইবে। রাজ্য সরকারের সমাজ শিক্ষা বিভাগের জনপ্রিয় প্রধান পরিদর্শক মহাশয়ের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করিতেছি।

• • •

সুপ্রসিদ্ধ গবেষক ও সাহিত্যিক ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পরলোক গমনে বাংলা সাহিত্যের গবেষণা ক্ষেত্রে যে মহাশূন্যের সৃষ্টি হইল তাহা সহজে পূরণ হইবার নহে। নিভৃত ও নিরলস প্রচেষ্টায় বংগ-সাহিত্যের নানাদিক হইতে মণিমুক্তার বিপুল সম্ভার সংগ্রহ করিয়া ব্রজেন্দ্রনাথ বংগ-ভারতীর জ্ঞান-ভাণ্ডারকে যে ভাবে সমৃদ্ধ করিয়া গিয়াছেন তাহা তাঁহার অবিনশ্বর কীর্তিতে পরিণত হইয়াছে। কৃতজ্ঞ চিত্তে আমরা তাঁহার স্মৃতির উদ্দেশ্যে আমাদের অকৃত্রিম শ্রদ্ধাঞ্জলি অর্পণ করিতেছি।

১৯৫১-৫২ খৃষ্টাব্দে গ্রেটব্রিটেন ও উত্তর আয়ার্ল্যাণ্ডের সাধারণ গ্রন্থাগার সম্বন্ধীয় তথ্যাদির পরিসংখ্যান:—

গ্রন্থাগার ব্যবহারের সুযোগ প্রাপ্ত জনসংখ্যা—৫,০৩,৭৮,০০০

গৃহে পাঠের নিমিত্ত গৃহীত পুস্তক সংখ্যা—৩৪,০৯,০০,০০০ [মাথাপিছু ৬·৭৭ খানি]।

গ্রন্থাদি ক্রয় খাতে ব্যয়—২৫,৭২,০০০ পাউণ্ড। [মাথাপিছু ১ শি ১/৪ পে]।

গ্রন্থাগারের জন্য মোট ব্যয়—১,০৩,৭২,০০০ পাউণ্ড। [মাথাপিছু ৪ শি ১/২ পে]।

গ্রন্থাগারের মোট কর্মচারী সংখ্যা—১১,৫৬০ জন। [গড়ে প্রতি ৪,৩৪৮ জন লোকের জন্য ১ জন]।

[আংশিক যৌথভাবে নিযুক্ত কর্মচারী সংখ্যা বাদে]

সাহিত্যে ছদ্মনাম

অধ্যাপক শ্রীধীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

পাশ্চাত্য সাহিত্যের দেখাদেখি অনেক জিনিষ আমরা সাহিত্যে নিয়েছি, বোধহয় লেখকের ছদ্মনাম ব্যবহারও তার মধ্যে একটি। ঊনবিংশ শতাব্দীর আগেকার বাংলা সাহিত্যে সম্ভবতঃ এর প্রচলন হয়নি।

টেকচাঁদ ঠাকুরের নাম আমরা সকলেই জানি। প্যারীচাঁদ মিত্র ঐ ছদ্মনাম নিয়ে 'আলালের ঘরের দুলাল' লিখে অমর হয়েছেন। সাহিত্যের ঐতিহাসিকেরা অনুমান করেন, পূর্বেকার একখানি গ্রন্থের ছায়া আছে 'আলালের ঘরের দুলালে'। সে গ্রন্থের নাম 'নববাবু বিলাস'; তার লেখকের ঘোষিত নাম প্রমথ নাথ শর্মা, আসল নাম ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়। ভবানীচরণ সুলেখক ছিলেন। 'কলিকাতা-কমলালয়' এবং 'নব বিবি বিলাস'ও তাঁর রচিত।

টেকচাঁদের সমসাময়িক মহাভারতের বিখ্যাত অনুবাদক কালীপ্রসন্ন সিংহ 'হুতোম প্যাঁচা' এই ছদ্মনামে "হুতোম প্যাঁচার নক্সা" নামে এক অনবদ্য সমাজচিত্র প্রকাশ করেন। পণ্ডিতদের কারও কারও মতে 'আলাল' প্রথম উপন্যাস হ'লেও 'নক্সা' প্রথম বাস্তব-ধর্মী আখ্যান চিত্র।

এই যুগে, ঊনবিংশ শতাব্দীর শেষার্দ্ধে, ত্রিশ বছরের মধ্যে স্বনামে ও ছদ্মনামে আরও অনেক সমাজচিত্র প্রকাশিত হয়। ভুবনচন্দ্র মুখোপাধ্যায় 'নিশাচর' এই ছদ্মনামে "সমাজকুচিত্র"; রাম সর্বস্ব বিদ্যাভূষণ 'শ্রীযুত দশ অবতারের এক অবতার' এই গালভরা নামে 'পল্লীগ্রামস্থবাবুদের দুর্গোৎসব'; প্যারীচাঁদের মধ্যমপুত্র চুনিলাল মিত্র 'টেকচাঁদ ঠাকুর জুনিয়র' এই বেনামে 'কলিকাতার গুপ্তচুরি' প্রভৃতি নক্সায় সমসাময়িক কলিকাতার সামাজিক নিয়ম, শাসন-প্রণালী প্রভৃতি সুপরিস্ফুট।

বঙ্কিমচন্দ্র যে 'কমলকান্ত' নাম নিয়ে 'দপ্তর' রচনা করেছিলেন, তা আর কে না জানে? 'বঙ্গদর্শনে' তিনি যে কৌতুকরস পরিবেষণ করেছিলেন, তার স্বাদ ভোলবার নয়।

এই 'কমলকান্ত' নামের আড়ালে কমলাকান্তি চংয়ে ফরাসী চন্দননগরের চারু রায় 'কমলাকান্তের পত্র' নামে চমৎকার প্রবন্ধ পুস্তক প্রকাশ করেন। কমলাকান্ত যে চিরজীবী হয়ত সেইটেই প্রমাণিত করার জন্য, বর্তমানেও সুসাহিত্যিক ও সাংবাদিক প্রমথনাথ বিশী যাঁর নাম সংক্ষেপ প্র-না-বি,—'কমলাকান্ত' ছদ্মনামে আনন্দবাজার পত্রিকার সপ্তাহে দু'দিন সরস নিবন্ধ ছড়ান।

'বঙ্গবাসী' কাগজের বিশিষ্ট লেখক ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় 'পঞ্চানন্দ' আখ্যা নিয়ে খ্যাতি অর্জন ক'রেছিলেন সাময়িক প্রসঙ্গ মূলক রঙ্গ-রচনায়। 'চিত্তবাদী'র 'বৃদ্ধের বচন'ও রঙ্গকৌতুকে হ'ত সরস, এবং তা শুধু বৃদ্ধের নয়, তরুণেরও ছিল আকর্ষণের বস্তু। ঐ বৃদ্ধের নাম যোগেন্দ্রকুমার চট্টোপাধ্যায়।

রামকৃষ্ণদেবের কথামৃত-পরিবেষক শ্রীম—অবশ্য ছদ্মনাম ব্যবহার করেননি, সংক্ষিপ্ত নাম বা নামের আদ্যক্ষর মাত্র ব্যবহার করেছেন। তবে তাঁরও উদ্দেশ্য বোধহয় আত্মগোপন।

রবীন্দ্রনাথ তাঁর ব্রজবুলী ভাষার গানগুলিকে তো ভানুসিংহ ঠাকুরের ব'লেই চালিয়ে-দিয়েছিলেন। নিশিকান্ত চট্টোপাধ্যায় ঐ ধারণা নিয়ে বই লিখে জার্মানি থেকে ডক্টর উপাধি লাভ করেন।

'বীরবল' তাঁর 'হালখাতা' আর 'টিপ্পনী' নিয়ে আসর মাত করে রেখেছিলেন অনেকদিন। গম্ভীর রচনায় এবং কবিতায় ছাড়া প্রমথ চৌধুরী নামে তিনি প্রায়ই আত্মপ্রকাশ করেননি।

শরৎচন্দ্র তাঁর চিঠিপত্রে এক জায়গায় উল্লেখ করেছেন, আমার তিনটি ছদ্মনাম। সমালোচনা প্রবন্ধে 'অনিলাদেবী', ছোট গল্পে 'শরৎ চট্টো'; বড় গল্পে 'অনুপমা'। কার্যতঃ কিন্তু নারীবিষয়ক প্রবন্ধাদিতে 'অনিলাদেবী' এই নামটিই দেখা যায়। এছাড়া অধুনালুপ্ত 'বেণু'র পৃষ্ঠায় 'পরশুরাম' এই ছদ্মনামে তিনি 'নূতন প্রোগ্রাম' নামে এক প্রবন্ধ লেখেন।

'গড্ডলিকা', 'কজ্জলী', 'হনুমানের স্বপ্ন' পরশুরামের লেখা, এ কথা সবাই জানেন, কিন্তু পরশুরাম যে রাজশেখর বসু, সেকথা হয়তো অনেকে জানেননা।

সত্যেন্দ্রনাথ ছন্দের যাদুকর; কিন্তু শুধু ছন্দঃ-সঙ্গীতই তিনি শোনাননি, সমসাময়িক ব্যাপার নিয়ে ব্যঙ্গ কবিতাও লিখেছেন অনেক। সেগুলিতে সাধারণতঃ তিনি নিজের পরিচয় দিয়েছেন নবকুমার কবিরত্ন ব'লে।

কালিদাস রায়, কুমুদ মল্লিক শান্তস্বভাব পল্লীকবি ব'লেই পরিচিত। অথচ বিদ্রূপ-কৌতুকের প্রলোভন তাঁরাও উপেক্ষা করতে পারেননি। শুধু ঐ জাতীয় কবিতা প্রকাশের বেলায় একজন নিয়েছেন বেতালভট্ট, অপরজন কপিঞ্জল।

সম্প্রতি-পরলোকগত শক্তিমান কবি ও সমালোচক মোহিতলাল মজুমদার বহুকাল পূর্বে যখন 'ভারতী', 'প্রবাসী' ও 'কালিকলমে' সত্যসুন্দর দাস নামে প্রবন্ধ রচনা করতেন তখন দু'চারজন সাহিত্যরসিক ছাড়া অনেকেই তাঁর সন্ধান রাখতেননা। আজ মোহিতলালকে আমরা সবাই চিনি, কিন্তু সত্যসুন্দর দাসের পরিচয় অনেকের অজ্ঞাত।

সাহিত্য জগতে লব্ধপ্রতিষ্ঠ প্রবীন, অধুনা 'মহাস্থবির' তাঁর দুই খণ্ড 'জাতক' মারফৎ যে মধুর রস পরিবেশন করেছেন তার আস্বাদ বহুদিন পর্যন্ত সৌড়জন ভুলবেন না। এই 'মহাস্থবির' যে প্রেমাঙ্কুর আতর্থী, একথা আজ বোধ হয় কারও অজানা নেই।

সেকালে প্রবোধ চট্টোপাধ্যায় আনন্দসুন্দর ঠাকুর নামের আড়ালে সমালোচনা-নিবন্ধ লিখতেন কোন কোন পত্রিকায়। তিনি আজ বিস্মৃতপ্রায়।

শান্তাদেবী সীতাদেবী একসঙ্গে কয়েকখানি বই লিখেছেন। তাতে রচয়িত্রীর নাম দিয়েছেন সংযুক্তা দেবী।

ভালোয়-মন্দয় 'কল্লোল' 'কালিকলম' একদিন মাসিকপত্রজগতে চাঞ্চল্য এনেছিল। সেদিন 'কল্লোলে' মণীশ ঘটক ওরফে যুবনাশ্বের 'পটলডাঙার পাঁচালী' দৃষ্টি আকর্ষণ ক'রেছিল অনেকের। সুরেন গাঙ্গুলী মহাশয় সেসময়ে 'কালিকলমে' টিপ্পনী কাটতেন কৃত্তিবাস ওঝার বেনামিতে।

ডাক্তার বলাইচাঁদ মুখোপাধ্যায়ের চেয়ে 'বনফুল'কেই আমরা বেশী জানি। 'প্রবাসী'র পৃষ্ঠায় যখন তাঁর ছোটছোট কবিতা বেরুত, তখন তা হয়তো অনেকের দৃষ্টি এড়িয়ে গেছে, কিন্তু গল্প-উপন্যাস-নাটকের ক্ষেত্রে অবতীর্ণ হবার পর থেকে তিনি একালের শ্রেষ্ঠ লেখকদের অন্যতম ব'লে গণ্য হয়েছেন।

সুসাহিত্যিক ও প্রবন্ধ-গল্পকার অন্নদাশঙ্কর রায় একদা 'লীলাময় রায়' নাম গ্রহণ করেছিলেন।

প্রাগ্‌জ্যোতিষ ও বৌদ্ধযুগের পটভূমিকায় কল্পনার রঙীন তুলিতে চিত্তাকর্ষক গল্প রচনা করা শরদিন্দু বন্দ্যোপাধ্যায়এর বৈশিষ্ট্য। বাংলায় 'ডিটেক্‌টিভ' গল্পকে সাহিত্যের আসনে উন্নীত করেছেনও তিনি। তিনিই আবার 'চঞ্চহাস' নামে ব্যঙ্গ কবিতা ইত্যাদি রচনা করেছেন।

ব্যঙ্গ রচনায় পটু, তীক্ষ্ণ-শায়ক-সন্ধানী সাহিত্যিক রবীন্দ্রনাথ মৈত্র, 'দিবাকর শর্ম্মা' নাম গ্রহণ ক'রে বহু গল্প প্রবন্ধ রচনা ক'রে গিয়েছেন। এই নিপুণ শিল্পী ও দরদী সমাজ-সেবীকে আজ খুব কম লোকেই মনে রেখেছে। আনন্দবাজারের 'দধি-কর্দ্দম' এঁরই সৃষ্টি।

পত্রিকা সম্পাদক ও রস-রচনাকার প্রাণতোষ ঘটক, 'অ-আ-ই' ছদ্মনামে সম্প্রতি 'আকাশ-পাতাল' নামে এক উপন্যাস প্রকাশিত করেছেন।

অজিত দত্ত, 'কুসুমের মাস'-এর কবি হিসাবেই সমধিক খ্যাত। তিনি 'রৈবত' নাম গ্রহণ ক'রে যে সুমধুর ব্যক্তিগত-প্রবন্ধ পুস্তক 'মন পবনের নাও' সাহিত্য-সাগরে ভাসিয়েছেন তার বার্ত্তা বিদগ্ধ মহলে এখনও বোধহয় যথাযথ ভাবে পৌঁছায়নি।

'দৃষ্টিপাত' এর 'যাযাবর' কে? শুনেছি, বিনয় মুখোপাধ্যায়; ভূমিকায় মৃত্যু-সংবাদ ঘোষিত হওয়া সত্ত্বেও যিনি শত্রুর মুখে ছাই দিয়ে বেঁচে আছেন এবং দীর্ঘকাল বেঁচে থাকবেন ব'লে আমরা আশা করি।

এই 'যাযাবর'-এরই বন্ধু নিরঞ্জন মজুমদার বেতারে ঘোষণা দিতে দিতে সহসা বন্ধুর পথ অনুসরণ ক'রে রঞ্জন নাম গ্রহণ করলেন এবং বাঙ্গালী পাঠকদের উপহার দিলেন দার্জিলিং-এর কাহিনী 'শীতে উপেক্ষিতা'; প্রবন্ধ পুস্তক 'বইয়ের-দলে'।

অধুনা বাংলা সাহিত্যে এক প্রবল আলোড়ন এনেছেন সৈয়দ মুজতবা আলী। জার্মানীর "বন্" বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী একদা শান্তিনিকেতনের ছাত্র, রস-বিদগ্ধ, সুপণ্ডিত এই ভদ্রলোক তাঁর 'দেশেবিদেশে' প্রথম হ'তে যে রসঘন সাহিত্য পরিবেশন করেছেন তা ভুলবার নয়। এই একখানি বই তাঁকে সাহিত্য জগতে সুপ্রতিষ্ঠিত করার

পক্ষে যথেষ্ট ছিল কিন্তু বল-পরিবেশন তাঁর অব্যাহত রইল 'চাচাকাহিনী' 'পঞ্চতন্ত্র' মারফৎ। তিনিই আবার 'রায় সিপোরা' নাম গ্রহণ ক'রে 'দেহলি-প্রান্তে' দেখা দিয়ে আনন্দ পরিবেশন করছেন 'আনন্দবাজারে'র পৃষ্ঠায়।

যুগান্তরে যে 'কাল পেঁচার দু'কলম' দেখা যায় সেই 'কলম'-এর অধিকারী আসলে হ'চ্ছেন নাকি বিনয় ঘোষ।

'ফসিল' ও 'পরশুরামের কুঠারের' গল্প লেখক বিচিত্র-কর্ম সাহিত্যিক সুবোধ ঘোষ একদা 'কালপুরুষ' নাম গ্রহণ করে 'কালপুরুষের সাত-পাঁচ' ভাবতেন।

ছোটদের গল্প লেখক বলে সমধিক পরিচিত 'বেপরোয়া' লেখক অখিল নিয়োগী 'স্বপন বুড়ো' নাম গ্রহণ ক'রে বেতারে এবং সম্প্রতি ছাপার অক্ষরে রসবিতরণ করছেন। শুনছি সম্প্রতি নাকি বেপরোয়ার নতুন 'সংস্করণ-ও প্রকাশিত হ'য়েছে। 'আনন্দবাজারে'র আনন্দমেলার 'মৌমাছি' যে শ্রীবিমল ঘোষ সে কথা আজ প্রায় সর্বজনবিদিত।

'শনিবারের চিঠি' বহু ছদ্মনামীর আশ্রয়স্থল। লোকে বলে অমলা দেবী মেয়ে ন'ন। তিনি হ'চ্ছেন বাঁকুড়া কলেজের অধ্যাপক ললিতানন্দ গুপ্ত। হবেও বা, নাম রহস্য উদ্‌ঘাটন করা বড়ই দুরূহ ব্যাপার

'ভাস্কর' যে শ্রীযুক্ত জ্যোতির্ময় ঘোষ একথা বহু লোকমুখে শুনেছি এবং বিশ্বাস করেছি। 'সখ্যুক' শ্রীঅমলা দাশগুপ্ত এবং 'কলেজবয়' শ্রীজগদীশ ভট্টাচার্য ছদ্মনামে বহুবার দেখা দিয়েছেন। 'দেশ' পত্রিকার ইন্দ্রজিৎ শ্রীগীরেন্দ্রনাথ দত্ত, 'বিপ্রমুখ' শ্রীবিমলা প্রসাদ মুখোপাধ্যায় এবং 'বিরূপাক্ষ' শ্রীবীরেন্দ্রকৃষ্ণ ভদ্র পত্রিকা-পাঠকদের অপরিচিত ন'ন। এছাড়াও অনেকে বেনামিতে লিখেছেন। সকলের নামের উল্লেখ করা সম্ভব নয়, তার প্রয়োজনও নেই। আশা করি, সাহিত্যক্ষেত্রে সুপরিচিত ব্যক্তিদের নাম উল্লেখে আমরা ভুল করিনি।*

---

* এই প্রবন্ধের কোন কোন অংশ সংযোজনা করেছেন প্রবোধকুমার ঘোষ।

১৯৫০ খৃষ্টাব্দে আমেরিকার যুক্তরাষ্ট্রের অন্যূন ১ লক্ষ অধিবাসী অধ্যুষিত সহর সমূহের সাধারণ গ্রন্থাগার সম্বন্ধীয় তথ্যাদির পরিসংখ্যান :—

মোট পুস্তক সংখ্যা— ৪,৭০,৪৬,৭৪৪

তালিকাভুক্ত পাঠক সংখ্যা— ৯২,১৩,৫৮৯

গৃহে পাঠের নিমিত্ত গৃহীত পুস্তক সংখ্যা—১৩,৮৫,৩৪,২৫১

ব্যয়িত অর্থের মোট পরিমাণ— ৫,৪৯,১৮,৪০০ ডলার।

[নিয়োগীকৃত মূলধন ব্যতীত]

লাইব্রেরীতে স্বায়ত্ত শাসন মূলক প্রতিষ্ঠানের সাহায্য

শ্রীযতীন্দ্রমোহন দত্ত।

লাইব্রেরী প্রতিষ্ঠিত হইলে লাইব্রেরী চালানর ব্যয়ের কিছু অংশ যদি স্থানীয় স্বায়ত্ত-শাসন মূলক প্রতিষ্ঠান হইতে পাওয়া যায় তো লাইব্রেরীর পরিচালকগণের শুধু যে আর্থিক সুবিধা হয় তাহা নয়, লাইব্রেরীটী সু-প্রতিষ্ঠিত বলিয়া জনসাধারণের মনে আস্থা হয়; এবং পরিচালকবর্গের বাহিরের লোকজনের নিকট হইতে এককালীন দান ও অল্প-মূল্যে বা অর্দ্ধ মূল্যে বই পাইবার সুযোগ হয়। কলিকাতা কর্পোরেশন বহুদিন হইতে কলিকাতাস্থ বহু লাইব্রেরীতে বার্ষিক কিছু টাকা দান করেন। এই দানের মোট-সমষ্টি একটী মোটা টাকার অঙ্কে দাঁড়ায়। নূতন কলিকাতা মিউনিসিপ্যাল আইনের ৪২৬ (১৫) ধারার বিধান এইরূপ। যথা :—

526 In addition to the other powers, duties and functions conferred or imposed on it by or under this Act or any other Act for the time being in force, the Corporation may, in its discretion, provide from time to time, either wholly or partly, all or any of the following matters, namely :—

* * * * * *

(xv) free libraries.

১৯৩২ সালের বঙ্গীয় মিউনিসিপাল আইন অনুযায়ী মিউনিসিপ্যালিটীর টাকা ঐ আইনের ১০৮ ধারা অনুযায়ী লাইব্রেরী ও মিউজিয়ম-এর জন্য ব্যয়িত হইতে পারে। ধারাটী এইরূপ :—(কেবলমাত্র আবশ্যকীয় অংশটী তুলিয়া দিলাম)

108. ....the Commissioners at a meeting may apply the the Municipal Fund to any of the following purposes within the municipality, that is to say —

* * * * * * * * *

(xxv) the provision and maintenance of and assistance to public libraries and museums.

বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনের ৪৫৭ ধারায় এইরূপ বিধান আছে যে :—

457. It shall be the duty of the Education Committee, subject to the control of the Commissioners at a meeting and to the rules made by the State Government—

(i) to superintend all matters connected with the finance, accounts, maintenance and management of all schools, libraries and museums maintained by the commissionets.

* * * * * * * * *

বাংলায়, বিশেষ করিয়া পশ্চিমবঙ্গে, লোকাল বোর্ড সব তুলিয়া দেওয়া হইয়াছে। একমাত্র ডিষ্ট্রিক্ট বোর্ড আছে। ১৮৮৪ সালের স্বায়ত্ত-শাসন আইন অনুযায়ী ডিষ্ট্রিক্ট বোর্ড ইচ্ছা করিলে লাইব্রেরীতে টাকা দিতে পারেন। আবশ্যকীয় ধারাগুলি এইরূপ। যথা :—

63. The District Board may, subject to any rules made by the State Government under this Act,—

* * * * * * * * *

(b) make grants in aid of ....any libraries maintaned for the public benefit and open to the public and on the managing authority of which the District Board is represented.

64 A The District Board may, subject to any rules made by the State Government under this Act,

* * * * * * * * *

(b) make grants in aid of any..... ...public library, for the purpose of providing buildings to be used as students' hostels in connection with such .....public library or for the purpose of maintaining and managing such hostels.

এই ধারাটী কি করিয়া লাইব্রেরী সম্বন্ধে প্রযুক্ত হইবে তাহা আমরা বুঝিতে পারি নাই।

65 B (3). It shall be the duty of an Education Committee, subject to the control of the District Board and to any rules made by the State Government under Sec.138—

* * * * * * * * *

(ii) to determine the conditions to be complied with when grants are made by the District Board in aid of other schools or public libraries.

আমরা যতদূর অবগত আছি মিউনিসিপ্যালিটী বা ডিষ্ট্রিক্ট বোর্ড কর্তৃক লাইব্রেরীর সাহায্য নগণ্য। অধিকাংশ মিউনিসিপ্যালিটীই লাইব্রেরী বলিয়া কিছু সাহায্য করেন না। ডিষ্ট্রিক্ট বোর্ডের অবস্থাও সেইরূপ। এইবার আমরা ইউনিয়ন বোর্ডের আইনগত ক্ষমতা লইয়া আলোচনা করিব। বঙ্গীয় গ্রাম্য স্বায়ত্ত শাসন আইন, ১৯১৯-এর ৩২ ধারায় এইরূপ বিধান আছে যে :—

32 (2) The union board may, subject to any rules made under section 101, make grants to—
(b) any library or reading room maintained for public benefit and open to the public, on the managing authority of which the union board is represented.

Section 101(i) তে এইরূপ বিধান আছে যে :—

101(1) The Local Government may, after previous publication, make rules to carry out the purposes of this Act.
(2) In particular, and without prejudice to the generality of the foregoing power, the Local Government may make rules—

(j) regulating the powers and duties of union boards in regard to .....libraries and reading rooms under section 32.

আমরা সাধ্যমত অবগত আছি কোনও ইউনিয়ন বোর্ড লাইব্রেরীকে কোন সাহায্য করেন না। (২) চৌকিদার ও দফাদারদের মাহিনা ও উর্দির খরচা দিয়া বেশী কিছু টাকা তাঁহাদের হাতে থাকে না। যাহা থাকে তাহা হইতে রাস্তাঘাট মেরামত, প্রভৃতি খরচ করিতে হয়। সুতরাং লাইব্রেরীতে কোনও টাকা দেওয়া তাঁহাদের পক্ষে সম্ভব নহে।

এই বিষয়ে আবশ্যকীয় তথ্যাদি সংগ্রহের ভার যদি বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ লয়েন ও যাহাতে পল্লী-অঞ্চলের ছোট ছোট লাইব্রেরী বা পাঠাগারসমূহ ইউনিয়ন বোর্ড বা ডিষ্ট্রিক্ট বোর্ড হইতে সাহায্য পায়েন তজ্জন্য চেষ্টা করেন ত ভাল হয়।

---

(১) ১৯০২ খৃষ্টাব্দের বঙ্গীয় মিউনিসিপাল আইনের ৪৭৭ (ii) ধারাটিও এক্ষেত্রে উল্লেখ করা যাইতে পারে। উহা এইরূপ:— (ii) to determine the conditions to be complied with when grants are made by the Commissioners to schools, libraries and museums.

(২) পশ্চিমবঙ্গের কোন কোন ইউনিয়ন বোর্ড তাঁহাদের এলাকাধীন কোন কোন গ্রন্থাগারকে কিছু অর্থ সাহায্য করিয়া থাকেন। গ্রন্থাগার সম্পাদক।

দিল্লী পাবলিক লাইব্রেরী

ভারত সরকার এবং সম্মিলিত জাতিপুঞ্জের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থার যুক্ত প্রচেষ্টায় দিল্লীতে যে "দিল্লী পাবলিক লাইব্রেরী" স্থাপিত হইয়াছে গত ১লা নভেম্বর (১৯৫১) তারিখে তাহার বয়স একবৎসর পূর্ণ হইয়াছে।

এই বৎসর লাইব্রেরীর সভ্যসংখ্যা ছিল ১৪,২৯৯; তন্মধ্যে বালকের সংখ্যা ২,১১১, বালিকার সংখ্যা ২০৪ এবং মহিলার সংখ্যা ২৮৬।

এই গ্রন্থাগার আলোচ্য বর্ষে ৫,৮৫,১১৯ জন লোকের সেবা করিয়াছে। গ্রন্থাগার হইতে পূর্ণ-বয়স্ক লোকেরা ১,৫২,৮৬২ খানি পুস্তক এবং বালক বালিকারা ৩২,৬৫০ খানি পুস্তক গৃহে পাঠের জন্য গ্রহণ করিয়াছেন। পূর্ণ বয়স্কের দ্বারা গৃহীত পুস্তকের শতকরা ৬২ ভাগ গল্প ও উপন্যাস জাতীয় পুস্তক ছিল। গৃহীত পুস্তকের শতকরা ৬১ ভাগ হিন্দী, ২২ ভাগ ইংরাজী এবং ১৬ ভাগ উর্দু। বালক বালিকা কর্তৃক গৃহীত পুস্তকের শতকরা ৮০ ভাগ গল্প ও উপন্যাস জাতীয়। লাইব্রেরীর গ্রন্থ সংখ্যা ২৬,৬৮২; ইহার শতকরা ৬২ ভাগ হিন্দী, ২২ ভাগ ইংরাজী এবং ১৬ ভাগ উর্দু।

বাংলা পুস্তকের ত্রৈমাসিক তালিকা

(১৩৫৯ সালের বৈশাখ মাস হইতে আষাঢ় মাস পর্যন্ত প্রকাশিত পুস্তক এই তালিকার অন্তর্ভুক্ত করা হইয়াছে।)

বাংলাদেশের নানাস্থানে অবস্থিত গ্রন্থাগার ও গ্রন্থানুরাগী ব্যক্তিদের অনুরোধে বাংলা ভাষায় প্রকাশিত পাঠ্যপুস্তক ব্যতীত অন্যান্য পুস্তকের একটি ত্রৈমাসিক তালিকা নিয়মিতভাবে "গ্রন্থাগারে" প্রকাশ করিবার সংকল্প বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের "গ্রন্থ-নির্বাচন সংসদ" গ্রহণ করিয়াছেন। এই তালিকা প্রণয়ন কার্যে আবশ্যক তথ্য সরবরাহের নিমিত্ত শতাধিক পুস্তক-প্রকাশক ও পুস্তক-ব্যবসায়ীর নিকট পরিষদের সম্পাদক ডাকযোগে অনুরোধ জানাইয়াছিলেন এবং প্রায় ৭০টি প্রতিষ্ঠানের নিকট পরিষদের প্রতিনিধি ব্যক্তিগত-ভাবে উপস্থিত হইয়া—কোন কোন ক্ষেত্রে বহুবার যাতায়াত করিয়া—প্রয়োজনীয় সংবাদ সংগ্রহের চেষ্টা করিয়াছিলেন। কিন্তু নিতান্ত পরিতাপের বিষয় যে অতি অল্পসংখ্যক প্রতিষ্ঠান ও ব্যক্তির নিকট হইতে এবিষয়ে প্রকৃত সহযোগিতা পাওয়া গিয়াছে। পরিষদের পক্ষ হইতে যথাসাধ্য চেষ্টার ফলে যে তথ্য সংগৃহীত হইয়াছে তাহার উপর নির্ভর করিয়াই বর্তমান তালিকা প্রস্তুত হইয়াছে। গ্রন্থ-প্রকাশক, ব্যবসায়ী ও তাঁহাদের সংস্থাগুলির দৃষ্টি এবিষয়ে বিশেষভাবে আকর্ষণ করিয়া আমরা সকলকে পুনরায় অনুরোধ জানাইতেছি যে তাঁহারা যেন তাঁহাদের নব-প্রকাশিত বাংলা গ্রন্থের তালিকা নিয়মিতভাবে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের নিকট প্রেরণ করেন। প্রত্যেক পুস্তক সম্বন্ধে নিম্নলিখিত তথ্য সন্নিবেশ করা প্রয়োজন :—গ্রন্থকারের নাম, গ্রন্থের নাম, সংস্করণ, গ্রন্থ-প্রকাশের স্থান, প্রকাশকের নাম ও ঠিকানা, গ্রন্থের পৃষ্ঠাসংখ্যা, একাধিক খণ্ডে সমাপ্ত হইলে সমুদয় খণ্ডের সংখ্যা, মূল্য প্রকাশের মাস ও সাল (বাংলা), গ্রন্থের বিষয় জ্ঞাপক সংক্ষিপ্ত পরিচয়।

শ্রীগোবিন্দ ভূষণ ঘোষ।
গ্রন্থ-নির্বাচন সংসদের আহ্বায়ক।

ধর্ম ও দর্শন

কৃষ্ণানন্দ আগমবাগিশ :-

বৃহৎ তন্ত্রসার:। কলিকাতা, বসুমতী সাহিত্য মন্দির, ১২৬, বৌবাজার ষ্ট্রীট। ৬৮৩ পৃঃ। ১০৲ টাকা।

সুরেন্দ্র মোহন ভট্টাচার্য :-

জন্মান্তর-রহস্য, ১৭শ সং। কলিকাতা, সত্যনারায়ণ লাইব্রেরী, ৩২, গোপীকৃষ্ণ পাল লেন। ৪৩২ পৃঃ। ৩৷০ আনা।

সুরেন্দ্র মোহন ভট্টাচার্য :-

পুরোহিত দর্পণ, ২৯শ সং। কলিকাতা, সত্যনারায়ণ লাইব্রেরী, ৩২, গোপীকৃষ্ণ পাল লেন। ১০১৬ পৃঃ। বোর্ডে বাঁধাই ৯৲ টাকা। কাপড়ে বাঁধাই ১০৲ টাকা।

সমাজতন্ত্র

ইলিন্, এম্

পৃথিবী ও মানব সমাজ। অনুঃ-হরিপদ চট্টোপাধ্যায়। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৫২ পৃঃ। ৷৷০ আনা।

(The earth and man গ্রন্থের অনুবাদ)

রেবতী বর্ম্মন

সমাজ ও সভ্যতার ক্রমবিকাশ। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ২১২ পৃঃ। ৩৷০ আনা।

রাষ্ট্রনীতি

ক্রুগ্‌ম্যান্, জেমস্

ধনতান্ত্রিক ও সমাজতান্ত্রিক ব্যবস্থার পাশাপাশি শান্তিপূর্ণ অবস্থান। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ। (Peaceful co-existence of capitalist and socialist system গ্রন্থের অনুবাদ)

সোবোলেভ, এ

জনগণের গণতন্ত্র। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৩০ পৃঃ। ৵০ আনা।

(People's democracy as a form of political organisation of society গ্রন্থের অনুবাদ।)

শিবকুমার রায়, অনুবাদক

সোভিয়েৎ ইউনিয়নের কমিউনিষ্ট পার্টির কাঠামো। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৪০ পৃঃ। ৷৷০ আনা। (রাজনৈতিক শিক্ষা সিরিজ, ১০ম খণ্ড।)

কম্যুনিজম্

লিউ সাও-চি

সাচ্চা কমিউনিষ্ট কি করে হতে হবে। অনুঃ-চিন্মোহন সেহানবীশ। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ১১৪ পৃঃ। ১৲ টাকা।

(How to be a good communist গ্রন্থের অনুবাদ।)

শিবকুমার রায়, অনুবাদক

আমাদের লক্ষ্য কমিউনিজম্। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৫২ পৃঃ। ৷৷০ আনা। (রাজনৈতিক শিক্ষা সিরিজ, ত্রয়োদশ খণ্ড।)

কৃষিকার্য

ই, এম্. এস্. নম্বুদ্রিপাদ

ভারতের কৃষি সমস্যা; অনুঃ-বগলা গুহ। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ৬৪ পৃঃ। ৸০ আনা।

নৃতত্ত্ব ও জাতিতত্ত্ব

ষ্টালিন, জে, ভি,

মার্কসবাদ ও জাতি-সমস্যা; ২য় সং। অনুঃ সোমনাথ লাহিড়ী। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ১০০ পৃঃ। নিউজ প্রিণ্ট, ১৲ টাকা। ভোয়াইট প্রিণ্ট, ১৷৷০ আনা।

(Marxism and national question গ্রন্থের অনুবাদ।)

সত্যেন্দ্র নারায়ণ মজুমদার

ভারতের জাতি-সমস্যা। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৩৪ পৃঃ। ৵০ আনা।

নারী

উপেন্দ্রচন্দ্র ভট্টাচার্য্য (বিদ্যাভূষণ)

ভারতের নারী ; ১৩শ সং। কলিকাতা, মডার্ণ বুক এজেন্সী ১০, কলেজ স্কোয়ার, ২২৩ পৃঃ। ২৲ টাকা।

কল্যাণী রায়

সোভিয়েটের মেয়েরা ; ৩য় সং।কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৮৮ পৃঃ। ১৷৷০ আনা।

জীব বিজ্ঞান

দেবী প্রসাদ চট্টোপাধ্যায়

যে গল্পের শেষ নাই। কলিকাতা, ক্যালকাটা বুক ক্লাব, ৮৯, হ্যারিসন রোড। দুই খণ্ড ১০, আনা+২৲ টাকা

কাব্য ও কবিতা

মাইকেল মধুসূদন দত্ত

মেঘনাদ বধ কাব্য ; সটীক সং। অধ্যাপক এ, এন্, ব্যানার্জ্জী প্রণীত। কলিকাতা, মডার্ণ বুক এজেন্সী, ১০, কলেজ স্কোয়ার, ১৭৫ পৃঃ ৩৲ টাকা

রজনীকান্ত সেন

কল্যাণী ; ২৬শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট। ১২০ পৃঃ। ২৲ টাকা

সত্যেন্দ্রনাথ দত্ত

হসন্তিকা। কলিকাতা, এম্, সি, সরকার এণ্ড সন্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৮৮ পৃঃ। ১৷৷০ আনা।

নাট্য সাহিত্য

অপরেশ চন্দ্র মুখোপাধ্যায়

কর্ণার্জ্জুন, ২২শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১ কর্ণওয়ালিশ ষ্ট্রীট। ১৭৩ পৃঃ। ২৷৷০ আনা

গিরীশ চন্দ্র ঘোষ

প্রফুল্ল ; ১০ম সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১ কর্ণওয়ালিশ ষ্ট্রীট। ১৬০ পৃঃ। ২৷৷০ আনা।

নারায়ণ গঙ্গোপাধ্যায়

রামমোহন। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ১১১ পৃঃ। ২৲ টাকা।

বিভূতি ভূষণ মুখোপাধ্যায়

গণ্ডশার বিয়ে। কলিকাতা, এম্, সি, সরকার এণ্ড সন্স্, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ৯৩ পৃঃ। ১৷৷০ আনা

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

বন্ধু, ৪র্থ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট। ১৩৬ পৃঃ। ১৸০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

রমা ; ৮ম সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট। ১২৪ পৃঃ। ২৲ টাকা

গল্প-উপন্যাস।

গোপাল হালদার

অন্যদিন ; ২য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ২৮৯ পৃঃ। ৪৷৷০ আনা।

জ্যোতির্ম্ময়ী দেবী

মনের অগোচরে ; কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট। ৭৭ পৃঃ। ২৲ টাকা

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

আমার কালের কথা ; ২য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট। ২২২ পৃঃ। ৩৷৷০ আনা

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

চৈতালী-ঘূর্ণি ; ৭ম সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪ বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্। ১৩২ পৃঃ। ২৲ টাকা।

দেবনারায়ণ গুপ্ত

অনুপমার প্রেম ; ২য় সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট্। ৯৬ পৃঃ। ১৷৷০ আনা।

নরেন্দ্র মিত্র

দেহমন ; কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্। ২৫৮ পৃঃ। ৪৲ টাকা।

নারায়ণ গঙ্গোপাধ্যায়

সাগরিক ; কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট।

১৫২ পৃঃ। ২৷৷০ আনা।

নারায়ণ গঙ্গোপাধ্যায়

সূর্য্য সারথী, ৩য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্।

২১২ পৃঃ। ৩৷৷০ আনা।

নারায়ণ ব্যানার্জ্জী

ষোলকলা ; কলিকাতা, অনু ব্যানার্জি, ৩২ এ, খিলাৎ বাবু লেন, ১৪০ পৃঃ। ২৲ টাকা। বিক্রেতা : র‍্যাডিক্যাল বুক ক্লাব, ৬, কলেজ স্কোয়ার, কলিকাতা।

নিরুপমা দেবী

অন্নপূর্ণার মন্দির ; ৮ম সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১ কর্ণওয়ালিশ ষ্ট্রীট্ ১৫৭ পৃঃ। ৩৲ টাকা।

পুষ্পলতা দেবী

মরুতৃষা ; ২য় সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট্। ২৮৪ পৃঃ। ৩৷৷০ আনা।

প্রতিভা মৈত্র

বাদর রাত ; কলিকাতা, কালকাটা বুক ক্লাব, ৮৯, হ্যারিসন রোড্। ১৪৪ পৃঃ। ২৲ টাকা।

প্রবোধ কুমার সান্যাল

শ্যামলীর স্বপ্ন ; ৪র্থ সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্।

২২২ পৃঃ। ৮৲ টাকা।

প্রবোধ কুমার সান্যাল

সাহারা, ৩য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্।

১১৪ পৃঃ। ২৲ টাকা।

প্রবোধ কুমার সান্যাল

স্বাগতম্, ৫ম সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্, ১৪ পৃঃ। ২৲ টাকা।

প্রবোধ কুমার সান্যাল

হাসুবানু : কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্, ৪৮২ পৃঃ।

৭৷৷০ আনা।

প্রেমেন্দ্র মিত্র

ভাবীকাল, ৩য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট্, ১৩১ পৃঃ। ৩৲ টাকা।

পৃথ্বীশ চন্দ্র ভট্টাচার্য্য

কারটুন ; ৩য় সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট্, ১৬০ পৃঃ। ২৲ টাকা।

পৃথ্বীশ চন্দ্র ভট্টাচার্য্য

দেহ ও দেবতাত্মা, ২য় সং : কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১ কর্ণওয়ালিশ ষ্ট্রীট্, ২৭২ পৃঃ। ৪৲ টাকা।

কাজলী মুখোপাধ্যায়

ভাগীরথী বহে ধীরে, ৩য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জি ষ্ট্রীট্, ১৪৫ পৃঃ। ২৷৷০ আনা।

ফাল্গুনী মুখোপাধ্যায়

রক্তচন্দন। কলিকাতা, সেন ব্রাদার্স ১৪, কলেজ স্কোয়ার, ২৪৯ পৃঃ। ৪৲ টাকা।

বলাই চাঁদ মুখোপাধ্যায় (বনফুল)

দ্বৈরথ; ৪র্থ সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ১৮৬ পৃঃ। ৩৲ টাকা।

বলাই চাঁদ মুখোপাধ্যায় (বনফুল)

সপ্তর্ষি; ৩য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ২১৯ পৃঃ। ৩৷৷০ আনা।

বিভূতি ভূষণ মুখোপাধ্যায়

নব সন্ন্যাস (প্রথম), ২য় সং। কলিকাতা বেঙ্গল পাবলিশার্স, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ২৯৯ পৃঃ। ৫৲ টাকা।

বুদ্ধদেব বসু

বুদ্ধদেব বসুর শ্রেষ্ঠ গল্প। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ২৪৮ পৃঃ। ৫৲ টাকা।

মনোজ বসু

একদা নিশীথ কালে; ৪র্থ সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪ বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ১৫৪ পৃঃ। ২৷৷০ আনা।

মনোজ বসু

নবীন যাত্রা; ২য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ১৮০ পৃঃ। ৩৲ টাকা।

মনোজ বসু

নর বাঁধ; ৪র্থ সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ১২২ পৃঃ। ২৲ টাকা।

মনোজ বসু

বন মর্ম্মর; ৪র্থ সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ১৪৯ পৃঃ। ২৷৷০ আনা।

মনোজ বসু

ভুলি নাই, ২২শ সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট; ১২২ পৃঃ। ২৲ টাকা।

মাণিক বন্দ্যোপাধ্যায়

প্রাগৈতিহাসিক; ২য় সং। কলিকাতা, এম্, সি, সরকার এণ্ড সন্স্, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ১৭৮ পৃঃ। ২৷৷০ আনা।

মাণিক ব্যানার্জি

মাণিক গ্রন্থাবলী, ২ ভাগ। কলিকাতা, বসুমতী সাহিত্য মন্দির, ১৬৬, বৌবাজার ষ্ট্রীট, ২০৩ পৃঃ। ২৲ টাকা।

রঞ্জন

স্বীতে উপেক্ষিতা; ৮ম সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট, ২২৯ পৃঃ। ৩৷৷০ আনা।

শচীন্দ্র বন্দ্যোপাধ্যায়

বিষকন্যা; ৩য় সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩/১/১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট। ১৭৮ পৃঃ। ২৷৷০ আনা।

শচীন্দ্র বন্দ্যোপাধ্যায়

বিষের ধোঁয়া; ৫ম সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট ১৯৮ পৃঃ। ৩৲ টাকা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

অরক্ষণীয়া; ১৯শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্, ২০৩।১।১ কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ৯৬ পৃঃ। ১৷০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

চন্দ্রনাথ ; ২৩শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট ; ১০৪ পৃঃ। ১৷৷০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

দত্তা ; ১৪শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্। ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ২২৪ পৃঃ। ৩৲ টাকা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

দেনা পাওনা ; ১০ম সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ২৮০ পৃঃ। ৪৲ টাকা

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

দেবদাস ; ১৬শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১৩৬ পৃঃ। ২৲ টাকা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

নিষ্কৃতি ; ১৭শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ৮০ পৃঃ। ১৷৷০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

পথের দাবী। কলিকাতা, এম্, সি সরকার এণ্ড সন্‌স্, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ৪২৬ পৃঃ। ৩৲ টাকা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

পল্লী-সমাজ ; ২৩শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১৫৯ পৃঃ। ২৷৷০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

বড়দিদি ; ২১শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ৮০ পৃঃ। ১৷৷০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

বিরাজ বৌ ; ২৩শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১৩৯ পৃঃ। ২৲ টাকা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

মেজদিদি ; ১৬শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১২০ পৃঃ। ১৷৷০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

শ্রীকান্ত (প্রথম পর্ব্ব) ; ১৭শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১৮২ পৃঃ। ৩৲ টাকা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

শুভদা, ৬ষ্ঠ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ২১৬ পৃঃ। ২৷৷০ আনা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

শেষ প্রশ্ন ; ১৬শ সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ৩১৮ পৃঃ। ৫৲ টাকা।

শশধর দত্ত

কাঁটার মুকুট। কলিকাতা, সেন ব্রাদার্স, ১৫, কলেজ স্কোয়ার, ১৪০ পৃঃ ২৷৷০ আনা।

শিবরাম চক্রবর্ত্তী

মস্কো বনাম পণ্ডিচেরী। কলিকাতা, ক্যালকাটা বুক ক্লাব লিমিটেড, ৮৯, হ্যারিসন্ রোড। ১৪৪ পৃঃ। ১৷৷০ টাকা

সঞ্জীব চট্টোপাধ্যায়

পালামৌ ; কলিকাতা, বসুমতী সাহিত্য মন্দির, ১৬৬, বৌবাজার ষ্ট্রীট ৮২ পৃঃ।১৲ টাকা।

সন্তোষকুমার মিত্র

নানা রঙের দিন ; কলিকাতা, ক্যালকাটা

বুক ক্লাব লিঃ, ৮৯ নং হ্যারিসন রোড। ১৫৬ পৃঃ। ৪৲ টাকা।

সুবোধ ঘোষ

ষড়ঙ্গ। কলিকাতা। এম্. সি সরকার এণ্ড সন্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জি ষ্ট্রীট, ১৫৬ পৃঃ ৩৷৷০ আনা।

সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়

আঁধি; ৩য় সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ২০৩।১।১ কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ২২৭ পৃঃ। ৩৲ টাকা।

গোয়েন্দা কাহিনী

দীনেন্দ্রকুমার রায়

চক্রান্ত জালে নারী। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১১৭ পৃঃ। ২৲ টাকা।

নীহার গুপ্ত

কালো ভ্রমর (তৃতীয় খণ্ড); ৪র্থ সং, কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ১৭১ পৃঃ। ২৷০ আনা।

নীহার গুপ্ত

মুখোশ; ২য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ২০৭ পৃঃ। ২৲ টাকা।

নীহার গুপ্ত

মৃত্যুবাণ (তৃতীয় খণ্ড); ২য় সং। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ১৫২ পৃঃ ১৸০ আনা।

সুকুমার দে সরকার

হানা বাড়ী; ২য় সং। কলিকাতা, নিউ বেঙ্গল প্রেস, ৬৮, কলেজ ষ্ট্রীট, ১১৮ পৃঃ। ১৷৷০ আনা।

গল্প সাহিত্য, প্রবন্ধ

কালীপ্রসন্ন ঘোষ

নিভৃত চিন্তা; অভিনব সং। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১৪৯ পৃঃ ২।০ আনা।

পঞ্চানন ঘোষাল

অপরাধ বিজ্ঞান (২য়)। কলিকাতা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ২০৩।১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ২৯১ পৃঃ ৪৲ টাকা।

বরুন

বইয়ের বদলে। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ১৪৯ পৃঃ। ২।০ আনা।

সৈয়দ মুজতবা আলী

পঞ্চতন্ত্র। কলিকাতা, বেঙ্গল পাবলিশার্স ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ১৬৪ পৃঃ। ৩৷৷০ আনা।

কুচিক্, জুলিয়াস্

ফাঁসীর মঞ্চ থেকে; ২য় সং। কলিকাতা, ন্যাশনাল বুক এজেন্সী লিঃ, ১২, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট, ১০৫ পৃঃ। ১৸০ আনা। (Notes from the gallows গ্রন্থের অনুবাদ)

বিশ্ববিশ্বাস, অনুবাদক

গর্কি। কলিকাতা, অমু ব্যানার্জ্জী ৩২।এ, খিদাৎ বাবু লেন; ১৪৬ পৃঃ। ২৲ টাকা। (মক্সিমের রাশিয়ান মূল গ্রন্থের অনুবাদ) বিক্রেতা: র‍্যাডিক্যাল্ বুক ক্লাব, ৬, কলেজ স্কোয়ার, কলিকাতা।

ডকুমেন্ট, এলীনর

মনে পড়ে। কলিকাতা, এম্. সি. সরকার এণ্ড সন্স, ১৪, বঙ্কিম চ্যাটার্জ্জী ষ্ট্রীট ; ১৬৬ পৃঃ ৸০ আনা।

(This I remember গ্রন্থের অনুবাদ)

জীবনী

পবিত্র গঙ্গোপাধ্যায়

চলমান জীবন। কলিকাতা, কালকাটা বুক ক্লাব লিমিটেড, ৮৯, চ্যাবিসন রোড ; ৩২০ পৃঃ। ৪৷৹ টাকা।

শিশু সাহিত্য

সুনির্ম্মল বসু

ছোটদের পদ্ম পুরাণ। ২য় সং কলিকাতা, নিউ বেঙ্গল প্রেস, ৬৮, কলেজ ষ্ট্রীট ; ২১০ পৃঃ ২৲ টাকা।

জাতীয় গ্রন্থাগার

কলিকাতায় অবস্থিত ভারতবর্ষের জাতীয় গ্রন্থাগারের (National Library) বয়স পঞ্চাশ বৎসর উত্তীর্ণ হওয়ায় গত ১লা ফেব্রুয়ারী (১৯৫৩) তারিখে এই পাঠাগারের সুবর্ণ জয়ন্তী উৎসব এবং পাঠাগারটি কিছুকাল পূর্বে আলিপুরে বেলভেডিয়ারে স্থানান্তরিত হওয়ায় আনুষ্ঠানিকভাবে ইহার উদ্বোধন উৎসব অনুষ্ঠিত হইয়াছে। পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর হরেন্দ্রকুমার মুখার্জী এই অনুষ্ঠানে সভাপতির আসন গ্রহণ করেন এবং ভারত সরকারের শিক্ষামন্ত্রী মৌলানা আবুল কালাম আজাদ গ্রন্থাগারের উদ্বোধন করেন। কলিকাতার এবং ভারতবর্ষের বহু বিশিষ্ট ব্যক্তি এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জাতীয় গ্রন্থাগারের বর্ত্তমান পাঠাগারিক শ্রী বি. এস. কেশবনের কর্মকুশলতায় উৎসবটি সাফল্যসহকারে অনুষ্ঠিত হয়।

মাদ্রাজ গ্রন্থাগার পরিষদের রজত-জয়ন্তী উৎসব

মাদ্রাজ গ্রন্থাগার পরিষদের (Madras Library Association) ২৫ বছর বয়স পূর্ণ হওয়ায় ইহার রজত-জয়ন্তী উৎসব অনুষ্ঠানের ব্যবস্থা হইতেছে। এই উপলক্ষে এই পরিষদের কার্যকলাপের বর্ণনা সহ একটি স্মারকপুস্তক প্রকাশের ব্যবস্থা হইতেছে। এই উপলক্ষে পরিষদের সভাপতি এবং মাদ্রাজে পাঠাগার আন্দোলনের জনক শ্রী কে. ভি. কৃষ্ণস্বামী আয়ারের একটি মধ্যাকৃতির চিত্রোন্মোচনের প্রস্তাব করা হইয়াছে এবং পরিষদের উৎপত্তি হইতে এপর্যন্ত ইহার অন্যতম সচিব (Secretary) ডক্টর এস্. আর. রঙ্গনাথনকে বিশেষভাবে সম্বর্দ্ধিত করিবার ব্যবস্থা হইতেছে।

কাল পেঁচার দু'কলম

গ্রন্থ-নগরী ক'লকাতা *

হুগলি শহরে ১৭৭৮ সালে এবং কলকাতা শহরে ১৭৮০ সালে মুদ্রাযন্ত্র প্রথম স্থাপিত হয়। ১৮২৪-'২৬ সালের মধ্যে আমরা কলকাতা শহরে একাধিক ছাপাখানার খবর পাই। তার মধ্যে শোভাবাজারের বিশ্বনাথ দেবের প্রেস, শাস্ত্রপ্রকাশ প্রেস, শিয়ালদহের পীতাম্বর সেনের প্রেস, সিন্ধু যন্ত্র, মির্জাপুরের সম্বাদতিমিরনাশক প্রেস, মুন্সী হেদাতুল্লার প্রেস, চোরবাগানের রামকৃষ্ণ মল্লিকের প্রেস, বহুবাজারের লেবেডিয়ার সাহেবের প্রেস, আড়পুলির হরচন্দ্র রায়ের প্রেস, এশ্টালীর পীয়ার্স সাহেবের প্রেস, শাঁখারিটোলার বদন পালিতের প্রেস, মহেন্দ্রলাল প্রেস, ধর্মতলার রামমোহন রায়ের ইউনিটেরিয়ান প্রেস, বঙ্গদূত প্রেস, সমাচার-চন্দ্রিকা প্রেস, ফেরীস এণ্ড কোম্পানীর প্রেস, সংস্কৃত যন্ত্র, হিন্দুস্থানী প্রেস, কলেজ প্রেস ইত্যাদি উল্লেখযোগ্য। ধানকল, গমকল, পাটকল, কাপড়ের কলের অনেক আগে হিকি সাহেব, গ্লাডউইন সাহেব, রামমোহন রায়, মির্জাপুরের ব্রাহ্মণ বাবুরাম, গুজরাটী ব্রাহ্মণ 'ললুলাল', বাঙালী ব্রাহ্মণ গঙ্গাকিশোর ভট্টাচার্য, চোরবাগানের রামকৃষ্ণ মল্লিক, শাঁখারিটোলার বদন পালিত ও মহেন্দ্রলাল, বিশ্বনাথ দেব, মুন্সী হেদাতুল্লা প্রভৃতির বইছাপা কল বাংলার ও বাঙালীর নবজাগরণকেন্দ্র কলকাতা শহরকে গ্রন্থ-নগরীতে পরিণত করেছিল। কলকাতা শহর যদি আমাদের সামাজিক ও সাংস্কৃতিক নবজাগরণের মহাকেন্দ্র হয়, তাহ'লে বইছাপা কলের বইপত্র সেই জাগরণের সঞ্চার করেছে বলতে হবে। গৌড়, নবদ্বীপ, কৃষ্ণনগর, মুর্শিদাবাদ, ঢাকা হ'ল হাতেলেখা পাণ্ডুলিপির রাজ-নগর বা তীর্থ-নগর—প্রাচীন ও মধ্যযুগীয় কালচারের প্রতীক। কলকাতা শহর ছাপাখানার ছাপা গ্রন্থ-নগরী—আধুনিক কালচারের প্রতীক।

আধুনিক কালচারের তীর্থস্থান কলকাতা মহানগরকে যাঁরা গ্রন্থনগরীরূপে গ'ড়ে তুলেছেন ছাপাখানা, ছাপা বই ও পত্রিকা দিয়ে, তাঁদের মধ্যে সবার আগে দু'জন বাঙালীর নাম করতে হয়—পঞ্চানন কর্মকার ও গঙ্গাকিশোর ভট্টাচার্যের। একজন বাঙালী কর্মকার, আর একজন বাঙালী ব্রাহ্মণ—আধুনিক ইতিহাসের এ এক আশ্চর্য রাখীবন্ধন। এছাড়া খিদিরপুরের "সংস্কৃত যন্ত্র" প্রেসের প্রতিষ্ঠাতা অবাঙালী বাবুরাম ও ললুলুর নামও করা উচিত। কিন্তু আনুমানিক ১৮০৬—'০৭ সালে এই ছাপাখানা স্থাপিত

---

* ৩রা কার্তিক, সন ১৩৪৯ সাল (ইং ২০শে অক্টোবর, ১৯৪২ খৃঃ) তারিখের 'যুগান্তর' হইতে সংক্ষিপ্তাকারে উদ্ধৃত—গ্রঃ সঃ।

হলেও, প্রধানতঃ দেবনাগরী অক্ষরে হিন্দী ও সংস্কৃত বই সেখান থেকে ছাপা হ'ত। তবু ভারতীয় ভাষায় ছাপার জন্যে একজন ভারতীয়-প্রতিষ্ঠিত কলকাতা শহরের প্রথম ছাপাখানা এই "সংস্কৃত-যন্ত্র"।

তার আগে পঞ্চানন কর্মকার অবশ্য উইলকিন্স সাহেবের কাছে কাজ শিখে বাংলা ছাপার হরফ তৈরী করেছেন এবং তাতে বইও ছাপা হয়েছে, কিন্তু সাহেবদের প্রেস থেকে। গঙ্গাকিশোর ভট্টাচার্যই প্রথম বাংলা বই ছাপা শুরু করেন কলকাতার "কেরীস এণ্ড কোম্পানীর প্রেস" থেকে। তার আগে তিনি শ্রীরামপুরে ব্যাপটিস্ট মিশনের ছাপাখানায় কম্পোজিটারের কাজ করেন। কলকাতা থেকে তাঁর প্রথম ছাপা বাংলা বই ভারতচন্দ্রের "অন্নদামঙ্গল" —১৮১৬ সালে প্রকাশিত হয়। গঙ্গাকিশোরের ছাপা এই "অন্নদামঙ্গলই" প্রথম সচিত্র ছাপা বাংলা বই। কয়েকখানি ধাতুখোদাই ও কাষ্ঠখোদাই চিত্র ছিল বইখানির মধ্যে, খোদাই করেছিলেন শিল্পী রামচাঁদ রায়। বইয়ের সংখ্যা ও কাটতি বাড়াতে গঙ্গাকিশোর একটি বইয়ের দোকান খোলেন এবং প্রতিনিধি পাঠিয়ে বাইরে বই বিক্রীর ব্যবস্থা করেন। বোধ হয়, গঙ্গাকিশোরই প্রথম কলকাতা শহরে বইয়ের দোকান খোলার পথ দেখান। তারপর ১৮১৮ সালে গঙ্গাকিশোর নিজেই একটি ছাপাখানা করেন—"বাঙ্গাল গেজেটি প্রেস" এবং সেখান থেকে "বাঙ্গাল গেজেটি" নামে বাংলা সাময়িক পত্র প্রকাশ করেন। গঙ্গাকিশোরের এই "বাঙ্গাল গেজেটি"ই বাঙালী প্রবর্তিত প্রথম বাংলা সংবাদপত্র ব'লে অনুসন্ধানীরা স্বীকার করেন। তাহ'লে দেখা যাচ্ছে, কম্পোজিটার গঙ্গাকিশোর ভট্টাচার্যের কাছে আমরা অনেক দিক থেকেই ঋণী। তিনিই প্রথম সচিত্র বাংলা বইয়ের মুদ্রাকর ও প্রকাশক, প্রথম বাংলা সংবাদপত্রের বাঙালী প্রবর্তক। আর পঞ্চানন কর্মকার তো বাংলা ছাপার হরফের অন্যতম স্রষ্টা। সুতরাং আধুনিককালের বাংলা— কম্পোজিটার, বাংলা হরফনির্মাতা, মুদ্রাকর, প্রকাশক, গ্রন্থব্যবসায়ী, গ্রন্থকার ও সাংবাদিক সকলের কাছে সর্বাগ্রে বরণীয় হলেন এই দু'জন বাঙালী—পঞ্চানন কর্মকার ও গঙ্গাকিশোর ভট্টাচার্য।

একটা কথা এখানে বিশেষভাবে মনে রাখা দরকার। অষ্টাদশ শতাব্দীর শেষে কলকাতা শহরে বইপত্র ছাপা শুরু হবার পর থেকে আমরা যখন মধ্যযুগ থেকে আধুনিক সভ্যযুগে পদার্পণ করি, তখন ইয়োরোপবাসী বা ইংরেজরা আমাদের চেয়ে বেশী সভ্য ছিলেন না। ইংরেজরা যে আমাদের দেশে জাতীয় নবজাগরণের অগ্রদূতরূপে কাজ করেছেন সেটা ইতিকথা, রূপকথা ও নিছক কল্পনা ছাড়া কিছু নয়। একই সময় পৃথিবীতে কতকগুলি যুগান্তকারী আবিষ্কার ও বৈপ্লবিক আন্দোলনের ফলে ইংরেজরা যেমন সজাগ হয়েছেন, তেমনি আমরাও হয়েছি, শুধু ঘটনাচক্রে ইংরেজরা যোগসূত্রের কাজ করেছেন মাত্র। ফরাসী বিপ্লব ও আমেরিকার স্বাধীনতা আন্দোলনের আঘাত অনুভব না করলে শুধু শিল্পবিপ্লব ইংরেজ জাতকে কতটা ঠেলে এগিয়ে নিয়ে যেত তা নিশ্চয়ই ভাববার বিষয়। এই সময় ইংলণ্ডের

ছাপাখানার প্রসার হয়, ছাপা বই পত্রিকার সংখ্যা বাড়ে, অসংখ্য সঙ্ঘ গড়ে ওঠে, নগরে নগরে জমায়েত পাঠাগারের বিস্তার হয়। এক কথায় নতুন ভাবধারা প্রচারের জন্যে বইছাপা কল, যখন অসংখ্য বইপত্র ইস্তেহার ছেপে ইংলণ্ডের বুর্জোয়া শিল্পনগরগুলিকে গ্রন্থনগরীতে পরিণত করে, তখনই ইংরেজ জাতির নবজাগরণ শুরু হয়। সেটা বেশী দিনের কথা নয়, অষ্টাদশ শতাব্দীর কথা। ঠিক এই সময়েই আমাদের দেশের বড় বড় শহরে মুদ্রাযন্ত্র আসে, যন্ত্রযুগের সবচেয়ে বৈপ্লবিক যন্ত্র। পর্তুগীজ ও ইংরেজরাই তা আনেন, কিন্তু সেটা বড় কথা নয়, একটা ঘটনা মাত্র। মুদ্রাযন্ত্র তাঁদের আবিষ্কার নয়, কার্মানদের—তাঁরা বহন করে এনেছিলেন এদেশে নিজেদের কাজের জন্যে। তার চেয়ে অনেক বড় কথা, অনেক বেশী ঐতিহাসিক তাৎপর্যপূর্ণ কথা হল, এই মুদ্রাযন্ত্র প্রতিষ্ঠায় ও ব্যবহারে ইংরেজদের চেয়ে এদেশের লোক বেশী ছাড়া কম আগ্রহশীল ও তৎপর ছিলেন না। পাদরি সাহেবরা বই ছাপার ব্যাপারে তৎপর ছিলেন ঠিকই, কিন্তু তাঁদের ছাপাখানার এদেশী কম্পোজিটার ও কারিগররা তাঁদের চেয়ে অনেক বেশী উৎসাহ নিয়ে এপথে এগিয়ে গেছেন। তার প্রমাণ গঙ্গাকিশোর ভট্টাচার্য এবং এরকম আরও অনেকে। উনবিংশ শতাব্দীর মাঝামাঝির মধ্যে কলকাতা শহরে যতগুলি ছাপাখানা স্থাপিত হয় এবং যতগুলি বই ও পত্রিকা প্রকাশিত হয়, তা প্রধানতঃ এদেশী বাঙ্গালীদের উদ্যোগে। কলকাতা শহরকে প্রধানতঃ বাঙ্গালীরাই গ্রন্থনগরীতে পরিণত করেন। শুধু রামমোহন রায় বা দ্বারকানাথ ঠাকুর নন, পঞ্চানন কর্মকার, গঙ্গাকিশোর ভট্টাচার্য বিশ্বনাথ দেব, বদন পালিত, মহেন্দ্রলাল, মুনশী হেদাতুল্লা, মহম্মদ মেরাসতুল্লা ('মহাম্মদি যন্ত্রের' প্রতিষ্ঠাতা), কাজী সফীউদ্দিন ('সোলেমানি প্রেসের' প্রতিষ্ঠাতা) এবং আরও অনেকে বাঙ্গালীর নবজাগরণের অগ্রদূত। আমাদের আধুনিক সংস্কৃতি প্রাসাদের ঘনিয়াদ, এমন কি একতলা পর্যন্ত বলা চলে, এঁরাই ইট গেঁথে গেঁথে গড়ে তুলেছেন। ঐতিহাসিকরা শুধু ইংরেজ শিক্ষাব্রতী ও পাদরিদের কথা, রামমোহন রায় ও দ্বারকানাথের কথা লিখে গেছেন—ভবিষ্যতের ঐতিহাসিকরা এঁদের কথা সমান শ্রদ্ধার সঙ্গে লিখবেন। না লিখলে নতুন যুগের বাঙ্গালীর ইতিহাস অসম্পূর্ণ থাকবে। কারণ যখন কলকারখানা বিশেষ গড়ে ওঠেনি, শুধু দু'একটা ধানকল ও গমপেষাই কল এসেছে—যখন রেলপথ টেলিগ্রাফ হয়নি, আধুনিক ডাক ব্যবস্থাও ছিল না—তখন এঁরাই মুদ্রাযন্ত্র প্রতিষ্ঠা করে, বইপত্র ছেপে প্রকাশ ও প্রচার করে, ঘুমন্ত দেশকে জাগিয়ে তুলেছিলেন। বাঙ্গালীর নবজাগরণের এঁরাই প্রথম চারণ, প্রথম বৈতালিক—ধর্মতলা, শাঁখারিটোলা, চোরবাগান, শোভাবাজার, বটতলা, মির্জাপুর, শিয়ালদহের ছোট ছোট ছাপাখানার খটাং খটাং শব্দে যাঁরা ঘুমন্ত দেশবাসীকে প্রথম জাগিয়ে তুলেছিলেন, কলকাতা শহরকে যাঁরা গ্রন্থ-নগরী তথা জ্ঞানবিদ্যার মহানগরী ও গণতান্ত্রিক সংস্কৃতির তীর্থস্থান পরিণত করেছেন। কলকারখানার ভোঁ তার অনেক পরে বেজেছে।

আদর্শ বিদ্যালয়ের গ্রন্থাগার

কর্মব্যস্ত গ্রন্থাগার আধুনিক আদর্শ বিদ্যালয়ের এক অপরিহার্য অঙ্গ। বিদ্যালয়ের প্রতি কার্যের এবং প্রতি বিভাগের কর্মশালা এই গ্রন্থাগার। গ্রন্থ ও গ্রন্থাগার ব্যবহারের রীতিনীতি জানিবার এবং পাঠাভ্যাস অর্জনের উপায় সম্বন্ধে জ্ঞান অর্জন করিবার ইহাই উপযুক্ত স্থান। বিদ্যালয়ের গ্রন্থাগারের কার্যধারা নিম্নলিখিত ফললাভ হয় :—

১। বিদ্যালয়ের বিভিন্ন কার্যের মধ্যে সমন্বয় সাধনের কেন্দ্র হিসাবে বিদ্যালয় গ্রন্থাগারই কার্য করে।

২। বিদ্যালয়ের প্রত্যেক বিষয়ে শিক্ষাদানকে কার্যকরী করিবার জন্য বিদ্যালয় গ্রন্থাগার প্রত্যক্ষভাবে সহায়তা করে।

৩। বিদ্যালয়ের শ্রেণীকক্ষের বাহিরের আচরণ ও জীবনযাত্রার ধারা বা চালচলন শিক্ষালাভের সুযোগ পাওয়া যায় বিদ্যালয় গ্রন্থাগারে।

বিদ্যালয়ের গ্রন্থাগার কক্ষ

শ্রেণীকক্ষ সমূহের সান্নিধ্যে বিদ্যালয়ের গ্রন্থাগারের স্থান নির্বাচিত হওয়া উচিত। গ্রন্থাগারের পাঠকক্ষ এরূপ প্রশস্ত হওয়া সঙ্গত যাহাতে ন্যূনপক্ষে বিদ্যালয়ের সমুদয় ছাত্র সংখ্যার অন্ততঃ শতকরা দশভাগ সেখানে বসিয়া পড়াশুনা করিতে পারে। পর্যাপ্ত আলোর অভাব যেন পাঠাগারে কখনও না হয় সেদিকে দৃষ্টি রাখা কর্তব্য।

বিদ্যালয়ের যে কোন ছাত্র অথবা শিক্ষকের পক্ষে যাহাতে প্রয়োজনমত সত্বর যে কোন পুস্তক পাওয়া সম্ভব হইতে পারে সেজন্য গ্রন্থাগারের সকল পুস্তক গ্রন্থাগারের গ্রন্থকক্ষের পুস্তকাধারে যথাস্থানে সাজাইয়া রাখা প্রয়োজন। বিদ্যালয় খোলা থাকা কালীন পুস্তকাধারে যাইয়া পুস্তক লইবার অবাধ অধিকার ছাত্রদের দেওয়া উচিত।

আসবাব পত্র : পাঠ কক্ষের দেওয়ালের ধার দিয়া মজবুত কাঠের দরজাহীন পুস্তকাধার স্থাপন করিয়া তাহাতে পুস্তক রাখা বাঞ্ছনীয়। পুস্তকাধারের উচ্চতা ৭' ফুট এবং তাকগুলি ৩' ফুট × ৮" ইঞ্চি হইলে সাধারণ মাপের গ্রন্থগুলি তাহাতে রাখা চলিবে।

পুস্তকপাঠের টেবিল ৩'×৫' ফুট এবং ৩০" ইঞ্চি উচ্চ হইলে এক একটি টেবিল ছয় জন বালক একত্রে ব্যবহার করিতে পারিবে। চেয়ারের পায়ার নীচে রবারের মোটা পট্টি দিলে চেয়ার নাড়াচাড়া করায় কোন শব্দ হইবে না। পত্রিকা ও সংবাদপত্র রাখিবার জন্য কাঠের উপযুক্ত পত্রিকাধার থাকা সঙ্গত। বুলেটিন বোর্ড, কার্ড ক্যাটালগের জন্য ক্যাটালগের বাক্স, পুস্তকাধার দেওয়ার স্থানে পুস্তক লেনদেনের টেবিল ও কার্ড

রাখিবার ট্রে এবং লাইব্রেরীর কার্যালয়ের কাগজপত্র ও ফাইল রাখিবার আসবাবপত্র বিদ্যালয় গ্রন্থাগারে প্রয়োজন হয়। পদশব্দ নিবারণের জন্য পাঠকক্ষের মেঝে শব্দ নিবারক আবরণ দ্বারা আচ্ছাদিত হওয়া বাঞ্ছনীয়।

গ্রন্থাগারের প্রয়োজনীয় খাতাপত্র ও অনুরূপ দ্রব্যাদি : গ্রন্থের ক্রমিক সংগ্রহ পুস্তক (Accession Register), গ্রন্থের অবস্থান সূচী জ্ঞাপক কার্ড (shelf list cards) এবং ঐ কার্ডের উল্লেখযোগ্য বিষয় জ্ঞাপক নির্দেশক কার্ড (guide cards), গ্রন্থ কার্ড (book card), গ্রন্থ-কার্ড ধারক (book pocket), তারিখ পত্র (date slips), পুস্তকে গ্রন্থাগারের নামাঙ্কিত করিবার মোহর, তারিখ লিখিবার মোহর, গ্রন্থ-ঠেস (book supports), গ্রন্থে গ্রন্থ-চিহ্ন জ্ঞাপনের জন্য উপযুক্ত কালী ও কলম, আটা ও টিকিট (label), গ্রন্থ-সূচী কার্ড (catalogue cards) ইত্যাদি গ্রন্থাগারের প্রয়োজনীয় দ্রব্যাদির তালিকার অন্তর্ভুক্ত।

সংগঠন ও পরিচালন : আদর্শ বিদ্যালয়ের পাঠাগারের ভার পাঠাগার বিদ্যায় শিক্ষাপ্রাপ্ত একজন উপযুক্ত পাঠাগারিকের উপর অর্পণ করা কর্তব্য। এই পাঠাগার বিদ্যালয়ের সকল বিভাগেরই সেবা করিবে। পাঠাগার পরিচালনার দায়িত্ব একটি সংসদের উপর অর্পিত হইবে। ঐ সংসদে পাঠাগারিক ব্যতীত শিক্ষকরাও নির্বাচিত হইবেন। পাঠাগারিকের পরিচালনাধীনে ঐ সংসদ পাঠাগারের উন্নতি সাধনের নীতি ও পন্থা নির্ধারণ করিবেন, পাঠাগারের আইনকানুন প্রণয়ন করিবেন, পাঠাগারের জন্য বরাদ্দ অর্থের বার্ষিক ব্যয়ের আনুমানিক তালিকা প্রণয়ন করিবেন এবং পাঠাগারের জন্য পুস্তক নির্বাচন করিবেন।

গ্রন্থাগারিক : উপযুক্ত পাঠাগারিক নির্বাচনের উপর বিদ্যালয় পাঠাগারের সাফল্য বহুল পরিমাণে নির্ভর করে। যোগ্য পাঠাগারিক ছাত্রদের মধ্যে পাঠস্পৃহা জাগাইয়া দেন এবং আনন্দ লাভ ও জ্ঞানার্জনের জন্য তাহাদের পাঠস্পৃহা বৃদ্ধি করিবার কার্যে সহায়তা করেন। তিনি ছাত্রদের পুস্তক ও পাঠাগার ব্যবহার সম্বন্ধে নিয়মিত ও সুনিয়ন্ত্রিতভাবে শিক্ষা দেন। বিদ্যালয়ের শিক্ষক ও পরিচালকগণকে দক্ষতার সহিত বৃত্তিগত সেবাদ্বারা আপ্যায়িত করেন। উপযুক্ত পাঠাগারিকের প্রচেষ্টায় বিদ্যালয় পাঠাগার বিদ্যালয়ের সকল কার্যের কেন্দ্র-স্থলে পরিণত হয়। তিনি অন্যান্য পাঠাগারে কি আছে এবং ঐ সকল পাঠাগারের পুস্তকাদি কি ভাবে কাজে লাগান যাইতে পারে তাহার উপায়ের সন্ধান রাখেন। বিদ্যালয়ের অন্যান্য বিভাগের বিশেষজ্ঞদের বেতনের সমতুল্য বেতন বিদ্যালয়ের পাঠাগারিকের জন্য বরাদ্দ হওয়া উচিত। সর্বক্ষণের পাঠাগারিক রাখা বিদ্যালয়ের পক্ষে একান্ত সম্ভব না হইলে এবং শিক্ষকের দ্বারা পাঠাগারের কর্ম চালাইতে হইলে ঐরূপ শিক্ষকের শ্রেণীকক্ষে শিক্ষাদানের দায়িত্বভার যাহাতে যতদূর সম্ভব লঘু হয় সে বিষয়ে দৃষ্টি রাখা আবশ্যক।

গ্রন্থসংগ্রহ : বিদ্যালয় পাঠাগারে যথেষ্ট সংখ্যক 'রেফারেন্স' বই থাকা আবশ্যক। শ্রেণীকক্ষে পঠন পাঠনের পরিপূরক কার্য করিতে পারে এরূপ পুস্তকও বিদ্যালয় পাঠাগারে রাখিতে হইবে। সাধারণ ভাবে পাঠোপযোগী পুস্তকও বিদ্যালয় পাঠাগারে রাখিতে

হইবে। এতদ্ব্যতীত পত্রিকা, মানচিত্র, চিত্র ইত্যাদিও পাঠাগারে অবশ্যই থাকিবে। বিদ্যালয় পাঠাগারে যে সকল পুস্তক থাকিবে তাহা সুদৃশ্য ও পরিচ্ছন্ন অবস্থায় রাখিতে হইবে এবং প্রয়োজনমত বিলম্ব না করিয়া তাহাদিগকে বাঁধাইয়া রাখিতে হইবে। কোন সহজ বোধ্য সর্বজন পরিচিত পদ্ধতিতে পুস্তকাদির শ্রেণী-বিভাগ করিতে হইবে। পুস্তক সংগ্রহের ক্রমিক-পুস্তকে পুস্তকসমূহকে অন্তর্ভুক্ত করিতে হইবে এবং পুস্তকাধারে উহাদের অবস্থান জ্ঞাপক সূচী (shelf list) প্রণয়ন করিতে হইবে। কার্ডে পুস্তক-সমূহের গ্রন্থসূচী প্রণয়ন করা বিধেয়। পুস্তক লেনদেনের জন্যও কোন একটি বৈজ্ঞানিক পদ্ধতি বাঞ্ছনীয়। আদর্শ বিদ্যালয়কে তাহার পাঠাগারের প্রাথমিক পুস্তক সংগ্রহ খাতে পর্যাপ্ত অর্থ ব্যয় করিতে হইবে। পরে পাঠাগারের পুস্তক, পত্রিকা, বাঁধাই খরচ, খাতা পত্র ইত্যাদি বাবদ ছাত্র সংখ্যার মাথা পিছু অন্যূন ৩৲ তিন টাকা খরচ করা সঙ্গত। পাঠাগারিকের দক্ষিণা এক পাঠাগারের আসবাবপত্রের জন্য স্বতন্ত্রভাবে অর্থ বরাদ্দ করিতে হইবে।

সংবাদপত্র সংবাদ

পৃথিবীর অন্যান্য জাতি অপেক্ষা ইংরাজ জাতির সংবাদপত্র পাঠের অভ্যাস বেশী। ব্রিটেনে প্রতিদিন গড়পড়তা প্রতি হাজার লোকের জন্য ৪৭০ খানি সংবাদপত্র বিক্রয় হয়। পক্ষান্তরে প্রতিদিন প্রতি হাজার লোকের জন্য নরওয়েতে ৪৭২ খানি এবং আমেরিকার যুক্তরাষ্ট্রে ৩৪৭ খানি সংবাদপত্র বিক্রয় হয়। ব্রিটিশ সংবাদপত্রের গড়পড়তা পৃষ্ঠার সংখ্যা হইতেছে ৬ হইতে ৮; নরওয়েতে গড়পড়তা পৃষ্ঠার সংখ্যা ১৪ হইতে ১৬ এবং আমেরিকার যুক্তরাষ্ট্রে ঐ পৃষ্ঠার সংখ্যা ২৪।

ব্রিটিশ দৈনিক সংবাদপত্রের মোট সংখ্যা ১২৯, রবিবারের পত্রের সংখ্যা ১৬, সাপ্তাহিক পত্রের সংখ্যা ১,১৬২ এবং অন্যান্য সাময়িক পত্রের সংখ্যা ৩,০০০।

বিশেষ (স্পেশাল) গ্রন্থাগার *

শ্রীগোবিন্দ ভূষণ ঘোষ, বি. এস্. সি ; ডিপ. লিব (ক্যাল)
গ্রন্থাগারিক, ভারতীয় ভূতত্ত্ব সমীক্ষা।

সাধারণ (পাবলিক্) গ্রন্থাগার এবং বিশ্ববিদ্যালয় ও কলেজ গ্রন্থাগার ব্যতীত আধুনিক বৈজ্ঞানিক যুগে আর এক প্রকার গ্রন্থাগারের সৃষ্টি হয়েছে। সাধারণতঃ এই বিশেষ ধরণের গ্রন্থাগারগুলিকে "বিশেষ (স্পেশল) গ্রন্থাগার" নামে অভিহিত করা হয়। ইউরোপে ও আমেরিকায় ইংরাজী উনবিংশ শতাব্দীর শেষভাগে ইহাদের সৃষ্টি হয় এবং বিভিন্ন বিজ্ঞান ও শ্রম শিল্পের ক্রম-বিকাশের সঙ্গে সঙ্গে বিংশ শতাব্দীর প্রথম ভাগেই এদের সংখ্যা অত্যন্ত বৃদ্ধি পায়। নিম্নলিখিত গ্রন্থাগার সমূহ এই প্রকার বিশেষ (স্পেশল) গ্রন্থাগারের শ্রেণীভুক্ত :—

(১) সংস্কৃতি ও গবেষণা-মূলক-সংস্থা সংশ্লিষ্ট গ্রন্থাগার

(২) সরকারী গ্রন্থাগার এবং বিভিন্ন প্রকার ব্যবসা বাণিজ্য ও শ্রমশিল্প প্রতিষ্ঠানের সহিত যুক্ত গ্রন্থাগারগুলি।

পৃথিবীর প্রায় সমস্ত দেশেই এইরূপ স্বতন্ত্র গ্রন্থাগারের সঙ্ঘ বর্ত্তমান আছে। বৃটেনে এস্‌লিব্ (এসোসিয়েসন্ অফ্ স্পেশল্ লাইব্রেরীজ্ এণ্ড ইন্‌ফরমেশন্ ব্যুরো), সার্কল্ অফ্ ষ্টেট্ লাইব্রেরীয়ানস্, ব্রিটিশ সোসাইটী অফ্ ইণ্টারনেশানল্ বিবলিওগ্রাফী, আমেরিকায় স্পেশাল লাইব্রেরীজ এসোসিয়েসন্, জার্ম্মানীতে প্রুশ্চিয়ান ষ্টেট্ কায় বিবলিও থেকেন্ সেন্, অষ্ট্রেলিয়ায় এসোসিয়েসন্ অফ্ স্পেশল লাইব্রেরীজ এণ্ড ইন্‌ফরমেশন্ সার্ভিসেস ইত্যাদি এই প্রকার গ্রন্থাগারের উন্নতি সাধনে সহায়তা করে।

এই প্রকার বিশেষ গ্রন্থাগারের নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি থাকা একান্তই প্রয়োজন :—

(১) অখণ্ডতা বা পূর্ণতা এবং বাধাবাধকতা,

(২) বহির্জগতের সহিত যোগাযোগ,

(৩) অবাধ সমালোচনা গ্রহণের যোগ্যতা,

(৪) পাঠকদের সহিত মেলামেশা ও সহযোগের ব্যবস্থা,

(৫) কার্য্য ব্যবস্থায় সূক্ষ্ম জ্ঞান বা বিচক্ষণতা,

এবং (৬) দ্রুততা অথচ নিপুণতা সহ কার্য্য সম্পাদনের ব্যবস্থা।

এই ধরণের গ্রন্থাগারগুলি সাধারণতঃ কয়েকটী সীমাবদ্ধ সম্প্রদায়কে সেবা করিয়া

---

* ভারতীয় ভূতত্ত্ব সমীক্ষার অধ্যক্ষের অনুমতিক্রমে প্রকাশিত—লেখক

থাকে। এই সকল গ্রন্থাগারের পাঠকদের শিক্ষা দীক্ষা বা জ্ঞান বুদ্ধি অন্যান্য গ্রন্থাগারের পাঠকদের শিক্ষা দীক্ষা বা জ্ঞান বুদ্ধি অপেক্ষা অধিকাংশ সময়েই উচ্চতর হয়।

সকলের দৃষ্টি পথে পড়ে এমন এক স্থানে এই সকল গ্রন্থাগারের পুরা নক্সা প্রদর্শিত করা প্রয়োজন। পাঠকদের এবং গ্রন্থাগারের কর্ম্মীদের বসিবার ও লিখিবার প্রচুর স্থান দেওয়া দরকার। গ্রন্থাগারের আসবাব পত্রাদি যাহাতে প্রয়োজন মত চলনশীল বা বিস্তার-যোগ্য হয় সেদিকে নজর রাখা আবশ্যক। এই সকল গ্রন্থাগারে গোপনীয় ও গোপনীয় নহে এই দুই প্রকারের উপকরণই রক্ষিত হইয়া থাকে এবং ফটোষ্টাট্ এবং মাইক্রোফিলম প্রতিলিপির ব্যবস্থার দ্বারা পাঠকদের কাজের সুবিধা করিয়া দেওয়া হয়।

গ্রন্থাগারের সুষ্ঠু পরিচালনার নিমিত্ত বিভিন্ন কার্য্য প্রণালী ও পাঠকদের নিমিত্ত বিভিন্ন নিয়মাবলী প্রচার করা কর্ত্তব্য। প্রতিষ্ঠানের প্রধান কর্ম্মকর্ত্তাদের সভায় পাঠাগারের কর্ম্মচারিগণ যোগদান করিতে পারিলে সুফল পাওয়া যায়। তাহা ছাড়া পাঠকদের সংখ্যা যাহাতে ক্রমশঃই বৃদ্ধি পায় সেদিকেও নজর রাখা একান্ত দরকার। বিভিন্ন কাজের সুবিধার জন্য বিভিন্ন রকমের ছাপানো ফর্ম ব্যবহার করা সঙ্গত।

নিজ নিজ প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্যের দিকে লক্ষ্য রাখিয়া এবং প্রতিষ্ঠানের বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞদের সহিত পরামর্শ করিয়া বিশেষ গ্রন্থাগারের পুস্তক ক্রয় করা উচিৎ। এই সব গ্রন্থাগারে প্রায় সর্ব্বদাই পুরাতন পুস্তক অপেক্ষা নূতনের চাহিদা ও উপযোগিতা অনেক বেশী। ইহাদের উপযোগী পুস্তকের মূল্য সাধারণতঃ অন্যান্য গ্রন্থাগারের পুস্তকের মূল্য অপেক্ষা বেশী। কাজেই নিজ নিজ এলাকার অন্যান্য গ্রন্থাগার হইতে পারস্পরিক আদান প্রদানের ভিত্তিতে প্রাপ্য পুস্তকাবলীর দিকে নজর রাখিয়া প্রত্যেক গ্রন্থাগারে পুস্তক ক্রয় করা উচিৎ এবং যতদূর সম্ভব নিকটবর্ত্তী গ্রন্থাগার সমূহের সহিত পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে পুস্তক আদান প্রদানের ব্যবস্থা প্রবর্ত্তন করা কর্ত্তব্য। দূরবর্ত্তী স্থানের এবং পৃথিবীর অন্যান্য দেশের গ্রন্থাগারের সহিত পারস্পরিক আদান প্রদানের ভিত্তিতে পুস্তক বিনিময়ের ব্যবস্থা করাও আবশ্যক।

গ্রন্থাগারিকের সাহায্যেই গ্রন্থাগারের সকল পুস্তক ক্রয় করা উচিৎ। বিশেষ গ্রন্থাগারের অন্তর্ভুক্ত বিষয়ের নূতন নূতন পুস্তক প্রকাশের সঙ্গে সঙ্গেই যাহাতে গ্রন্থাগারে তাহা পরীক্ষার নিমিত্ত পাওয়া যায় তাহার জন্য পুস্তক বিক্রেতা ও প্রকাশকদের সহিত প্রয়োজনীয় বন্দোবস্ত রাখা বাঞ্ছনীয়। পুস্তক অর্ডারের নিমিত্ত ছাপানো কার্ড ব্যবহার করিতে পারিলে ভালই হয়।

পুস্তক ব্যতীত বিশেষ গ্রন্থাগারে বিভিন্ন সাময়িক পত্রিকার প্রয়োজনীয়তা খুব বেশী। নিজ নিজ বিশেষ বিষয়ে প্রকাশিত কোন কোন সাময়িক পত্রিকা দরকার তাহা প্রত্যেক গ্রন্থাগারে পূর্ব্বেই স্থির করা আবশ্যক। কারণ এই বৈজ্ঞানিক ও শিল্পকলার যুগে এইসব সাময়িক পত্রিকায় বিভিন্ন বিষয়ের গবেষণার অতি আধুনিক ফলাফল প্রকাশিত

হইয়া থাকে। এইসব সাময়িক পত্রিকা বিভিন্নরূপে প্রকাশিত হয়। নিম্নে তাহাদের উল্লেখ করা হইল :—

(১) ব্যবসা সংক্রান্ত সাময়িক পত্রিকা,

(২) সংস্কৃতি ও গবেষণা মূলক প্রতিষ্ঠান সমূহ কর্তৃক প্রকাশিত পত্রিকা,

(৩) অন্যান্য সমিতি কর্তৃক প্রকাশিত পত্রিকা,

(৪) বিভিন্ন বাণিজ্য সঙ্ঘের পত্রিকা,

(৫) সরকারী কার্যালয়ের পত্রিকা।

এ ছাড়াও পুনর্মুদ্রিত গ্রন্থ ও পুস্তিকা কখনও কখনও প্রয়োজন বশতঃ অত্যন্ত মূল্যবান বস্তু বলিয়া এই সকল গ্রন্থাগারে ব্যবহার করা হয়। ইহাদেরও পৃথক পৃথক ভাবে ব্যবহার ও রক্ষা করিবার বিশেষ প্রণালী বা উপায় আছে।

প্রতি বৎসরের শেষে পত্রিকাগুলি প্রয়োজনমত ও নিয়মমত উপযুক্ত দপ্তরী দ্বারা বাঁধানো দরকার। কোন কোন গ্রন্থাগারে এই সব সাময়িক পত্রিকার আধুনিক সংখ্যাগুলি সাধারণতঃ পাঠাগারে (রীডিং-রুমে) প্রদর্শিত হইয়া থাকে। পত্রিকাগুলি বিভিন্ন দেশ অনুযায়ী, বা ইহাদের নামের বর্ণানুক্রমে বা শ্রেণী-বিভাগ অনুযায়ী সাজানো যাইতে পারে এবং পূর্ব্বেই এ বিষয়ে নিজেদের সুবিধা ও প্রয়োজনীয়তার কথা চিন্তা করা দরকার। সাধারণতঃ এগুলিকে পুস্তকের সঙ্গে না রাখিয়া পৃথক ভাবে অন্য এক স্থানে রাখাই সুবিধাজনক। প্রত্যেক পাঠাগারেই এই সব সাময়িক পত্রিকার পূরা একটী সূচীযুক্ত তালিকা থাকে। একান্ত প্রয়োজন এবং সম্ভব অনুযায়ী এর কপি বিভিন্ন পাঠাগারে ও পাঠকদের বিতরণ করার ব্যবস্থা থাকা দরকার।

ইহা ব্যতীত এই সব গ্রন্থাগারে রক্ষিত প্রকাশিত ও অপ্রকাশিত রিপোর্ট (বা সংবাদ পত্র), বিভিন্ন প্রকারের করস্পণ্ডেন্স্ (বা চিঠি পত্রাদি), পেটেন্ট্ স্পেসিফিকেশন্ (বা বিশেষাধিকার পত্রের স্বরূপ নির্দ্দেশ) প্রভৃতি আনুসঙ্গিক উপাদানাদি বৈজ্ঞানিক বা শিল্পজাত তত্ত্বপরীক্ষার বিশেষভাবে সাহায্য করে। এদের প্রত্যেকের রক্ষণাবেক্ষণ ও ব্যবহারের নিমিত্ত বিভিন্ন ধরণের পৃথক পৃথক নিয়মাবলী ও প্রথা আছে। এর সম্বন্ধে ভবিষ্যতে বিস্তারিত ভাবে আলোচনা করা যাইতে পারে। ইউরোপে ও আমেরিকায় এই ধরণের উপাদানগুলি এমন ভাবে তৈরী করিয়া সবিস্তারে ব্যবহারের জন্য রাখা হয় যাহাতে ইহাতে প্রকাশিত কোন সংবাদই যেন বৈজ্ঞানিকদের দৃষ্টি এড়াইয়া যাইতে না পারে।

প্রত্যেক মাসের নূতন পুস্তকের তালিকা, পাঠাগারের কর্ম্মসূচীপত্র এবং প্রয়োজনমত বিভিন্ন বিষয়ের গ্রন্থ-বিবরণী তৈয়ারী করা এবং ঐগুলিকে যতদূর সম্ভব বিতরণ করা কর্ত্তব্য। প্রত্যেক গ্রন্থাগারের অন্তর্ভুক্ত বিষয়ে প্রকাশিত সকল প্রবন্ধের অ্যাবস্ট্রাক্ট্ (বা সংক্ষিপ্তসার) প্রণয়ন করা এই সকল পাঠাগারের একটি বিশেষ কর্ত্তব্য।

উপরোক্ত কয়েক প্রকার উপাদান ব্যতীত নিম্নলিখিত দ্রব্যাদিও বিশেষ গ্রন্থাগারে সংরক্ষিত হয়।

(১) বিভিন্ন প্রকারের চিত্র (বা ইল্‌লাসট্রেশনস্),
(২) গ্রামোফোন রেকর্ড,
(৩) মাইক্রোফিল্ম,
(৪) ব্যবসা বাণিজ্য সংক্রান্ত ক্যাটালগ্ (বা তালিকা),
(৫) বিভিন্ন ফিল্ম,
(৬) মানচিত্র,
(৭) প্যাম্ফলেট জাইডস্,
(৮) নিউজ ক্লিপিংস্।

বিশেষ গ্রন্থাগারের পুস্তক ঋণ দেওয়া বা নেওয়ার নিয়মাবলী সহজ হওয়াই উচিৎ। এই ব্যাপারে প্রত্যেক পাঠাগারের নিজ নিজ প্রয়োজনমত আইন ও ব্যবস্থা থাকা দরকার।

সাধারণ বা পাবলিক গ্রন্থাগারের কার্য্য প্রণালীগুলি নিজেদের প্রয়োজন মত অল্পবিস্তর পরিবর্ত্তন করিয়া লইয়া বিশেষ গ্রন্থাগারে ব্যবহার করা যাইতে পারে।

জাপানের গ্রন্থাগারিক বৃত্তি শিক্ষা প্রতিষ্ঠান

গ্রন্থাগারিক ও গ্রন্থাগার কর্মীদের গ্রন্থাগার পরিচালন বিদ্যা সুষ্ঠুভাবে শিক্ষা দিবার উদ্দেশ্যে জাপানের শিক্ষা বিভাগ কর্তৃক ১৯২১ খৃষ্টাব্দে গ্রন্থাগারিক বৃত্তি শিক্ষা প্রতিষ্ঠান (Japanese Library Traning Institute) সংগঠিত হয়। এই প্রতিষ্ঠানের শিক্ষা কাল দুই বৎসর। উচ্চ বিদ্যালয়ের ডিপ্লোমা প্রাপ্ত অথবা কলেজের ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীদের বিনা খরচে এখানে শিক্ষা লাভের সুযোগ দেওয়া হয়। গ্রন্থাগার বিজ্ঞানের শিক্ষা ব্যতীত সংস্কৃতি, সমাজ ও প্রকৃতি বিজ্ঞানের কোন কোন বিষয়ে এখানে শিক্ষা দেওয়া হয়। এই প্রতিষ্ঠানে শিক্ষালাভ করিয়া প্রায় সাত শত ব্যক্তি দেশের বিভিন্ন সাধারণ গ্রন্থাগার অথবা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে গ্রন্থাগারিকের পদে ও অন্যান্য কার্যে রত আছেন।

স্বর্গত মুনীন্দ্রদেব রায় মহাশয়ের স্মৃতিসভা

বাঁশবেড়িয়ায় স্মৃতি তর্পণ

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, রবি-বাসর, ও মুনীন্দ্র স্মৃতি সমিতির যুক্ত উদ্যোগে বিগত ১৯ই কার্তিক, রবিবার অপরাহ্ণে বাঁশবেড়িয়া সাধারণ পাঠাগার হলে বাঙ্গালায় গ্রন্থাগার আন্দোলনের জনক স্বর্গত কুমার মুনীন্দ্রদেব রায় মহাশয়ের বার্ষিক স্মৃতি-তর্পণ অনুষ্ঠিত হইয়াছে। এই অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের পরিষৎ-পাল ডক্টর শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় সভাপতিত্ব করেন। ভারতের জাতীয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক শ্রী বি, এস, কেশবন অনুষ্ঠানের উদ্বোধন করেন। কলিকাতা, শ্রীরামপুর, চন্দননগর ও নিকটবর্তী স্থানসমূহ হইতে বহু সুধী ব্যক্তি ও কয়েকজন মহিলা সভায় উপস্থিত ছিলেন। মঞ্চের উপরে মধ্য স্থলে স্বর্গত রায় মহাশয়ের একটি আবক্ষ প্রতিকৃতি পুষ্পমাল্যে সজ্জিত করিয়া রাখা হইয়াছিল।

উদ্বোধন সঙ্গীতের পর সম্পাদক শ্রীতিনকড়ি দত্ত এবং তৎপরে রবি-বাসরের সম্পাদক শ্রীনরেন্দ্রনাথ বসু সকলকে সাদর অভ্যর্থনা জানাইয়া স্বর্গত মুনীন্দ্র দেবের স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করেন।

সভাপতি ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁহার ভাষণে রায় মহাশয় কিরূপ নিষ্ঠার সহিত গ্রন্থাগার আন্দোলনের প্রসারে আত্মনিয়োগ করিয়াছিলেন তাহার উল্লেখ করেন। তিনি বলেন, রবীন্দ্রনাথ যেমন নানাদেশ ভ্রমণ করিয়া সেখানকার সুধী সমাজে ভারতের দূত রূপে আসন লাভ করিয়াছিলেন, রায় মহাশয়ও পরিণত বয়সে স্পেনে আন্তর্জাতিক গ্রন্থাগার সম্মেলনে ভারতের প্রতিনিধিরূপে উপস্থিত হইয়া স্বদেশের মর্যাদা বৃদ্ধি করিয়া আসিয়াছিলেন। রায় মহাশয়ের স্মৃতি-রক্ষার জন্য যে কমিটি গঠিত হইয়াছে, তাহাতে কাজে সহায়তা করিবার জন্য তিনি সকলের নিকট অনুরোধ জ্ঞাপন করেন।

ডাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ডাঃ নীহাররঞ্জন রায়, শ্রীঅপূর্বকুমার চন্দ, শ্রীপ্রমীলচন্দ্র বসু, অধ্যাপক অমূল্যধন মুখোপাধ্যায়, স্বামী ভজ্ঞানন্দ প্রভৃতি বহু সুধী ব্যক্তি কমিটির সদস্য এবং শ্রী বি, এস, কেশবন ও শ্রীতিনকড়ি দত্ত সম্পাদক নির্বাচিত হইয়াছেন।

পশ্চিম বংগ সরকার ও গ্রন্থাগার

১৯৪৭ খৃষ্টাব্দ হইতে ১৯৫১ খৃষ্টাব্দ পর্যন্ত পশ্চিমবংগে সমাজ শিক্ষার যে সরকারী কার্য বিবরণী প্রকাশিত হইয়াছে তাহা হইতে জানা যায় যে প্রাপ্তবয়স্কদের সরকারী শিক্ষা কেন্দ্রে যে সকল ব্যক্তি শিক্ষা লাভ করিতেছে শিক্ষান্তে তাহাদের পাঠাভ্যাস বজায়

রাখার সুযোগ দানের উদ্দেশ্যে বিশেষ ভাবে নির্বাচিত কয়েকস্থানে কয়েকটি গ্রন্থাগার স্থাপিত হইয়াছে। ইহাদের প্রত্যেকটি গ্রন্থাগার চতুর্দিকের ৪।৫টি প্রাপ্ত বয়স্ক শিক্ষা কেন্দ্রে গ্রন্থাগারের চাহিদা মিটায়। এতদ্ব্যতীত প্রত্যেক প্রাপ্তবয়স্ক শিক্ষাকেন্দ্রে মুদ্রাক্তির এক একটি গ্রন্থাগার স্থাপিত হইয়াছে।

প্রাপ্ত বয়স্কদের শিক্ষা শেষে সাধারণ গ্রন্থাগারে তাহাদিগকে গ্রন্থাগারের সুযোগ দানের জন্য সরকার কর্তৃক অনেকগুলি গ্রন্থাগারকে সাহায্য দান করা হইয়াছে। ১৯৫০-৫১ খৃষ্টাব্দে ১১৯টি সাধারণ গ্রন্থাগারকে এই উদ্দেশ্যে ৭৬,১০০৲ টাকা অর্থ সাহায্য দেওয়া হইয়াছে। সরকারের নিজস্ব ১৪৫টি শিক্ষা-প্রসারণ প্রতিষ্ঠানের প্রত্যেকটিকে প্রায় ৩০০৲ তিনশত টাকার গ্রন্থ ও পত্রিকা দেওয়া হইয়াছে। সাধারণ গ্রন্থাগারগুলিকে তাহাদের অবস্থা ও কার্যকুশলতার মান অনুসারে তিন শ্রেণীতে ভাগ করিয়া এক এক শ্রেণীর অন্তর্ভুক্ত এক একটি গ্রন্থাগারের সাহায্যে যথাক্রমে ১২০০৲ টাকা, ৮০০৲ টাকা এবং ৩০০৲ টাকা মূল্যের গ্রন্থ ও অন্যান্য দ্রব্যাদি দেওয়া হইয়াছে।

ভারতীয় ভাষায় গ্রন্থাগারিক-বৃত্তি শিক্ষার প্রথম কেন্দ্র

বরোদার কেন্দ্রীয় গ্রন্থাগার বিভাগের উদ্যোগে ১৯১৩ খৃষ্টাব্দের ১লা এপ্রিল তারিখে গুজরাতি ভাষায় গ্রন্থাগারিক-বৃত্তি শিক্ষা দিবার এক কেন্দ্র খোলা হয়। ভারতীয় ভাষায় গ্রন্থাগারিক বৃত্তি শিক্ষা দিবার ইহাই সর্বপ্রথম প্রচেষ্টা। এই কেন্দ্রে পাঁচ মাসের জন্য গ্রন্থাগারিক বৃত্তি শিক্ষা দেওয়া হয়। যদিও বরোদা রাজ্যের গ্রাম ও সহরের গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের শিক্ষার জন্য এই কেন্দ্র প্রধানতঃ খোলা হয় তথাপি বরোদা রাজ্যের বা রাজ্যের বাহিরের শিক্ষার্থীদিগকেও এখানে শিক্ষা লাভের সুযোগ দেওয়া হয়। শিক্ষার্থী গ্রন্থাগারিকদের মধ্যে ২০ জনের জন্য মাসিক ১২৲ বার টাকায় ২০টি বৃত্তি দানের ব্যবস্থা হয় এবং অন্যান্য সকলকে বিনা বেতনে শিক্ষা লাভের সুযোগ দেওয়া হয়। শ্রীযুক্ত সি, ডি, দালাল মহাশয়ের উপর এই শিক্ষাকেন্দ্রের ভার অর্পিত হইয়াছিল।

গ্রন্থাগার সপ্তাহ

গ্রন্থাগার প্রচার সমিতির উদ্যোগে ও বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের সমর্থনে গত ৩১শে আগষ্ট হইতে এক সপ্তাহ কাল সারা ভারত গ্রন্থাগার আন্দোলন সপ্তাহ ও পুস্তক সপ্তাহ মহোৎসবের দ্বিতীয় বার্ষিকী উৎসব পালিত হয়। এই উপলক্ষে পশ্চিম বাংলায় বিশেষ করিয়া পল্লী অঞ্চলের সর্বত্র সাধারণ গ্রন্থাগারগুলির পরিচালকগণ নানা রকম সভা সমিতি বক্তৃতা আলোচনা প্রভৃতি দ্বারা এবং গ্রন্থাগার সমূহ পরিষ্কার ও পুস্তক পত্রিকা প্রভৃতি সজ্জিত করিয়া সমারোহের সহিত এই সপ্তাহ পালন করেন।

গ্রন্থাগার প্রচার সমিতির উদ্যোগে কলিকাতার ইণ্ডিয়ান এসোসিয়েসন হলে "আনন্দ বাজার পত্রিকা"র সম্পাদক শ্রীচপলাকান্ত ভট্টাচার্যের পৌরোহিত্যে ও গ্রন্থাগার আন্দোলনের নেতৃবর্গের উপস্থিতিতে এক সপ্তাহ ব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন হয়। উৎসবে কবি নরেন্দ্র দেব প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকেন। গ্রন্থাগার আন্দোলনের প্রয়োজনীয়তা এবং গ্রন্থাগার আইন ও কলিব্রাইট গ্রন্থাগার প্রবর্তন সম্বন্ধে অবহিত হইবার জন্য আবেদন জানাইয়া নেতৃবর্গ বক্তৃতা করেন। সমিতির কর্মিগণ সপ্তাহব্যাপী গ্রন্থাগার আন্দোলনের পতাকা দিবস (প্রতীক) পালন করিয়া অর্থ সংগ্রহ ও জনগণকে গ্রন্থাগারের দিকে আকৃষ্ট করিবার চেষ্টা করেন। গত ৬ই সেপ্টেম্বর তারিখটি গ্রন্থাগার আন্দোলনের দাবী দিবস হিসাবে পালন করা হয়।

কলিকাতা পাব্লিক লাইব্রেরী প্রতিষ্ঠা দিবস

গত ৩১শে আগষ্ট, (১৯৫২) তারিখে সাধারণ ব্রাহ্মসমাজ লাইব্রেরী হলে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের উদ্যোগে কলিকাতা পাবলিক লাইব্রেরীর (বর্তমানে ন্যাশনাল লাইব্রেরী) প্রতিষ্ঠা দিবস উদ্‌যাপিত হয়। পশ্চিম বঙ্গের শিক্ষামন্ত্রী শ্রীযুক্ত পান্নালাল বসু মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় সভার উদ্বোধন করিয়া বলেন যে তিনি আশা করেন, পশ্চিম বঙ্গে অনতিকাল মধ্যে বহুসংখ্যক গ্রন্থাগার স্থাপিত হইবে; এবং সেই সঙ্গে ভ্রাম্যমান গ্রন্থাগারও স্থাপিত হইবে। তিনি রাজ্য সরকারের পক্ষ হইতে গ্রন্থাগার আন্দোলনের প্রসার কল্পে যথাসম্ভব সাহায্য দানের প্রতিশ্রুতি প্রদান করেন। শিক্ষামন্ত্রীর বক্তৃতার পর জাতীয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক শ্রীযুক্ত বি, এস, কেশবন, সাংবাদিক শ্রীযুক্ত যোগেশচন্দ্র বাগল, যুগান্তর সম্পাদক শ্রীযুক্ত বিবেকানন্দ মুখোপাধ্যায়, ইউনাইটেড ষ্টেট্‌স্ ইনফরমেশন সার্ভিসেসএর গ্রন্থাগারিক শ্রীযুক্তা জেনি ফেয়ারওয়েদার, ব্রিটিশ কাউন্সিলের

শ্রীযুক্ত এ, বি, জেরার্ড ও পশ্চিম বংগ শিক্ষা অধিকারের সমাজ শিক্ষার প্রধান পরিদর্শক শ্রীযুক্ত নিখিলরঞ্জন রায় গ্রন্থাগার আন্দোলনের বিভিন্ন দিক ও সমস্যা সম্বন্ধে বক্তৃতা ও আলোচনা করেন। সভার শেষে পরিষদের সভাপতি শ্রীযুক্ত অপূর্ব কুমার চন্দ উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ব্রিটিশ ইনফরমেশন সার্ভিস ও ব্রিটিশ কাউন্সিলের সৌজন্যে গ্রন্থাগার আন্দোলন সম্পর্কে নাতি দীর্ঘ একটি ছায়াচিত্র প্রদর্শিত হইবার পর সভা ভঙ্গ হয়।

নিষিদ্ধ পুস্তক ঘোষণার প্রত্যাহার

৪২ বৎসর পূর্বে ১৯১০ খৃষ্টাব্দের ৫ই সেপ্টেম্বর তারিখে বাংলাদেশের তদানীন্তন প্রাদেশিক সরকার এক ঘোষণার দ্বারা গঙ্গাচরণ নাগ লিখিত ও প্রকাশিত এবং কলিকাতার ৩৬ নং বনমালী সরকার ষ্ট্রীটে কমলা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রিত "রাখী বন্ধন" নামক পুস্তকের সকল সংখ্যা বাজেয়াপ্ত করিয়াছিলেন। গত ১৬ই সেপ্টেম্বর তারিখে পশ্চিম বংগ সরকার এক বিজ্ঞপ্তি দ্বারা ৪২ বৎসর পূর্বের ঐ ঘোষণা বাতিল করিয়া দিয়াছেন।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক বিদ্যায় ডিপ্লোমা পরীক্ষার ফল

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৫২ খৃষ্টাব্দের লাইব্রেরীয়ানশিপের ডিপ্লোমা পরীক্ষায় নিম্নলিখিত পরীক্ষার্থীগণ উত্তীর্ণ হইয়াছেন :—

(কৃতিত্ব সহ, গুণানুসারে) (with distinction)

শম্ভুনাথ বন্দ্যোপাধ্যায়, রাখালচন্দ্র চক্রবর্তী বিশ্বাস।

সাধারণ ভাবে উত্তীর্ণ (Pass)

ইন্দুপ্রসাদ সেন, চিত্তরঞ্জন চক্রবর্তী, চিন্তামন বামন দাতার, প্রবালকান্তি দাশগুপ্ত, সুশান্ত কুমার সেনগুপ্ত।

নিখিল ভারত গ্রন্থাগার সম্মেলন

আগামী ১লা জুন হইতে নিখিল ভারত গ্রন্থাগার সম্মেলনের দশম অধিবেশন হায়দরাবাদ সহরে অনুষ্ঠিত হইবে বলিয়া ভারতীয় গ্রন্থাগার পরিষদ স্থির করিয়াছেন।

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের প্রতিষ্ঠান-সভ্যের বার্তা ও বিবরণ

দমদম্ লাইব্রেরী ও লিটারারী ক্লাব

চল্লিশ বৎসর পূর্ব্বে দমদম্ নিবাসী স্বর্গীয় উপেন্দ্রনাথ সেন, স্বর্গীয় কেশবচন্দ্র হাজরা, শ্রীজ্ঞানেন্দ্রনাথ দত্ত ও শ্রীকৃষ্ণ কুমার গুপ্তের চেষ্টায় এই গ্রন্থাগার আজ ২৪ পরগণার মধ্যে অন্যতম শ্রেষ্ঠ গ্রন্থাগারে পরিণত হইয়াছে। বর্ত্তমানে ইহার সভ্য সংখ্যা ১২৫। চাঁদার হার মাসিক ছয় আনা। গ্রন্থাগারে সর্ব্বসাধারণের সুবিধার জন্য ফ্রী রিডিং রুমের ব্যবস্থা আছে। ইহার বাংলা পুস্তকের সংখ্যা ৪০৫০, এবং ইংরাজী পুস্তকের সংখ্যা ১০৪২। গ্রন্থাগারের সহিত সংশ্লিষ্ট যে লিটারারী ক্লাব আছে তাহাতে প্রতি মাসে জনহিতকর কার্য্য ব্যতীত শিক্ষা, শিল্প, সাহিত্য বিষয়ক আলোচনার ব্যবস্থা আছে। গ্রন্থাগারের বার্ষিক আয় (১৯৪১-৪২) মিউনিসিপ্যাল গ্র্যাণ্টসমেত ১৯২২৶০ আনা এবং বার্ষিক ব্যয় ১৬৯৭৷৶ আনা।

গত ৩০শে আগষ্ট গ্রন্থাগারের চত্বারিংশৎ বার্ষিকী প্রতিষ্ঠাদিবসে প্রখ্যাত শিশু সাহিত্যিক শ্রীঅখিল নিয়োগী কর্ত্তৃক গ্রন্থাগারের কিশোর বিভাগের উদ্বোধন হয়। অতি অল্প সময়ের মধ্যে ইহার সভ্য সংখ্যা দাঁড়াইয়াছে ৪২ ও পুস্তক সংখ্যা ২০০।

পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা অধিকর্ত্তা মহোদয় ২৪ পরগণা জেলার সামাজিক শিক্ষা অধিকারিকের মারফৎ ১৯৪০-৪১ সালে ৮০০৲ টাকা মূল্যের পুস্তক ও একটি বেতার যন্ত্র এই গ্রন্থাগারকে দান করিয়াছেন। দমদম্ মিউনিসিপালিটি ও সাউথ দমদম্ মিউনিসিপালিটি পুস্তক ক্রয়ের জন্য যথাক্রমে বাৎসরিক ৩০০৲ টাকা ও ২৫৲ টাকা গ্রন্থাগারকে প্রদান করিতেছেন। গ্রন্থাগারের আজীবন সদস্য শ্রীশচীন্দ্রনাথ সেন গ্রন্থাগারভবনটি গ্রন্থাগারকে দান করিতে স্বীকৃত হইয়াছেন। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের পুরাতন প্রতিষ্ঠান সভ্যদের মধ্যে দমদম্ লাইব্রেরী ও লিটারারী ক্লাব অন্যতম।

বালিয়াড়িয়া সাধারণ পাঠাগার
হীরক জয়ন্তী-উৎসব

বালিয়াড়িয়া সাধারণ পাঠাগারের ষষ্টি বৎসর পূর্ত্তি উপলক্ষে ১৯৪১ খৃষ্টাব্দের ডিসেম্বর মাসে গ্রন্থাগারের হীরক জয়ন্তী-উৎসব দুইদিন ব্যাপী অনুষ্ঠানের মধ্য দিয়া মহাসমারোহে উদ্‌যাপিত হয়।

'বন্দেমাতরম' সংগীত দ্বারা উৎসবের উদ্বোধনের পরে পাঠাগারের সভাপতি শ্রীত্রিনকড়ি দত্ত উপস্থিত সুধীমণ্ডলীকে স্বাগত সম্ভাষণ জ্ঞাপন করেন। রাজা ক্ষিতীন্দ্র দেব

রায় মহাশয় পাঠাগারের ঐতিহ্য ও বাঁশবেড়িয়ার সংস্কৃতির সম্বন্ধে একটী নাতিদীর্ঘ ভাষণ দেন। তৎপরে পাঠাগারের সম্পাদক ও জয়ন্তী উৎসবের সাধারণ সম্পাদক শ্রীধনঞ্জয় কুমার কর পাঠাগারের এক তথ্য ঘটিত কার্য্যবিবরণী পেশ করেন ও পাঠাগারের গত ৬০ বৎসর ব্যাপী কার্য্যের একটী বিবরণ দেন।

সুসাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন। তিনি তাঁর ভাষণে বলেন যে যন্ত্রযুগ তার দানবীয় প্রভাব বিস্তার ক'রে মানুষের সূক্ষ্ম অনুভূতিকে পিষ্ট ও ক্লিষ্ট করে দিচ্ছে। তার ফলে মানুষের কৃষ্টি ও সংস্কৃতি আজ ব্যাহত হলেও যন্ত্রযুগ সংস্কৃতির গতিরোধ করতে পারবে না।

জয়ন্তী উৎসবের মূল সভাপতি পণ্ডিত ক্ষিতিমোহন সেন শাস্ত্রী তাঁর জ্ঞানগর্ভ ও স্বভাব সুলভ মধুর ভাষণে পাঠাগার ও পাঠাগার কর্মীদের কর্তব্য সম্বন্ধে অবহিত করেন। বাংলা দেশের তথা ভারতের পাঠাগার আন্দোলনের সঙ্গে বিদেশের পাঠাগার আন্দোলনের একটী মনোজ্ঞ তুলনামূলক আলোচনা করেন। তিনি আমাদের দেশের পাঠাগার আন্দোলনের গৌরবোজ্জ্বল অতীতের কথা উল্লেখ করেন এবং আমাদের দেশে এই আন্দোলনের ভবিষ্যৎও যে বিশেষ আশাপ্রদ এই আশা ব্যক্ত ক'রে তাঁর ভাষণ শেষ করেন।

অতঃপর শ্রীভূপেন চক্রবর্তী তাঁর পরিচালিত "বাংলার লোক সংগীত" মাধ্যমে বিভিন্ন জায়গার ও বিভিন্ন সময়ের লোক সংগীত দ্বারা সমবেত ভদ্রমহোদয় ও মহোদয়াগণকে আপ্যায়িত করেন।

দ্বিতীয় দিনের অনুষ্ঠানে স্বর্গীয় মুনীন্দ্রদেব রায় মহাশয়ের স্মৃতি সভায় ও জয়ন্তী উৎসবের শেষ অধিবেশনে পশ্চিমবঙ্গ সরকারের গণশিক্ষা বিভাগের অধিকর্তা শ্রীনিখিল রঞ্জন রায় পৌরোহিত্য করেন।

উপস্থিত ভদ্রমণ্ডলীর মধ্যে অনেকে স্বর্গীয় মুনীন্দ্র দেব রায় মহাশয়ের স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি প্রদান প্রসঙ্গে পাঠাগার আন্দোলনে রায় মহাশয়ের দান সম্বন্ধে বিশদ আলোচনা করেন। সভাপতি মহাশয় তাঁর অনুপ্রাণিত ভাষণে রায় মহাশয়ের প্রশংসনীয় কার্যকলাপের উল্লেখ করেন।

উৎসবের কার্যসূচীর শেষ অধ্যায়ে একটী মনোজ্ঞ সংগীতানুষ্ঠানের আয়োজন করা হয়। হুগলী চুঁচুড়ার বিশিষ্ট গায়ক গায়িকারাই অনুষ্ঠানে অংশ গ্রহণ ক'রে উপস্থিত জনমণ্ডলীকে সংগীত পরিবেশন করেন। তৎপরে কথায় ও গানে "বিবেকানন্দের" জীবন কাহিনী প্রচারিত হয়।

অধিবেশনে শেষে জয়ন্তী-উৎসবের প্রদর্শনী বিভাগের উদ্বোধনের সংবাদ ঘোষিত হয়। জয়ন্তী উৎসবের স্মারক চিহ্ন হিসাবে এই উপলক্ষে একটী "স্মারক গ্রন্থ" প্রকাশিত হয়।

মাধব স্মৃতি পাঠাগার (হাওড়া)

মাধবচন্দ্র ঘোষ হাওড়ার খুব বড় ব্যবসায়ী ও দানবীর ছিলেন। তাঁর মৃত্যুর বিশ বৎসর পরে ১৯১৭ সালে সাধারণ পাঠাগারের প্রতিষ্ঠা ক'রে তাঁর স্মৃতিরক্ষার ব্যবস্থা করা হয়।

মাধববাবুর পুত্র ক্ষীরোদচন্দ্র ঘোষ এবং পৌত্র শীতলচন্দ্র ঘোষ দ্বিতল ইমারত তৈরি ক'রে লাইব্রেরীকে দান করেন এবং প্রথমেই পাঠাগারের জন্য ৯৯০ খানা ইংরেজী ও ১১১১ খানা বাংলা ও সংস্কৃত পুস্তক আর লাইব্রেরী চালু করবার মতো আসবাবপত্র দান করেন। লাইব্রেরীর ক্রম বর্দ্ধমান সভ্য ও পাঠকদের দাবী মেটাতে পরিচালকমণ্ডলীকে প্রথম বৎসরেই ২৪০ খানা বাংলা বই কিনতে হয়েছিল, পাঠাগারে রাখতে হয়েছিল ১৪ খানা দৈনিক ও সাময়িক পত্র আর লাইব্রেরীর সভ্য-সংখ্যা দাঁড়িয়েছিল ১৩৯ জন। তখন লাইব্রেরীর খরচ চলত সভ্যদের চাঁদায় আর হিতৈষীদের দানে। প্রথম থেকেই মিউনিসিপ্যালিটি লাইব্রেরী পরিচালনের জন্যে মাসিক ৫০৲ পঞ্চাশ টাকা করে অর্থ সাহায্যও করে চলেছেন।

আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে চলছে এ লাইব্রেরী। কার্ডে লেখা গ্রন্থ-তালিকা রয়েছে গ্রন্থাগারের—যাবতীয় পুস্তক ডিউই প্রবর্ত্তিত দশমিক বর্গীকরণ (ডেসিমল ক্লাসিফিকেশন) নিয়মানুযায়ী বিষয়ে বিভক্ত।

পাঠাগারের সহিত সংশ্লিষ্ট একটি 'পাঠচক্র' আছে। এর উদ্যোগে নানা বিষয়ে আলোচনা, বক্তৃতা ও ছায়াচিত্র প্রদর্শনের ব্যবস্থা হয়ে থাকে। এ ছাড়া মনীষীদের দ্বারা লাইব্রেরীতে বক্তৃতার আয়োজন করা হয়ে আসছে একেবারে গোড়ার দিক থেকেই। স্যার সর্ব্বপল্লী রাধাকৃষ্ণণ, মহেন্দ্রলাল সরকার প্রভৃতি মনীষীরা বক্তৃতা করেছেন এ লাইব্রেরীতে। লাইব্রেরীতে ছাত্রদের বিতর্ক সভা বসে মাসে একবার ক'রে। লাইব্রেরীর বর্ত্তমান কার্য্যকলাপের মধ্যে 'স্মারক' নামক হাতে লেখা পত্রিকার প্রকাশ অন্যতম।

লাইব্রেরীর পক্ষ থেকে নিরক্ষরতা দূরীকরণ অভিযান ও বয়স্ক শিক্ষা পরিকল্পনা বর্ত্তমানে গৃহীত হয়েছে। এবং সেই পরিকল্পনাকে কার্য্যকরী করবার জন্য যথারীতি কার্য্যক্রম রচিত হয়েছে ও স্বেচ্ছাসেবক বাহিনী গঠিত হয়েছে।

বর্ত্তমানে পাঠাগারের খরচ চলে সভ্যদের চাঁদা, গ্রন্থানুযায়ীদের দান, মিউনিসিপ্যালিটির অর্থ সাহায্য ও বাড়ীর নীচের তলার ভাড়া থেকে। লাইব্রেরীর কার্য্যকলাপ বৃদ্ধি পাওয়ায় বর্ত্তমান দোতলা বাড়ীর উপরে তৃতীয় তলা নির্ম্মাণের প্রস্তাব চলছে ও সেজন্য একটি কমিটী গঠিত হয়েছে।

লাইব্রেরীর বর্ত্তমান সভ্যসংখ্যা ২৮৪ জন ও পুস্তক সংখ্যা ৯০০০ হাজার। সভ্যদের 'ক' ও 'খ' শ্রেণীর বার্ষিক চাঁদা যথাক্রমে বারো টাকা ও ছয় টাকা; আর শ্রেণী নির্ব্বিশেষে জমা পাঁচ টাকা। 'ক' শ্রেণীর সভ্য এক সঙ্গে দুইখানি, ও 'খ' শ্রেণীর সভ্য এক সঙ্গে একখানি বই নিতে পারেন। পাঠাগারে সর্ব্বমোট দৈনিক ও সাময়িক পত্রিকা রাখা হয় ছাব্বিশখানা।

পাণিহাটি বান্ধব পাঠাগারের সুবর্ণ-জয়ন্তী উৎসব

পাঠাগারের পঞ্চাশৎ বৎসর পূর্ণ হওয়ায় এপ্রিল মাসে ইহার সুবর্ণ-জয়ন্তী উৎসব অনুষ্ঠিত হয়।

এই উপলক্ষে প্রভাতফেরী, শাস্ত্রীয় পূজার্চনা, পতাকা উত্তোলন, পরলোকগত কর্মীদের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন; পাঠাগারের ইতিকথা আলোচনা, প্রাচীরচিত্র ও ছায়াচিত্র প্রদর্শন; নাট্যাভিনয়, ও ব্যায়াম কৌশল ও যাদুবিদ্যা প্রদর্শন; আবৃত্তি প্রতিযোগিতা; গীতবাদ্যানুষ্ঠান, বক্তৃতামালার ব্যবস্থা করা হইয়াছিল।

প্রতিদিন সকাল ও সন্ধ্যায় সাংস্কৃতিক অধিবেশনে বিভিন্ন বিষয়ে ভাষণ দেন অধ্যাপক শ্রীত্রিপুরারি চক্রবর্ত্তী, অধ্যাপক শ্রীপ্রশান্ত কুমার বসু, অধ্যাপক শ্রীমহীতোষ রায়চৌধুরী, শ্রীবতীন্দ্র মোহন দত্ত, শ্রীবীরেন্দ্রকৃষ্ণ ভদ্র, শ্রীনৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়, শ্রীমনোরঞ্জন ভট্টাচার্য্য, শ্রীফণীন্দ্র নাথ মুখোপাধ্যায়, শ্রীসুশীলকৃষ্ণ ঘোষ, প্রভৃতি বিশিষ্ট ব্যক্তিগণ। অধ্যাপক শ্রীরামকৃষ্ণ শাস্ত্রী মহাশয় শাস্ত্রীয় অনুষ্ঠানাদি সম্পন্ন করেন। সংগীতাংশে অংশ গ্রহণ করেন বিশিষ্ট গায়ক গায়িকাগণ যথা:—শ্রীতরুণ বন্দ্যোপাধ্যায়, শ্রীশান্তি সান্যাল, শ্রীপারুল দেব, শ্রীসন্তোষ মুখোপাধ্যায়, শ্রীগোবর্দ্ধন মুখোপাধ্যায়, শ্রীমীরা বন্দ্যোপাধ্যায়, শ্রীনিভা মুখোপাধ্যায় এবং অন্যান্য স্থানীয় বিশিষ্ট শিল্পীগণ।

